রাঃ ঐ তাল পোস্ত ॥ ভবের বাজারে এশে কিনি বিকী নিবিরে । আশারি পশারি হেতা রয়েছে দোসারিরে ধূঃ ॥ এহাটে সে গঞ্জনাঞ্চী, রিপুরি প্রাধান্য তাই, নয়ন মুদী দৃকান ঝাঁপী দেখ কিছু নাইরে । এবে সাতি হবে কেবা, বেশাতি বা আছে কিবা, তবেহয় ভাঙ্গাইতে পারো যদি মোহরে ॥ রাঃ ভৈরবী তাল ধামার ॥ আগমনি ॥ আনিয়ে দেহ প্রাণ উমারে ধূঃ ॥ মনো কেমন করে কিহলোআমারে । কত দিন দেখিনাই, মা মা বাণী শুনি নাই, রয়ে রয়ে মনে পড়ে সে গুণধামারে ॥ যেদিগে সে দিগে চাই, উমারে দেখিতে পাই, আঁখি আগে দেখি সেই সর্ণ প্রতিমারে । এই জেন জয়াদাসী, দ্রুত আসি হাসি হাসি, বলে ঘরে নেও তোমার শিবের বাঁমারে ॥

রাঃ ললীত ভৈঁরো তাল মধ্যমান আড়া হোরি ॥ আও পীতম প্যারে তোন শঙ্গ খেলোঁ হোরি, জাতরএন বিতি মোকো ননদীয়া বোরি, হাম ঙ্গল কামিনী, ইহঘন জামিনি, মুরলি কি ধূন শুনি বনি আওরি বাত্তরি । আবির কেশুর রঙ্গ, লিএসব সখী শঙ্গ, রঙ্গহিঁ খেলঙ্গি রঙ্গ অঙ্গপর অঙ্গভারি ॥ রাঃ ললীত তাল মধ্যমান ॥ মন মধুকর, কোন মধুকর অন্যেসন মধুপূরিতো আলয় আছেতব কাম্যবন ॥ ধূঃ ॥ বিষয়কে আর পাতে, একে আরো হবে তাতে, রজতম এদয়েতে সত্ত্ব হবেনা গ্রহণ ॥ রাঃ ঐ তাল যত আর আড় ॥ আগমনি ॥ গিরি সে কি ভুলে রৈলে, গিরিশে, বলে পাঠাবে ॥ ধূ ॥ নৈলে সেতো আশুতোষে কিবলে উমা আশিবে । জামাতা সে গুণনিধি, মিলাএ দিয়েছে বিধি, এ করুণা শুনিলে তার করুণাহরে । তিন দিন রেখে ঘরে, ফিরে পাঠাব উমারে, সাধে সাধকিবা করে, শিব বাক্য কে লঙ্ঘিবে ॥

রাঃ ঐ তাল সয়ারি ॥ অথ বামন রূপং ॥ আরে আরে ভজমনো । অদিতি নন্দন, বামন মন হারি রূপে, বলীরেছলিলে একি লীলে করিলে সৃজন ॥ চরণ নলিন সুধা সুরধুনি পাবন, ত্রিভূবন জনত্রান কারণ কারণ, ভজ ॥ রাঃ কেদারা তাল ঠেকাজলদতেতালা ॥ দ্বাদশরাশীতে গীত ॥ মেষ১প্রায় অসুরে মারে, বৃষভ২পতিরপরে, মিথুন৩ রূপে একে রে । ধূঃ । বিকটককর্টাকারে৪, জটাশটাছটাধরে, বঙ্ককটা ভেদকরে, সিংহ৫নাদ হুহুঙ্কারে । কুল কন্যা৬ রূপে কেলে, তুল্য নাই সেরূপ সনে, তুলা৭ কোটী শ্রীচরণে, বৃশ্চিকের৮আকারে । ভ্রূধনু৯অপাঙ্গ শরে, কর্ণ কুণ্ডল মকরে১০, বিন্ধিয়ে রেখেছে তারে, গণ্ডস্থলে শোভাকরে ॥ কুচকুম্ভ১১ঘটদ্বয়ে, স্থাপিয়ে রাখি হৃদয়ে, মীন১২ কেত্ত নিজালয়ে থাকি শিবে যোগকরে । দ্বাদশরাশির স্তব, করে শিবা মহোৎসব, ত্রাণ পা । মহত সব, বিনাশি পাপ রাশীরে ॥

রাঃ টৌড়ী তাল জলদ একতালা ॥ বলি মন ভ্রমরে কিধ্যানে বাগানে ॥ অতি সুমনে প্রতি সুমনে মধুর তানে মধুর তানে ॥ তাল আনারস, ফল নানারস, নারিকেলী কলা মান কেমনে ॥ যামনে বঝিলে, রসাল শ্রীফলে, ভুলে সদত গেলে না কেনে ॥

রাঃ আশাওরি তাল একতালা ॥ আগমনি ॥ নগ, নগর বাসিরে এসময় এই কর উপ কার ॥ ধূঃ ॥ কৈলাশেতে গিয়ে, শিবেরে মাগিয়ে, এনে দেহ প্রাণ উমারে আমার ॥ হলো বৎসরাবধি, ভাবি নির বধি, তদ বধি পাইনাই শমাচার । একে স্বামি সে পাষাণ, শরির অশান, উমাবিনে গৃহ শ্মশান আকার ॥ রাঃ আশাওরিটোড়ী তাল যত এবং ফেরতা ॥ হোরি ॥ রৌঙ্গভরি শারি ব্রজকী আঙ্গনমে, রচোরি হোরিকি ধুম মাচারি কুঞ্জনমে ॥ থেমটাতে কাঁহানৌন্দলালন চুপকে ছেপকে গেও । হামছব গোওালনকি বালন খেলনকো আইও ॥ প্রথম তাল ॥ এত জনুনাতট, ওত বংশীবট, ভাঁতি ভাঁতি পূছী ধুলি ফুলনমে । ইতকো ফুকারো, অন্তন যাঁও, ভনক পরেগী, তো কানকিকানমে ॥ রাঃ ঐ তাল আড়ামধ্যমনে ॥ আশারে ওরে, যারতরে আশাহেতো ভালো বাশা হলোনারে । যে তোমার স্থূলকায়, সঙ্গেতে লইবে কায়, পায় পায় অনুপায়, শঙ্গিকেউ হলোনারে ॥ রাঃ তাল ঐ ॥ রসনারে ওরে রসনারে কেন সদাকালী নাম রসে । তেজ অন্য আলাপন নামেকর প্রাণপন, যতবল যোগ বল সম্বল শিবেরসে ॥ রাঃ সাহানী তাল আড়া মধ্যমান ॥ হোরি ॥ বাদী হামারি ভেই ঘরকি ননদীয়া । পীয়াছোঁ রঙ্গহোঁ হোরি খেলন নদীয়া ॥ ধূঃ ॥ মরমকি বেদন, ভেদ না জানত, ছেরত বাত নগর বৃন্দাবন, নগর কুসুম বন, রঙ্গ ছোঁরঙ্গি আপন, কোয়েনা বোলত, মেরোমন উকলত, পবন চলত লিয়ে মুরালিকি ধুনিয়া ॥ রাঃ ঐ তাল মধ্যমান ॥

বিষম বিষয় সন্নিপাতে ঘেরিলো তোমারে জ্বরজ্বর কলেবর ডাক বৈদ্যনাথেরে ॥ প্রলাপ অলাপ কর্ত্ত, করোহএ অবিভূত, কিসে করিবে রহীত, ঘোর আশা পিপাশারে । সৈবে কিরে এজাতনা, বিষাক্ত বটী সেবনা, গুরুগুণগান পথ্য পীবে সৌর ভীত নির ॥ এইমত আয়ুর্ব্বেদ নির্ব্যাধি হলে নির্বৈদ্য, পরিনামে শিবপূজী ভুঞ্জাইবে বৈষ্ণবেরে ॥ রাঃ আলাইয়া তালঐ আগমনি ॥ সপনে হেরিয়ে উমায় প্রাণ বিদরো সে ভুলে রবেকেমনে যেজারে ধরে উদরে ॥ জেন সেই সর্ণলতা, বিধুমুখ নির্ম্মলতা, গলে ধরি বলে কথা মাবলে ডাকে আদরে ॥

জেন নানা উপহার, উমার করিছে আহার, কোলে করি গুহ গজানন দুই সহোদরে, যে আনন্দ নিদ্ বেশে, চাক্ষুশে কবে হবেসে, শিবের দয়াহলেসে, পাঠাইবে সমাদরে ॥

আলাইয়া তাল আড়ামধ্যমা আগমনি ॥ ঐ এলোউমা, তোমার, ভবনে, অচেতনে ধরাশ নে মেনকা কেনকান্দিছেঃ ॥ ধ্রুঃ ॥ হেরগো হেরম্বে, কিকাজ বিলম্বে, তোমারো উমারোঙ্গমারে

চাঁদে পেএছ ।। রাঃ তালমধ্যমান ঐ ।। হিমধরাধর কেমনে পরাণধর, নাহেরে উমারে সেঁধদন সশোধর ।। ধুঃ ।। আশারো কি পথচাও, আমারে যদি বাচাও, আপনি আনপে উমা সঙ্গে করি গঙ্গাধর ।। তাল আড়া ঐ শ্রীকৃষ্ণের পূর্ব্বরাগ শখা ।। শুবলোবলো সখাহে সে ধনীকে জানিবটে ।। ধুঃ ।। প্রতিদিন হেরি তায়, যমুনায় নায় ঘাটে। সুবর্ণ জিনিয়েবণ, বর্ণনেতে হারে বর্ণ, সেইসেযে বটে আমি যা দেখেচি চিত্রপটে ।। কালিন্দির জলজল, রুপেতে করে উজল, হেরি ভরি আখিজল, বংশীবটের নিকটে ।। সেরাধাপ্রকৃতি ধন্যে, গোপী রূপী অবতির্ণ, শিব শুকনারদ জারনাম বেদেরটে ।।বিভাষতাল মধ্যমান ঐ ।। জানি, জাওহে কেশব এশব তবকে শবে ।। ধুঃ ।। এখন ।। কৈতব সেভাল বাশা,যদি,কৈতবেকৈভব কবে ।। নিশিছিলে জাকেলয়ে, ফিরেযাও তার আলয়ে, এখানে দেখিলে বক্কুকলঙ্কভাশিবে শবে ।।

তাল টুমরি বরডা হোরি ।। আবমেঞ কেয়ছে নিকছো, হোরিকি ধুন মচি। রংগিয়াভংগিয়া ছঙ্গিয়ামিলে, রংগিছারিবংগছো ।। গোঙ্গল মণ্ডল, রঙ্গেরাঙ্গভেল, লালাকি খেলনছো ।। জিয়ারা কম্পত, মণউঝলত, মুরলী কিধুনিছো। আনন্দহিঘন, শ্যামদরশন, ডরহুননদীছো ।।

রাঃ তালঐ ।। শুধু, পরসোনাহলো ।। ধুঃ ।। কলঙ্ক তাহার তরে তারে পরশনাহলে, লোকে হলোজানাজানি, আমিকভু যানাজানি, আমার সে চিন্তামণি তাতো পরশ নাহলো ।।

রাঃ তাল ঐ ।। অন্নদায়ডাকি তাইগো, অন্নদায় রাখমোরে ।। ধুঃ ।। কাল অতিতোপাছে বল, আমায়, পতিত অতিতোহেরে। ত্রিলোক তব অতিথি , নাঞি তোমার অদিন অতিথি, জঠোর যন্ত্রনায় বেচে, তোমার, শিব উপাশনাকরে ।। অন্নদায় রাখোমোরে,

রাঃ তাল খেমটা ॥ ঐ মুরহর, হর বেশে ।। ধুঃ ।। কেনে, নিধুবনে এশে প্রবেশে। কিবে ।। সেজেছে ভৈরব, বদনে রাইবর। সরকি। শিবের ভিক্ষা ছলে লবেসে ।।

রাগ বাগেশ্রী তাল মধ্যমান ॥ সোড়ষী১৬ সারদ পঞ্চদশী১৫ শশীবদনী ।। ধুঃ ।। চতুর্দশ১৪ ভুবনেশী অশী ত্রয়োদশী১৩ তারকে, দ্বাদশী১২ রাশী নয়নী একাদব১১ রুদ্রাণী, দশবিদ্যা১০ রূপিণী, নবরাশী৯ রূপজিনি অষ্ট৮সিদ্ধি প্রদাইনী ।। সপ্তস্বরা৭ মইবানি, ষড়ঋতু৬ বিনাষিণী, পঞ্চম৫ শরক নাদিনী চারু৪চারি নিকর পানি, ত্রিনেত্রা৩ নৃত্য পরায়ণী দুই২ পক্ষে রক্ষ শিবে একাক্ষর১নিবাশিনী ।। তাল একতালা পরজ অথধুমাবতীরূপং ।। একাকে, কাকের ধ্বজরথ আরোহিণী। ধুমাবতী ভগবতীধুমাধরণী ।। ধুঃ ।। বিষখাইতে নাহি জলায়, বামাবামকরেকরি জলায়, হেলায় দক্ষিন করহেলায় সুবিস্তার বদনী ।। জীর্ণা শীর্ণা বপু অবঅবা, বৃদ্ধা বিধবা কতইবয়বা, পবনহিল্লোলেস্তনদ্বয়দোলেজগজনজননী, অন্নদায় এজেদেখি অন্নদায়,মৃত্যুঞ্জয় জায়া বৈধব্য দশায়, পাগল হলোশিব এইঅভিপ্রায়, গৃহিণী পাগলিনী ।।

বৈঙ্গটবাসী যশোরাসি ধার্ম্মিকবর ঈশ্বরকাশিনাথ গঙ্গপাধ্যায়তৎপুত্র শ্রীযুক্তবাবুকালী দাসগঙ্গপাধ্যায়শ্রীযুক্তবাবুজয়গোপালগঙ্গপাধ্যায়শ্রীযুক্তবাবুনীলকমলগঙ্গপাধ্যায়শ্রীযুক্তবাব দিগাম্বরগঙ্গপাধ্যায়তস্যনমধ্যেজেষ্ঠপুত্র শ্রীযুক্তবাবুকালীদাসগঙ্গপাধ্যায়বিরচিতগানপারম্ভঃ॥

রাগ ভৈয়রোঁ তাল হরি ॥ কেওকামিনী, সম্বমান বাসিনী, শোভিত অলক্তরেখা চরণ দুখা নী। দ্বিভুজা কৃটীকরে, অভয়া সভয়া বরে, আশুতোষহৃদিপরে ॥ বিহারকারিণী, মাভৈঃরবে হুহুঙ্কার করে শিবে, নাচিছে ভবানী ভবে শিব শিমন্তনী। দ্বিজ কালিদাসে কয়, মনঃমজঐ পায়, নারহিবে ভব ভয় শিব বাক্য জানি ॥ রাঃ তাল ধিমে।

তারো তারা নিস্তানিণী। ভব ভয়ে অভয়ে মাতৈলক্ষ তারিণী ॥ বরদে বরদা বামা। সরণ লয়েছি শ্যামা ॥ গতি হনে গুণ ধামা দিও চরণ দুখান ॥ ক্ষেমারূপে ক্ষেমং করি। চরমে তে চিত্রেশ্বরী ॥ দিয়ে তারা পদ তরী। রেখো চৈতন্য রূপিণী ॥ কালীর অন্তরে কালী। নৃত্য করো নৃত্যকালী ॥ অন্তকালে রক্ষেকালী। ভেবেযেন জায় প্রাণী ॥ ঐ ॥ আশা পথে রেখে প্রাণ রজনী প্রভাত করে প্রভাতে দহে মন, ভানু উদয় আকাশে, দেখিয়ে মনঃহুতাসে। নারহে অন্তরে বাসে, ভাবিয়ে অদর্শন ॥ রাঃতাল ধিমে ॥ মিলন শুখ না ফলিতে অঙ্ক রেতে পোহাইল জামিনী। রজনী প্রভাতে রবির উত্তাপে শুখ মলীন তখনি ॥ অনেক যতনে, বারিব শুর্জ্জনে, নিযুক্ত নয়নে রাখি অঙ্গনি ॥ রাঃভৈরবী তাল কওালী ॥ বলবল ভবানী বাণী। বদনে, তা ভাবনা ২ কেন মনে, ধিক২ ওরে মন, গেল২ বরে দিন আশা কিছুনাহি দেখি জীবনে সঙ্করি শিবানী শ্যামা, বগলা বরদা বামা, তা ভাবনারে তারে নারেং২কং কালী নামসার জার পর নাই আর ভাব নারে কেন ॥ রাঃ ভৈরবী জলদ ॥ ভুল নারে ভোলামোন শেষের সেদিন, কখন ঘেরিবে আসি কৃত্তান্ত সমন। নিরাকার দৃততায়, হৃদিকম্পদেহ হয়, তেজদম্ভ নাহিরয়, ধরাতে সয়ন ভূত পলায়ে যায় জীবাত্মা হরিয়ে লয় শূণ্যদেহ পড়েরয় ে জে বন্ধুগণ কালীবলে তারে ভাব, যে নাশিতে ভবনাভব, অনাসেকালেকাটায়সহায়শ্রীচরণ ॥

রাঃ ভৈঃতাল ধিমে ॥ কেন ভুলমনঃ তারে অনিত্য ভাবিয়ে নিত্য আছে মায়াঘোরেতেজ মায়াদম্ভ গুণ, ভাব সত্য নিরঞ্জন, নারহিবে এহদিন সমন সংহারে, স্পন্দে স্পন্দমিসইবে বাক্য মুখে নাসরিবে পঞ্চ ভূত পলাইবে, পড়িবে ফাপোরে, কালী বলে এই বেলা ছাড়রেঅ নিত্য খেলা ভাব মন গিরিবালা মন অক্য করি ॥ ঐ আড়া ॥ তারিণী হবে গো তারি তে, ধরেচ নিস্তারিণীনাম জীবনিস্তারিতে, তবতত্ত জ্ঞানী যারা, মুক্তিপদ পায় তারা, নির্গুনে ভজন হারা আমি তো জগতে, দয়ামই নাম গুণে ভরসা আছে গো মোনে, নামে গতিবিহনে ন্যরবে পতিতে কালিদাসে কৃপাকরি, দিএতারাপদ তরি, অন্তেযেনরূপহেরি নয়ান মুদিতে ॥

রাঃ ভৈং আড়া ॥ কিলাগিএ শশী মুখি মলিন হেরি বদনো, তবে বুঝি শশী ভ্রান্তে রাহু আকর্শন, চকোরের আশা বারি, পুর্নচাদে পূর্ণ করি, রাহু হয় তাহে অরি শুধাবিনাদহেমনো

রাঃ সিন্ধু আড়া ॥ মিছেকেন মধুকর কণ্টক কেতকীফুলে। অঙ্গহিন হবে তব রজো পঙ্কে পরশিলে, যাওহ শুধাকর, শুধাপদ্মে পান কর, বিকোসিত শশধর, হুমোদ সলীলে ॥

রাঃ ভৈরবী জলদ তেতালা ॥ মায়াতে ভুলিয়ে রাণী ভাবকেন অনিবার, জগতজনী যিনি তিনি নহে কন্যাকার, ইচ্ছামই ইচ্ছাকরে, সৃষ্টির সৃজ্জন করে, তুমিকি রখিবে তারে সাধ্য কিতোমার। ইন্দ্রাদি দেবগণ, ভাবে সেই শ্রীচরণ, বধিতে অসুরগণ শরণ লইলজার ॥ দ্বিজ কালিদাসে ভনে, বৃহ্মমই ত্রীভূবনে, ছাড়া নহে কোন খানে, ভেবে দেখসার ॥

রাঃ ভৈং জলদ তেতালা ॥ পুনুকী হেরিব সখী সে বিধুবদন, সপনেহেরিয়া বধি যে হরিল প্রাণ, কখন চিনিনে তায় ঘটনা হইল দায়, ঘটাইতে প্রাণ চায়, একী অলক্ষণ। মনের যে আকিঞ্চন; করে তারে অন্বেষণ, লজ্জা তাহে সর্ব্বক্ষণ করএ বারন ॥

রাঃ তাল ঐ ॥ বলিতে যে মনেরি কথা বিরলে নাহিক পাই, কদাচ মিলনহ একাকিনী তা হেনাই। ক্ষেনেক মিলন হয়, যদিবা কখন তায়, বলিতে যে মনে হয়, অভিমানে ভুলেযাই ॥

রাঃ ভৈং জলদ তেতালা ॥ কেনরে আইলে প্রাণ রজনী অন্তে, নিরাশয়ে সর্ব্বরিছিলাম ও শুখেতে। হেরে যে মলিন মুখে, বিদরিয়ে যায় বুক, উপজে বিরহ দুঃখ চলুং আঁখিতে ॥

রাঃ ঐ ধিমে তেতালা ॥ প্রকাশ নয়ানেতে বল জাইরে, শশীযে হইল অন্তে অরুন উদয়তে। চকরী বাঞ্ছিত হয় পরোস্পরমিলনেতে ॥ শুখ আশে নিদ্রাতে, রএছ কপটেতে, মিলন প্রমদে হলে প্রাণ, রবির প্রভাবে, ভানূতে কলঙ্ক হবে শুখ অরি নামেতে ॥

রাঃ ঐ তাল জত ॥ মোনে মোনে মন করে চুরি, কেমনে রহিলে প্রাণ দুঃখিনী পাসরি, কব কায় প্রাণ যায়। অদশনে মরী, লোকের গঞ্জনে সহেনা গোপাণে সেইজালায় জলিয়ে মরি।

রাঃ শিন্ধু ভৈরবী তাল জলদ ॥ ভাল আছে তুমিরে প্রাণ সেই তোরে ভাল, তব শুখে মম হৃদি পফুল্ল হইল, আমার মিলনে প্রয়েছিলে জালাতন হও, মনমতনিধি পায়ে সে দূখ ঘুচিল জাহার শুংখেতে শুখী হইয়াছ বিধুমুখীঃ যেন নাহি দেয় ফাকি প্রমাদ রহিল ॥

রাঃ ঐ তাল হরি ॥ সখী তার বিহনে, কে বুঝিবে আমা হএ বিচ্ছেদেরিসনে, মদনেরি পঞ্চবানে, খরসান হানে প্রণে, নিষেধ নাহিক মানে নিবৃত্তি কাননে ॥

রাঃ সিন্ধু ভৈরবী জলদ তেতালা ॥ উচ্চৈশ্বঃরেডাকি মাগো শুনিয়েকেন শুননা, অরুণঅঙ্গজ ভয় এড়াতে বাশনা, হয়ে থাকে দোয জদি, ক্ষেম মাগো পুত্র প্রতি, তনয়ের আবদার, মাব ই সহেন, হুপুত্র যদি মাথাকে, জননীনাত্যেজে তাকে, তবে কেন মমপ্রতি নাহল করুণা, কালী

বলেতেজ ভয়, রাখমন রাঙ্গাপায়কিকরিবে সমনে তায় যে করে সাধন ॥

রাঃঐ আলায়া জলদ তেতালা ॥ নিস্তার মাগঙ্গে মক্ষদাইনি, ব্রবমই ভাগিরথী ভিষ্মের জননী, হরের মনহারিণী, হরমৌলা নিবাসিনি, জাহ্নবী ত্রাণ কারিণী, মকর বাহিনী, অবনি মুণ্ডলে আসি ঐরাবৎ করিনাসি, ভক্তেতে দয়া প্রকাশি, সলিল আপনি, কালী দাসেএই উক্তি, নাজানি ভকতি স্তুতি, তোমার সলিলে গতি, দিওগোতারিণী ॥

রাঃ তাল জলদ তেতালা ॥ তারা হবেগো তারিতে, যে দেখি মা ভবনদী বহিচে বেগেতে। কেমনে হইব পার, নাহি হেরি তারিবার, কে হইবে কর্ণধার, নাপাই দেখিতে ॥ গুরু দত্ত অতিধন, তাওনাহয় সাধন, কিবলিও শ্রীচরণ সহায় মনেতে, কালীদাসে কৃপাকরি, ভব নদী পার করি, দিয়ে তারা পদতরী রেখ চরনেতে ॥ রাঃ তাল ঐ ॥

একাণ্ড সঙ্কর যাতে শঙ্কর লইয়ে, বিনয় কিফল বল উমারে রাখীএে এত শুনি রাণীধায় পাগলিনী সমপ্রায়, উমারে বিলম্বে দেয় শঙ্করের হাতেদিয়ে, গিরিপুরি শূণ্য হেরে, সনিতে কিরাণী পায়ে, নয়ানেতে বারিঝুরে, উমানাদেখিয়ে, কালীবলে ভাবমিছে, উমাসদা বিরাজিছে, তাহার কি বিদাও আছে দেখনা ভাবিয়ে ॥ রাঃ নলীত জলদ তেতালা ॥

রসনা বাসনা শদা ডাকিমাতোমারে, মনবাধ্য, নহে সাধ্য তিলেক অন্তরে মায়াতে চেতন হয়ে, দারাপুত্র নিত্য করে, স্নেহ বাড়ে মোহ ঘোরে, তাহার উপরে নিস্তার যে গতি বিহনে, শুনি পায় নায় গুনে, সেইআশে অভাজন, ডাকিগো কাতরে, কালীবলেএই বেলা, তেজরেঅনিত্য খেলা মনে জপ সেই মালা প্রেমোভক্তি ডোরে ॥ রাঃ তাল ঐ ॥ অন্তরে অন্তর করে নুজনী কেমনে ছিলে, অন্য আশা পুরাইলে কি একাকী বঞ্চিলে, বিনিদোষে দুসিকরে, বিছেদেরে সনাদরে রাখিলেহে হৃদি পরে, আশাতে নিরাশ হলে ॥ রাঃ তাল ঐ ॥ প্রভাতা হইবে বুঝি শুখের নবমী নিশী। আকস্মাৎ মলিনা কেন হেরি উমার মুখোশশী ॥ প্রফুল্লিত উমা দেখে। তিনদিন ছিলাম ও শুখে ॥ বিসাধে পড়ে বিপাকে পসিল দুঃখের রাসী। আয়গোমা আয় গোকোলে ॥ ডাকি মুখে মা২ বলে। দশমী প্রবল হলে, নইবে শঙ্কর আশি, কালীবলে একিদায়, শুখের জানিজায়, উমারে বিদায় দেয় রাণীলএপুরবাসী ॥

ঐ ॥ ওহে শীখরদিন হের শুল পাণি। নবমী নাহতে শেষ আইল আপনি কিকরি২ বল, বুঝিনিসী পোহাইল দশনী প্রবলা নল, দহিবেঅমনি, লয়ে গেলে উমাধনে, অন্ধহব দনয়নে, কি ফল রেখে জীবনে, যেজীবন পরাণী ॥ কহেদ্বিজ কালিদাসে, কিকাজ আর গৃহবাসে, চলযাই হরপাসে, রাখিতে শিবানী ॥ ঐ ॥ কিসাধে বিসাধ আছে করিলে বিধাতা। নবমী নাহতে শেষঃ আইল জামুতা ॥ জামতা হেরিয়ে রাণী, সিরেকরাঘাৎ হানী, ধরাসনে

তে অমনি হইল পতিত, একথা কহিব কায়, উদরে ধরেছিজায় তারে গো দিতে বিদায়, নাহি সহতো কালী বলে কালএ, নবমী নিসিপোহাল, বিদাওযে দিতে হল উমাশর্ণলতা হেরনিরিহর আলো শঙ্করী লইতে, বৃষব বাহনে জান ঢুলিতেং, কিকরিং বল, নবমী নিশি পোহাল, দশমী পুবলা নল, উত্তাপনারি সহিতে, বলেরাণী পড়ে ধরা চক্ষে বহে বারি ধারা, লএজাবে আঁখি তারা, পুঃনু কি পাব দেখিতে, কালী বলেএকিদায়, সহিতে কি পারে মায়, হিদি বিদরিয়ে যায় উমারে বিদায় দিতে ॥

কি হবে চঞ্চল হলে থাকিতে জামিনী, অস্তহবে শশী জাবে, ভানুআশি প্রকাশিবে, নিরাশ তখনি হবে ওহে গুণমনি, সসোধারা নিদ্রাভরে রএছহে হিদিপরে, ফেলিতে বিচ্ছেদ নিধি জতন এখনি ॥ রাঃ বাহার বাগেশ্বরী জলদ তেতালা ॥ যাও বিন্দে মাধবে আনিতে কৃষ্ণবিনে শূন্য হয়ে নাপারি সহিতে ॥ ছিলাম যে মান করে। সাধিয়ে গিয়েছে ফিরে ॥ মান গিএ অবশেষে, হলো যে ঝুরিতে, দিননাথে বলে গিয়ে সাধিবো ধরিএ পায়ে, বিলম্ব হইলে পরে পাবেনা দেখিতে ॥ শিন্ধু বাহার তাল হরি ॥ তারোকি এমন হও সখি প্রাণ। আমার হও যে মন মনের যন্ত্রণা এতো। কিছুই নাজানে সেতো ॥ মমসম কতো সতো। আছে যে তারো অধিন ॥ রাঃ তাল ঐ ॥ সখী সেকি তা ভাবে, আমি যে পেয়েছি দুঃখ তারি অভাবে, তারিরূপহেরে সদা মনঝরে, ভুলিতেনাপারি। জরংপ্রাণস্থির কেকরিবে ॥

রাঃ সিন্ধু ভৈরবী তাল জলদ তেতালা ॥ তোমারে সোঁপেচী প্রাণ শুখেরি কারনে। তবে কেন দুখলাভ অদরশন বানে ॥ যখন হেরিবদন, শুধালাভ হও জ্ঞান, নাহেরিলে জ্বালা তন, হওরে পরানে ॥ ঐ ॥ কিফল জীবন রেখে বিচ্ছেদ হুতাসনো, দাবানল সম প্রায়করয়ে দাহনো, হেরিলে সেমুখশশী, তবেতো আনল নাসী, শুধালাভে দিবেনিশী সিতল জীবন ॥

ধানী ভৈরবী তাল ঐ ॥ কিকরে লোক গঞ্জনায়, যাহার গঞ্জনে প্রাণ সদাস্পৃহা হয়। সেরূপ অন্তরে আসি, যাগিতেছে দিবা নিশী, প্রঃজলীত দিপ্ত শশী, সরতেরি পায় ॥

যজিএ শুখেরো আসে, সে যাহারে ভাল বাসে, তেজেকী মিছি হুতাশে, শুনেচ কোথায় ॥ বাহার তাল ঐ ॥ মধুযুক্ত ফুল হেরি তারার চরণে, মনমকোরন্দে হয়ে আকিঞ্চন পানে নপুর বাজে পায়েতে, কোকিলের গুণসরেতে, ঘুনুং ঘুঙ্গুরেতে, দোলাও পবনেতে, মলয়াপবন তার, যোজন করয়ে পার ভকোতে দেখিতে চায়, হিদয় কাননে, কালীর সাধ মনেতে, পাদ পদ্ম সাজাইতে, হিদিপদম কমলেতে, মান যেতে এনে ॥

কিহেরিলাম অপরূপ শ্যামা মাএর পায়, সুদিয়ে নয়ানে দেখি তিমির লুকায়, নপুরেশশী নিসায়, ঘুঙ্গুরে নক্ষত্র হল ক্ষিনচন্দ্র পকাশিল অলক্ত আভায় ॥ প্রঃজলিত দিপ্তমানি,

শোভিতপদদুখানি, দিনমনি প্রায়, কালীবলে সেই পায় মন মিসাইতে চায়, এড়াইব কাল ভয়, মোক্ষেতে আশয় ॥ ঐ বসন্তেজিহরে হেরী বাক্যবাদিনী। সরস্বতী বেদকর্ত্রী পীনাদ ধারিণী কমলজে সরোবরে, প্রস্ফুটিত পদ্মপরে, বসিয়ে বিরাজকরে, বিঘ্নবিনাসিনী সেতবস্ত্র পরিধানী, দ্বিভুজা সেতবরনী, সরদেবরদেবানী মহাবিদ্যাত্তিনীকহে দ্বিজকালীদাস আর কিছু নাহি আশ, পাইতে করিপৃহাস চরণদুখানি ॥

রাগ ঐ বাহার তাল জলদ তেতালা ॥ বসন্তে কমলাদেবী বিহরে কমল বণে, তরুণ সরোরুমিন্দে, বিরত শুভ্রু বরণে, সেতাম্বুজে বেদোরাধ্যা, সকল বিভব সাধ্য, শোভিত যে পাদপদ্মের কমল চরণে। পুস্তক বিনাধারিনী, দ্বিভুজাবাক্য বাদিনী, সারদে বরদে বানী, স্থিতিপদ্মাসনে ॥ কালীদাসেএই উক্তি; শুনগোমা সরস্বতী, সিদ্ধহবে মন মতি তোমারসাধনে ঐ ॥ এই আসি বলিএ প্রাণ কোথাগো রহিলে, আশা সিন্ধু নিরে ফেলে যেমন ভুলিলে। পথ নিরক্ষীএ প্রাণ, অনিমিখ দুনয়ন, বিলম্বেতে হলজ্ঞান, অন্য আশা পুরাইলে ॥ তবে বুঝি অনুভাবে, কারো আশ্বাস থাকিযে, নতুবা কি ভূলে বয়ে আগুবস হইলে ॥

নানা রঙ্গে ফুটফুটেচে কুষম কাননে। এমন সময়ে নাহি রসময় নিকেতনে ॥ মল্লিকে মালতি জাতি মধুকর মত্ত অলি হেরিয়ে কাতর প্রাণ সখা অদরসনে। নিঃসহায় নারীপাএ মলয়া পবনে দহে, কিবলী ধৈর্য্য সহায়ে বুঝিব কেমনে ॥ তাল হরি ॥

একোকিলে ঝঙ্কার ওরে আর করণা, হতেছে যাতনাধিক, মলয়া পবনে দহিচে আবার। ভ্রমরারিগানে, জর২ প্রাণে থর২ কম্পানিত, নাথের বিহনে, হতেছে আমার ॥

করিকি এখন অনিবার ওঝঙ্কার করে কাল কোকিলে যে জ্বালাতন, বিরহিনি নারী হয়ে, উভএত্রাসপেএ, অনঙ্গে দহিচে অঙ্গ, বিনেসেই প্রানধন ॥ সোহেনী তাল জলদ তে০ ॥

হৃদয় কমল বনে বসাএ শ্যামা মায়, ষটপদ্ম ভেদ করি দেখ ওরে তাএ, হৃদিপদ্মে স্থান দিএ, করপদ্মে সাজাইএ, দেখ আখীপদ্মে দিয়ে, কিবা শোভে তায়, ষটদলদ্বিদলে বেষ্টিত সহস্রদলে, সেই পদ্ম পায়েদিলে তবে ভ্রম জায়। কালীবলে ডাক তারে, স্নেহভক্তি ঐক্য করে, যন্ত্রণা যাইবে দূরে জাবে কাল ভয় ॥ রাগ তাল ঐ ॥

জগদ্ধাত্রী অপরূপ জগতমোহিনী। যোগাসনে বিরাজিত আদ্যসোনাতনী ॥ রক্তাম্বরপরিধানে, তদুপরিযোগাসনে, কমলা কমলাসনে বসিয়ে তারিণী ॥ চতুর্ভুজ স্বর্ণ আভা, ত্রিনয়নে কিবা শোভা, চরণে কৈবল্য প্রভা, ভুজঙ্গ ধারিণী। কালি বলে ওরে মন, যোগে কর আরাধন, জগদ্ধাত্রী শ্রীচরণ, নির্ব্বান তখনি ॥

সরণালয়েছি বলে হলে গোকৃপণ। পাসান নন্দিনী বলে তারিতে পাসান ॥ আমারে কি

দিবেধন, নিজে তুমি বিতরণে, আশপাব আকিঞ্চন চাহিলো চরণ ॥ বিদিত জগতে এই ভব নাম করে যেই, মক্ষ পদপায় সেই, বেদেত্রি লিখন। কালীর মনের সাধ পাইব যুগল পদ, ঘুচিবে মাৎসর্য্যপদ, সফল জীবন ॥

কোন অপরাধে প্রিয়ে তেজিলে আমায়। কহ দেখি বিধুমুখী সরূপ কথায় ॥ তোমার না গিয়ে মরি, তুমিযে ভাব চাতরি, তবে বুঝি আছে অরি, ভাবেতে বুঝায় ॥

আসার অধিনে প্রাণে বিলম্ব সহেনা। মিলন হইতে বুঝি এদেহ রবেনা ॥ আমি ভুলি পর দেতে, মনযে ভুলেনা তাতে, কামিনী বিহনে কান্ত ধৈর্য্য যে হয়না ॥ সোহেনী বাহার ঢিম

কালের আতঙ্ক বহে সংসারনীরে, নাবিক নাহিক হেরিযেতে ভবসিন্ধু পারে ॥ জীবনের আশনাই, অনিত্য দেখিতে পাই, কেমনে পাইব তরি স্নেহ বদ্ধ মন করে ॥

হতেছে আতঙ্ক প্রাণ বিচ্ছেদ নীরে, কেমনে হইব পার, ভাবিতেছিনিরান্তরে। একে পরাধিন নারী, কিবলি ধৈর্য্য কাণ্ডারী, পারেকি যাইতে পারি নিরাসয়ে আশাকরে ॥

তাল তেতালা ॥ কোথা রহিলেহে সাধের বংসিধারি। তোমাবিনে বসন্তে দহে জল নারী তাহে কর তুমিহে চাতরি, কোকিলের কুহুরবে, পাপীয়া ডাকে বারেং ভ্রমর গুঞ্জরে আপন উল্লাস পরে, আমরা জলনারী ॥ সহানা জলদ ॥

কাতর হয়েছ সখা অধিনীর প্রতি, সদাকের নানা স্থানেএকেমন রিতি ॥ সুজনের চিতনয় অধিনী বধিতেহয়, মরি তাহে নাহিদায় ঘুসিবে অখ্যাতি। কাতরে নিদয় হলে, ভাসিবেহে দুখানলে, কে তোমারে সিখাইলে বধিতে যুবতী ॥

পরের অধিন প্রাণ যান যদি মনেতে। তবেকেন আকিঞ্চন বিরহিনী দহিতে ॥ কোথাও সিখেচ প্রাণ, দহিতে, যে পরমন, পিশুন আছে বিড়ম্বন হবে যে বারিতে ॥

গৌড় সারং তাং জং তেং ॥ হেরিয়ে কামিনী, তিমির বরনী, কটিতটে কর প্রণি বাজিচে কিংকিনীং বিপরিত তাহে অতি, পতি হৃদি পরে সতী, হইয়ে নগনী ॥ এলকেশী চত্তুভুজা, মেয়ে হয়ে রণসজ্জা, বিশাল বদনী। কালী বলে ওরেমন, ভাবসেই শ্রীচরণ, নির্ব্বান দাইনী ॥ মোলতান তাং জত ॥ যদিরে যাবেরে মন তারা দরসনে। বিসয়ে বৈরাগ্য হয়ে, ভাব সেই শ্রীচরণে ॥ মায়ানদী নাহি তরী, হতে হবে পার তারি, আর কে আছে কাণ্ডারি, গুরুদত্ত ধন বিনে। নিবির্ত্তিরে সঙ্গে করি, কালি নামে করেতরি, কালী শুধাপান করি, দেখরে চিন্তার সনে। সুবাতাস বয়েবায় কালিদাসে ত্রাস পায়, নাদেখিকোন উপায়, সাধন বিহিন জনে ॥ তাল ঐ ॥ অবাজ্য মন পতঙ্গ উড়িয়ে বেড়াও মিছে। অন্তর পিঞ্জর দেখ কালী সুধা তাহে আছে ॥ ভক্তি গুট দিয়ে খাবে, অন্য খুধানারহিবে, নয়ানে দেখিতে

পাবে সকলি জিভার কাছে ॥ ধৈর্য্য হয়ে নির্জ্জনেতে বস মন হাত্ত পরে, দেখিবে হৃদয় মাঝে, কালিরূপ বিরাজিছে। কালীর মনের গতি, চঞ্চল স্বভাব অতি, নাদেখে অন্তরপতি, মিছামিছি খুজিছে ॥ বারোয়া ঠুমরী ॥ সংসার অকূল নদী পারে যেতে বাসনা কালী নামে করে তরী সেন্ধা হালিধরোনা, মানবদেহ পাইয়ে, সুবাতাস যায় বএ, গুরু দত্ত পালিদিয়ে ধজিমার রসনা ॥ কালি দাসে ভয়করো, কালীনামে ডঙ্কামার, তরিযাবে অনি বার, যেখানে ঠিকানা ॥ রাগ ঐ ॥ ওগো পাসানের মেয়ে কেমন করুণা। যত ডাকি মা২ বলে শুনিয়ে শুননা ॥ ঐখেদে কাঁপে হিএ, মাহএ নাদেখ চেএ, পাষান নন্দিনী হএ দেওকী যন্ত্রণা। দয়াময়ই নাম ধরে, দয়াহিন হলে পরে, এঅধম কিসে তরে জননী বলনা ॥। কালীবলে তোমাবিনে, নিস্তার পাব কেমনে, স্থানপেলে শ্রীচরণে এড়াবো যন্ত্রণা ॥

বারঅা তাল ঠুমরী ॥ ভাবরে আমার মন শ্রীনাথের চরণ। অনাসে এড়াবে তাহে ভবের বন্ধন, ভক্তিভাবে আরাধন, দিবানিসী করমন ভকতের ভগবান ॥ যে করে যতন, দিনান্তে বারেক ডাকো, সেন্ধা ভক্তি তাহে রাখ পাইয়ে অন্তেতে শুখ, এড়াবে সমন, কালীদাসে দিনবন্ধু পার করো ভবসিন্ধু লয়েছি সরন ॥

বুঝি গেল২ প্রাণ সখী জীবনআমার। বিচ্ছেদ যাতনা দুঃখ সহেনা যে আর ॥ তাহার বিরহানল, দহেযেন দাবানল, নিসাইয়ে মনানল, দহেঅনি বার ॥ পুরবী তাল জত ॥

ডাকোদুর্গা বলে, মন আছ ভুলে, মায়াতে পড়িয়ে ॥ মনমানসেতে ডাকো, মুদিয়ে নয়ানেতে দেখ, নারহিবে ভবদঃখ, যাবেরে তরিয়ে ॥ কালীবলে গেল দিন, পরমাউ তাহে ক্ষীন, তবু মায়া ঘোরে অধিন আছরে হইয়ে ॥ গৌরী তাং জত ॥

তদগদ চিত্ত হয়ে ডাক মন অভএ। হৃদিমন্দীরে বসাইয়ে ভাব নয়ান মুদিয়ে ॥ শুকদত্ত অতিধন, ভক্তিভাবে দিয়েমন, নিয়ত কর সাধন, বিরলে মগনাহয়ে। তন্ত্রেতে এই উক্তি, বিনাসেই শিব শক্তি, আর নাহি গতি মুক্তি, কাল যায় পলাইয়ে ॥ কালী বলে শ্যামা মায় যন্ত্রণা নাহিকোসয়, তাহে আমি দুরাসয়, দিন গেল যে বহিয়ে ॥

কেন সখী বল মোরে নিষ্ঠুর বচন। ভাল বাসা দুখ বই শুখ অপ্পক্ষণ ॥ ইহাতে কি মন বুঝে নাকরো বারন। যে যার অন্তরে থাকে, কেমনে ভুলিবে তাকে, তিলঅদ্ধনাহিদেখে অধৈর্য্য যেমন ॥ ধন ঝিঝুঁয়াটি তাল আড়া ॥ সিদ্ধি দাতা গণপতী মুষক বাহন একদন্ত গজানন সিন্দুর শোভন ॥ চারি ভুজ দেবরাধ্য, গণপতি সিদ্ধবিদ্যা, সঙ্খচক্র গদাপদ্ম করেতে ধারণ। খর্ব্বাক্রিতি তন স্থূল, মস্তকে শোভে কুণ্ডল গণ্ডে সৈল্য ব্যালোলো ভালে শ্রীলোচন। কালীদাসে গণপতি, সিদ্ধি করো মনমতি, অন্তেযেন হওগতি ওহে গজানন ॥

কালীরূপ কিহেরিলাম মুদিয়ে নয়নে, চতুর্ভুজা ত্রিনয়না তিমির বরনে, অসিমুণ্ডচয় করে অভয়াবরদাবরে। ধরাতে ধরনী ধরে, পতীত চরনে, কাটামুণ্ড ভূতিকোণে গাথি পারিজলদেহে কিবাশোভে এলকেশে. যেএইরূপ এরূপে, কালীবলে মানবেচেতু, মমছিল সওতাতে, কি হইল ফিরে ভে নাপাই ধ্যানে ॥ তাল একতালা॥ নিস্তারিণী নিস্তার আমায়, ভবে সমনেরই দায়। সাধন বিহিন জনে, রাখ কালী শ্রীচরণে, রবিশুত দুত আসী, করে লতে চায় ॥ চঞ্চল মন সদত, স্নেহ বদ্ধ অবিরত, সাদনার আরসেত বল নাহি হয়। দ্বিজকালি দাসে ভনে, দিনগেল অকারনেতরিব সাধন বিনা নাদেখি উপায় ॥ তাল খিমা ॥ ভাবমন শ্যামাপদ বিফল জিবন আছে তাহেকোল ভয় সদাসর্ব ক্ষণ। পলকে পুলও হয়, অনিত্য সকলি পায়, নিসির সপন ॥ সংসারেবৈরাগ্যহয়ে, মায়াজাল কাটাইয়ে, শ্যামাজালে পড়গিয়ে কাটাইবেকাল ভয় হবে দুব্য জ্ঞান, কালীবলে ওহে মন, ভাব শ্যামা শ্রীচরণ নাহইবে বিড়ম্বন কাটাতে বন্ধন ॥ তাল আড়া ॥ কেনং সখী আমার অস্থির যে মন বিচ্ছেদ হইবেবুঝি তাহারি কারন। ওই ভয়ে ত্রাস করি অন্তরে ঝুরিএ মরি, পুকাশিতে নাহি পারি, ঝুরে দুনয়ান ॥

শুখ সাধ না পুরিতে দাহন হইল বিচ্ছেদঅনল আসি হৃদয়ে পসীল। মনের আকিঞ্চন মিলনে যুড়াব প্রাণ, বিধি তাহে বিড়ম্বন সমুলে ঘুচিল। প্রেমেরে অঙ্কুরহতে, মন উত্তাপেতে দাহনতে সমুলেতে নিবার দহিল ॥

উঠমন নিদ্রাতেজী হওরে চেতন। সংসার ভোজের বাজী হও নিরঞ্জন ॥ এই হয় এই যায়, আপ্তদেহ আপ্তনয়, বেদের বাজীর প্রায়। নিসির সপন, আমারং বলে, দমে আছ সব ভুলে, সেই দম ফুরাইলে. তেজেবন্ধুগণ ॥ কালীবলে মনতোর, নাপুরে বিসয় ঘোরে কালীরূপ চিন্তাকরে, করতে সাধন ॥ ঐ॥ ভাবিহে অন্তরে অস্থির হতেছে প্রাণ নাহেরে উমা রে, সংবৎসর মম পুরি, উমাবিনা সূন্যপুরি, হেরিলে সে প্রানে মরি ॥ দুঃখ জাবে দুরে, শুভ দিন কবে হবে, দ্বিজকালীদাসে ভনে। ভার রাণীঅকারনে, সেইরূপভাব মনে, হেরিবেঅন্তরে,

কার কথা শুনে করেছ মান। ওরেং আমার পাগল প্রাণ, বল মিতিং মানে কেরবে, বল দেখী প্রাণ কেকতো সবে, তুমি মিছে কথায় জালাও মোরে ছিছিং ওরে প্রাণ ॥ খেমটা ॥

নারি হয়ে সব আর কতো। হেরেচির দিন আশাপথ ॥ আর আশা করে প্রাণ যারে, তার আশার প্রাণ কতোদিন রবে, অ মার প্রাণ। গেলে কি প্রাণ বাঁচাবে, মিলিতে প্রাণ নাথ ॥ কালীং বল আমার মন ॥ যদি এড়াবে ভব বন্ধন। যার নামো নিলে ভব ভয় যায়॥ সে নামে কিকাল চতুর দেখ পঞ্চ পাপের পাপী তরে, ভেবে সেই শ্রীচরন ॥

তাল আড়া ॥ কালো মোরে সখী মন আকিঞ্চন। সপনে হেরিয়ে রূপ অস্থির যে

নাদেখী, নয়ানেতারেঃ মন অন্বেষণ করেঃ একীজালাইল মোরে করিকী এখন ঃ জলমান ভয় করিঃ প্রকাশীতেনাহিপারিঃ নাহেরিলে প্রাণেমরিঃ একিবিড়ম্বনঃ ॥

ইমন তাল আড়া ॥ কালিরূপভাব ওরেঃমন আত্ম অক্যকরেঃ অন্তকালেপাবে নারে ডাকিতেতখন। অসিত লক্ষ বারেতে, ভ্রমিয়ে পেয়েছ তাতে, মনুষ্য জীবন ॥ তাহে আছ ভুলে সত্ত্য নিরঞ্জন। কালীদাসে ভয় পায়, সময় বহিয়ে যায়, না দেখি উপায়, পড়িয়ে মায়ার ঘোরে, ভুলিয়ে রয়েছ তারে, হলনা শাধন, বিফল জীবন ॥

তাল আড়া ॥ কেও কামিনী শম্মান বাসিনী, আশুতোষ হৃদি মাঝে বিহার কারিণী। করেতে লইয়ে অসি, দাড়ায়ে আলো কেশী, লোহজুহ্বা অট্টহাসি, কটিতে করপাণি ॥ ইন্দু শিশু কর্ণে দোলে, ত্রীনয়না শোভে ভালে, মুণ্ডমালা পরি গলে, হল হুণ্ডলিনী। কালী বলে ওরে মন, ভাব সেই শ্রীচরণ, দেবের দুল্লভ ধন, ভাবে শূলপাণি ॥

তাল ঐ ॥ কেমনে হেরিব রূপ তাহার, নয়ানঅন্তরে হেরিহৃদে নিরান্তর। মুদিলে যেহেরি তায়, পলকে নাহিরয়, ভাল একি হলোদায়, ধরিতে নিরাকার ॥

রাঃ ভুপালী তাল আড়া ॥ কেন সখী না বুঝিয়ে দিতেছ গঞ্জনা। যাহারে সঁপেছি প্রাণ সে কি দেয় যন্ত্রণা ॥ প্রণয় হয় যখন, দুজনে দোঁহার মন, উভয়েতে শমার্পণ, বোধ যে থাকেনা। আপন করে জ্ঞান, পরে মন সমার্পণ, জানেনা যে তখন বিচ্ছেদ হবেনা ॥

রাঃ খাম্বাজ তাল খিমা ॥ মনরে সতর্ক হও গেল দিন বিফলেতে। শদত রয়েছে কাল ধরিয়ে কেশেতে ॥ কিকরো২ ওরে, পড়িয়ে মায়ার ফেরে, ভাব কাল নাসিনীরে, দিন নাবহিতে। চরমে চেতন জাবে, মহানিদ্রা যে আসিবে, সমস্ত নাহিকো পাবে, সেসময় ডাকিতে, কালী বলে শ্যামামায়, ডাকিতে উচিত হয়, দূরে যাবে কালভয়, ভাবনা কি তরিতে ॥

ঐ তাল ঠুমরি ॥ আমারো মিনতি রাঙ্গাপায়। ননদিনীর বচনে প্রাণ যায় ॥ গোপের নন্দিনী হয়ে, তবো প্রেমে মজিয়ে, কৃষ্ণ কলঙ্কিনী বলে গঞ্জনা যে দেয় ॥

তাল খিমা ॥ কোথা গেল সে আমার নয়ান অঞ্জন। অদরসনে আঁখি ঝুরে বারি বরিষণ প্রেম সুখ সরবরে, নাদেখিয়ে মনহরে, অঞ্জন আঁখির নিরে হয় যে পতন ॥

রাগ কেদার তাল খিমে ॥ মনোভ্রান্তি করোনা করো দুর্গা সাধনা। যেজন দুর্গা বলে কিশের আছে ভাবনা ॥ সে নাম নইলে হয়গতি, এইসে শিবের উক্তি, রে ঘোষণা, শাধন যে হলনা, কালীদাসে ভাবনা, কিশে হব ভবপার তারোকিছু দেখনা ॥

রাঃ ঐ তাল খিমা ॥ নটবর শেজে কোথা চলেচ ভেজেরাই, সরূপে বলনা যে কানাই। এসে দেখিলে পাছে, প্রাণে বাঁচে কিনা বাঁচে, দাড়াও রাইকে দেখাই ॥

তাল ঐ ॥ প্রমসিন্ধুনীরে তরি কাণ্ডারি বিহনে, রসাতল প্রায় হয় বিচ্ছেদ তুফানে । পার কর সদয় হয়ে, সুখ হেলে ঝিকে দিয়ে, পাছে গুণ প্রকাসিয়ে, হানি ছাড় প্রাণধন ॥

তাল ঐ ॥ কিফল জীবন রেখে বিচ্ছেদ হুতাসনে, দাবানল সম প্রায় দহিছে দহনে । হেরিলে সে মুখ শশী, তবে যে অনল নাসী, সুধালাভে দিবানিশি শিতল জীবন ॥

বেহাগ তাল আড়া ॥ একি কঠিন দশয়ঃ নারী হয়ে সবৌকত আশয়ে আশয় । অথিনীর প্রাণ হরেঃ রয়েচহে পাসরিয়েঃ কিবলি ধৈর্য্য আশয়েঃ অধৈর্য্য যে হয়ঃ কামিনী কমল প্রায়ঃ কিরণে সুখায়ে যায়ঃ তবুতো বিচ্ছেদ নয়ঃ ওহে সুধা ময় ॥ তাল ঐ ॥ রজনী বাড়িল শ্যাম হৃঙ্গে না আইলঃ দরশনে অদরশন প্রমাদ হইল । কৃষ্ণ যদি নাহি হৃঙ্গেঃ বেশভুষাকিবা কার্য্যেঃ মানেতে করে অধৈর্য্যঃ বিদীর্ণ করিল ॥ সুগন্ধি পুষ্পের মালাঃ তাহে বাড়ে আর জ্বালাঃ কোথারে চিকন কালাঃ ভুলিয়ে রহিল ॥ তালঐ ॥ প্রাণ আর নাহি সয় ভালোবাসি বলে প্রাণঃ করেছিরে অভিমান । নাহি অন্য অপরাধ সুন রসময়ঃ একেত অজ্ঞান নারীঃ অভিমানে ঝুরে মরিঃ নাহি জানিহে চতরিঃ বলিহে তোমায় ॥ রাগ মালকোষ তাল হরি ॥ শ্যামচল নিকুঞ্জে রজনী হইল শেষ গুঞ্জরিচে অলি গুঞ্জে পুঞ্জেঃ নিশির জাগরণঃ সুখাল বিধু বদনঃ ঢুল ঢুল নয়ন তাহে অসয্য ॥ তাল ধিমা ॥ একি অপরূপ শ্যাম শ্যামা শাজিলঃ নবীন প্রকৃতি রূপে তিমির নাশিল । করে অসি মোহন বাঁশিঃ দাড়াইয়ে আলকেশীঃ মুখে অট্টঃ হাসিঃ রসনা প্রকাসিল ॥ বাঁকা অঙ্গ বাঁকা ঠামঃ ধড়া চূড়া অনুপামঃ মস্তকেতে রাধার নামঃ শিখীপুচ্ছা দিল। দ্বিজ কালীদাসে বলেঃ বনমালা গলে দোলেঃ আশ্চর্য্য কিবা লীলেঃ নিকুঞ্জে হইল ॥ রাঃ কানড়া তাল ধিমে ॥ আগো তারা ঐখেদে দহে মোর মনঃ ভাবিতে নাহিক দেয় রিপু ছয়জন । কামে বদ্ধ সদা মনঃ ক্রোধে করে হতোজ্ঞানঃ মোহ তাহে শর্বক্ষণঃ মোহতে পতন ॥ মদেতে মাশ্চর্য্য করিঃ তবে তারা কিশেতরিঃ উপায় নাহিক হেরিঃ শদা বিড় ম্বনঃ কালিবলে তারোদাসে তারোতারা এই ত্রাসেঃ যেন পাইঅবশেষে ওরাঙ্গ চরণ ॥

তাল ঠুমরী ॥ কেমনে ভুলীব রূপ তাহার । বিদীর্ণ হওযে প্রাণ লাগীএ যাহার ॥ অনেক যতন করি । ভুলিতেযে নাহি পারিঃ দিবানিশী রূপহেরি সপমেতে আরো ॥

তাল ধিমা ॥ ঐদুঃখে সদা মোনদয়ঃ ভালবেশে নাহোরবে মিলন যেহয় অমৃত করিয়ে জ্ঞানঃ হৃদয়ে দিয়েছি স্থানঃ তাহাতে বিচ্ছেদানল প্রজলিত হয় ॥

তাল ধিমে ॥ আলোসখী কেবলে পিরিতে দুঃখ হয়ঃ উভএ মিলন হলেতবে দুঃখ কোথা রয় । উভএ২ হেরিঃ সুখ সর্ব্বভোগকরি আহলাদে উভয়ে পরি অভিসিক্ত হয় ॥

রাগ কানংড়া তাল ধিমে ॥ কেমনে পাইব আমি তারারি চরণ, দিবানিশী অনন্যমন না হয় সাধন। মনেরে শান্তনা করি, স্থির যে করিতে নারি, মনোহর মন ঐরি, কিসে হবত্রাণ॥ রসনা বাসনা সদা, পান করে কালী সুধা, বাদী যে অনিত্য খুধা, নহে নিবারণ। কালীবলে ওরে মন, বাঞ্ছ যদি ওচরণ, গুরুদত্ত অতি ধন ভাব সর্ব্বক্ষণ ॥ রাগ তাল ঐ

পায়েধরি বংশীধারি করোনা হে চাতরি। আমরা সবে, বংশীর রবে, শুনে ঘরে রইতে নারি, কুল কামিনী, তাহে দুঃখিনী, কিবল অন্তরেতে ঝুরেমরি ॥

রাঃ খাম্বাজ তাল ঠুমরি ॥ আমারে হইল একি দায়, নয়ন আপন বশনয়। মোনেরে বুঝাতে পারি, কাল আঁখি তাহে ঐরি, আপনারি, ধন হয়ে বসনয় ॥ রাগ তাল ঐ ॥ আমি তো বলিনে হে তোমায়, তোমার মিনতি হইল দায়। তোমার লাগিয়ে মরি, সদত বাসনা হেরি, কিকরে গঞ্জনায় ॥ রাঃ কানংড়া তাল খেমটা ॥ ও জাদু বলনা, জীয়ায়ে লাগায়ে দুঃখ দিয়োনা। একেতো অবলা, তাহে কুলবালা, প্রেমজালা ওরে দিয়োনা॥

রাঃ বাহার তাল হোরি ॥ কমলা কমলে, সেতোপদ্মাসনে, তরুণ সকল বিন্দে। বসিয়ে বিহরে শ্বেত সতদলে, নুপুর চরণে, ঘুনোং বাজে ॥ পরিধান শ্বেতাম্বর পুস্তক লেখনী ধরি কর তলে। কালীদাসে বাণী, শুনগো জননী, থাকে যেন মমমতি ওরাঙ্গা চরণে ॥

রাঃ সোহেনী বাহার তাল জলদ ॥ কোথারে রহিলে প্রাণ বসন্ত সময়। গুঞ্জরিছে অলিকুল মধুকর তায় ॥ প্রস্ফুটীত পুষ্পজাতি, হেরিয়ে ব্যাকুল অতি, রসভরে রসোবতি, সুখাইয়ে যায়

নিস্তারো তারিণী তারা ভবেরি বন্ধন। স্নেহ মেঘে অন্ধকার হেরি সর্ব্বক্ষণ ॥ মায়াবিন্দু বরিসনে, ওষ্ঠাগতো হয় প্রাণে, ক্রীস্তাতেরি পরশনে কুম্ভির জেমন। কালীদাসে এইত্রাসে, পড়েছি চরণ আসে, যেন পাই অবশেষে, ওরাঙ্গা চরণ ॥ তাল ঐ ॥ কেদিল অনল সখী প্রেম সুখেরি কাননে। প্রবল করিল বহ্নি বিচ্ছেদ পবনে ॥ নয়ানে সিঞ্চিয়ে বারী, লজ্জারে সহায্য করি, তবুতো নিভাতে নারি প্রকুষো আগুণে ॥ রাঃ সোহেনী তাল ঐ ॥ জেনেছি প্রিয়সী ভালোবাসা তোমার, নাজানি কাহারো বসো কখন কাহার। হেরি কেশ ছিন্ন ভিন্ন, বিপরীত নাহি ভিন্ন, দিবস সর্ব্বরি ॥ রাঃ সাহানা তাল জলদ ॥ করগো কুল রমণী মঙ্গলাচরণ, আসিয়াছে প্রাণ উমা সঙ্গে গজানন। নয়ান পুথলি এলে, আয়গোমা করিকোলে দেখি তব ষড়াননে যুড়াব জীবন ॥ কি আনন্দ গৌরিপুরে, সরতে সারদা হেরে, লুকাইল শশ ধরে, দীপ্ত শ্রীচরণ। কালীবলে গীরিরাণী, দেবের দুর্ল্লভ জিনী, তোমার নন্দিনী তিনি, ইন্দ্রা রাদ্ধ ধন ॥ রাঃ মূলতান তাল ধিমা ॥ যায় যাবে প্রাণ তারে আর সাধিবনা, একেত বিরহ জালা তায় লোক গঞ্জনা। আপন ভাবিয়ে যারে, প্রাণ সঁপিয়েছি ওরে, সেতো কি আমার তরে,

ভাবেনা জাতনা ॥ রাঃ গারাভৈরবী তাল জলদ ॥ মনরে তেজ অহঙ্কার, নয়ান মুদিয়ে দেখ সকলি আন্ধার। ধনজন পরিজন, কেহ নহেরে আপন, মিছে বন্ধ করোমন, ভেবে দেখ সার। বিষয়েতে মত্তহয়ে, রয়েছরে পাসরিয়ে, দিনগেল তাহে বয়ে, নাদেখ নিস্তার। কালীবলে মন শুন, তেজো দম্ভ মায়াগুণ, দিনান্তে লহ সরণ, ত্রাণ লাভজার ॥ রাঃ তাল ঐ ॥

সংকরী লইয়ে যাবে সংকর ভবনে, কিহবে২ বলে রাণী ধায় উমাপানে। কেনেগো মলিনা হেরি, আয় গোমা কোলেকোর, পোহাইলে বিভাবরি, নাহেরিব চন্দ্রাননে ॥ মৃদুস্বরে উমা কয়, বৎসর আন্তে পুনরায়, আসিব তব আলয়, বিষাদ না কর মনে। দ্বিজ কালীদাসে কয়, সামান্য এ মেয়ে নয়, বৃহ্মাণ্ডে ভ্রমহয়, সত্য রজ তম তিনে ॥ রাঃ ঝিঝুটী তাল জলদ ॥

নাহেরে তোমারে প্রীয়ে দাহন জীবন, প্রজ্জলিত প্রতিক্ষণ বিনে হুতাসন। অঙ্করেতে আশা নীরে, নির্ব্বানতো রাখে করে, নতুবা বিরহ পরে সমূলে পতন ॥ রাঃ তাল ঐ। আগমনি।

যাও২ গারিবর আনিতে উমারে। বাহির হতেছে প্রাণ নাহেরে তাহারে ॥ শিশুবিনে শূন্য পুরি, তাহে মাত্র সে শঙ্করী, সম্বৎসর নাহিহেরি, অধৈর্য্য অন্তরে। দ্বিজ কালীদাসে ভাবে, সুভদিন করে হবে, উমামায়ে মাবলিবে, ভাসিব সুখ সাগরে ॥ রাঃ দেশ তাল ঐ ॥

গাতোলো গো গীরিজায়া খেদ কর সম্বরণ। দুঃখহারা তব তারা কর ওই নিরক্ষণ ॥ সঙ্গে লয়ে জলনারী, মঙ্গলা বরণ করি, কোলে লও ত্বরাকরি, উমা প্রাণধন। পুলকে আনন্দ পুরে, রাণী অভিষেক করে, ভক্তি বারী লয়ে করে, করয়ে অর্পণ। পাদপদ্ম সুধা আসে, সদাপ্রিয় কালীদাসে, ডাওগো জননী এসে, জননী জীবন ॥ তাল ঐ ॥ ঝুলন ॥ ঝুলেতো কালা বঙ্কবেহারি। ত্রিভঙ্গ ভঙ্গিমে রূপ বামেতে পেয়ারী। তড়িত জড়িত তিমির নাসিত সখী গণ বেষ্ঠীত, করে কর করি। একেতো রাধা রূপসি, তাহে শ্যাম কালশসি, বিজলি পড়িছে খসি, আহা মরি২ ॥ কি হলো প্রেম করি, নাপূরিতে মনো আশা পীপাসায় মরি। চাতকি নী সম মন, বিনা সুধাবরিসন, ওষ্ঠাগত হে জীবন, লাভমিত্র বারী ॥

রাঃ সিন্ধু ভৈরবী তাল হোরি ॥ দেখরে নয়নে, দাড়াইয়া দীগম্বরী সব আরোহণে। মুখে অট্ট হাসি, তাহে এলোকেসী, সোভিত অলক্ত আভা যুগল চরণে ॥ আহামরি মরি, কিরূপ মাধরি, সধাকরে জিনি এতো তিমির বরণে ॥ দ্বিজ কালীদাসে, চরণ প্রয়াশে, অস্থির করয়ে মন রিপু ছয়জনে ॥ রাঃ আলেয়া তাল জলদ ॥ কি আশয় নিরাশা এখন আশাবিন্দু বরিসনে কেনকর আকর্শন। ছিলাম চাতক প্রায়, বারীবিনে পীপাশায়, সরোতেরি মেঘতায়, বরিষে কখন ॥ তাল ঐ ॥ প্রেমবিচ্ছেদে কি যায়, বিরহ নাহলে স্নেহ নহে সুখোদয়। মিলনে থাকিলে পরে, ভাবেনাকো কেহকারে, পড়িলে বিচ্ছেদ নীরে, অঙ্কুর বাড়য় ॥

রাঃ সিন্ধু তাল জত ॥ হায়২ রঙ্গলাল রঙ্গকরে কিসরী রঙ্গেতে পীচকারি ভরে । ভিজিল বসন আবির জলে হোলিখেলে শ্যাম নিকুঞ্জ পরে ॥ তাল ঐ ॥ কাণ্ডারি হবেকিরে প্রাণ প্রেম সুখ সরোবরে । বিচ্ছেদ তুফানে বহে সদা যে আমদ নীরে ॥ কহে মেঘেতে তায় হুতাশে হিল্লল হয়, ডুবি তাহে নাহি দায়, নিরাসাতো হবে পরে ॥

রাগভৈরব তাল জলদ ॥ যাওযাও প্রাণ সখা রেখোহে মনেতে । বিচ্ছেদ যন্ত্রণা দঃখ দিয়োমা পিরীতে ॥ যদিবা হয়েছ সখা, দিওরে সদত দেখা, জীবনে জীবন রাখা, তোমার আশাতে ॥

রাঃ ঐ তাল জলদ ॥ সবে শীবে নাচিছে বামা জগত মোহিনী । সরতের শশির প্রায় চরণ দুখানি ॥ তড়িত জড়িত আভা সুধাংসু বদনী প্রভা আহা মরি কিবে শোভা, ত্রিমির বরণী । কটিতটে করশ্রেণি, অভয়ে দিগবাসিনী, নপুরেরো কিঙ্কিনি, সশ্মান বাসিনী । দ্বিজ কালী দাসে ভনে, দেখ মুদিয়ে নয়নে, হৃদয় কমল বনে, বিরাজে তারিণী ॥

রাগ সিন্ধুভৈরবী তাল ধিমা ॥ আসায় আসিব বলে করেছি যতন, তাহেকিছু ক্ষেতি নাহি হেরিতে বদন । তোমার কটাক্ষ বাণে, বিদির্ণ করয়ে প্রাণে, হেরে মুখ চন্দ্রাননে, তাহে আকিঞ্চন ॥ তাল ঐ ॥ তবে কেকরে যতন, ওরে আমার প্রাণধন, যদি না ঝুরিত আঁখি দেখি বারে আকিঞ্চন । তোমারি আসায় এশে, এই হলো অবশেষে, বিচ্ছেদ নিরাসায় বিচ্ছেদ রোপণ ॥ রাঃ সিন্ধু তাল ধিমে ॥ আসাতে আশ্রীত প্রাণ উমারে দেখিতে, সেই কন্যা বিনে অন্যে নাহি মাবলিতে । সদত বাসনা মনে, মাবলে বিধুবদনে, তারে দিলে ত্রিলোচনে, ভিখারি জগতে । কালীবলে ত্বরাকরি, শঙ্করী আনহ গীরি, সপনে দোঁহারে হেরি, পাগল বেশেতে ॥ রাঃ তাল ঐ ॥ আমিতো বলিনে তোমায় মানে মান উপজয়ে কথায়২ । তুমি রে প্রাণধন, সদা মান আকিঞ্চন, মলিন হেরে বদন, তাহা কিরে সয় ॥ ইতি ॥

## ❀ শ্রীযুতশিবচন্দ্র রায়ের গীতারম্ভ ❀

রাগিণী কাফী তাল ঠেকা ॥ গঙ্গাপক্ষে ॥ হরিপদ কমল সুধা সুধারা । ধুয়া ॥ ত্রিপথ গামিনী দামিনী পারা । কারণ জীবন, পুনাত্ত্ব ত্রিভূবন, শিব শিরসীকর নিকর ধারা ॥

রাঃ ছায়ানট তাল তিয়ট ॥ তারি সৌজন্যতাতে । ধুয়া । সে প্রেমেতে অনুগত এত যে হয়ে আছি তাতে । মনন শরণ, তারি আরাধন, করেমন, আনন্দ উপজে সেই শিব রাত্রেতে ॥

রাগ তাল ঐ ॥ নির্গুণ পক্ষে ॥ তার কেকরিবে অনুমান । সে সমান, ক্ষিতি অপ তেজ কি বায়ু বিমান । কহিতে পদার্থ, সেকি পদার্থ, বেদবাদার্থ, শিব সে বসিয়েযোগে দিতে সে প্রমাণ ॥ রাঃ সারঙ্গ বৃন্দাবলী তাল আড়ামধ্যমান ॥ রাই মুখ অর বিন্দে, হেরো আসি হের বিন্দে ॥ খঞ্জন নয়নেতে অঞ্জন বহে জলবিন্দে । কি ক্ষেণে কি দেবতায়, জ্বলে

গিয়ে হেরে তায়, ধ্যান জ্ঞান শিবার্চ্চন সকলিতো সে গোবিন্দে ॥

রাঃ পূরবী তাল আড়া ॥ কর ওহে পার, অপার কৃপার নিধি আছ একানেয়ে কর্ণধার। এভব সরিতে; পার উতরিতে, ওপাদ তরিতে, শিবে ভরসার সার ॥ রাঃ পীলুতাল ঐ মন বলবল রামনাম শুনি শ্রবণে। কোটী২ জন্মার্জ্জিত, পাপহবে বিবর্জ্জিত, শিব যে তারক নাম গায় পঞ্চবদনে ॥ রাঃ জয়জয়ন্তী তাল ঝাপতাল ॥ জয়তি জগবন্ধু জগদীশ জগতারণ। মুনি মোহন রূপেতে কর মন বিমানে আরোহণ ॥ বল দেব অগ্রজে, ভদ্রাদি সম গজে, সাঙ্গোপাঙ্গ সবে সঙ্গে লয়ে সুদর্শণ ॥ চাঁদমুখ নিরক্ষণে, মুক্তিহয় ততক্ষণে, কাক চতুর্ভুজ তারো প্রভিতের কারণ। চতুর্ব্ব্যূহ অবতার, নিস্তার কিকব তার, শিব যে প্রসাদ আশে সদানন্দে নিমগন ॥ রাঃ জঙ্গলাঝিবুটী তাল তিয়ট ॥ এলোকেশী এলো কে রণে। ধূয়া কাল বরণে, ত্রিলোক আলোক করে রূপের কিরণে। দনুজে অনুজে বলে, হেরিনু যে রণস্থলে, পতিতো পতিত পায় সব শিব চরণে ॥ রাঃ ভূপালী তাল খয়রাবাদী ॥ করিলে একি স্বপন মন, নাবুঝি পর আপন, চিনে জেনে শুনে, হারালে কেমনে, যেধন ছিল গোপনে। মন খেপাসাতে রত, হুতাষে বিবৃত, সতরঞ্জন একি নিরূপণ। খেলায় হেলায়, কাটালে বেলায়, নিশীকর শিবযোগেতে জাপন ॥ অথ মহালক্ষ্মী রূপ ॥ রাগিণী মূলতান তাল আড়া ॥ মদন মথন মনোহারিণী, কেগো। অতসীকুসুম সম সুবর্ণ বরণী। চতুর্দ্দন্ত চারিশ্বেত, কেগো করিকরে বেষ্টীত, রতন ঘটে অমৃত অভিষেকে ভবরাণী ॥ শোভে চারি করবরে, পদ্মদ্বয় অভয় বরে, পাদপদ্ম পদ্মপরে, পদ্ম সদ্ম বিহারিণী। শিব হৃদি পদ্মাসনে, মহালক্ষ্মী নাথ সনে, হলে যোগ্য দরসনে, জন্ম ঋণে হৈ অঋণী ॥ অথ ভুবনেশ্বরী রূপ ॥

রাঃ বাহার তাল জত ॥ ভুবনেশী মার রূপে নাই ভুবনে সিমার। রক্ত বর্ণা পদ্মাসনা ত্রিলোচনী সুভূষণা, প্রভাকরে উত্তমাঙ্গে অর্দ্ধভাগ চন্দ্রামার ॥ পাশাঙ্কুষ বরাভয়, চারিকরে শোভয়, মণিময় অলঙ্কার নাই কারু উপমার। মহাবিদ্যা আরাধিতে, সদাশিব সমাধিতে, করতলে ইষ্টসিদ্ধি অষ্টসিদ্ধি অনিমার ॥ রাঃ জঙ্গলাঝিবুটী তাল আড়া ॥ বাঁশীবটে, রাধা২ সদারটে, গেকি শ্যামের বংশী বটে। সে মধুর রবে, স্থির কেরবে, অবলা কিবলা যায় শিবের সমাধি ছুটে ॥ গোঃ ॥ রাগিণী দেশ তাল পোস্ত ॥ মক্তকর মুক্তকেশী মুখ তুলে চেয়ে এবার। আসার আসার আসে আসি আসি লক্ষবার ॥ জন্মে২ জন্মে যত, জানত মা অজানত, বিশেষত কলুসেত, নাই ভব পারাবার ॥ হয়েছে নরের দেহ, মনোভিষ্ট সিদ্ধ দেহ নাম বলে নিঃসন্দেহ, হবে তরি তরিবার। কিকরিবে রাগদ্বেষ, আছে গুরু উপদেশ, শিবের এই আদেশ, তত্ত্বে শুনি বারম্বার ॥ ইতি শ্রীযুত শিবচন্দ্র রচিত গীত ॥

শ্রীমদ্রাধামমদন গোপালায়নমঃ অথ শ্রীকৃষ্ণানন্দ ব্যাসদেব রাগসাগরোদ্ভবসংগীতরাগ কল্পদ্রুমে বাঙ্গলাভাষা রঙ্গিনগান ॥ কালীমিরজাকৃতগান ॥.

রাগ ভৈরব তাল আড়া মধ্যমান ॥ আমার গোরা পতিত উদ্ধারিতে অবনীতে অবতরি ॥ ধুয়া ॥ রূপহেম গৌরাঙ্গ, লয়ে ভক্ত বৃন্দসঙ্গ, বাহু তুলে হরি । নিত্যানন্দ চৈতন্য, যে না মানে অচৈতন্য, সেই পাপী অগ্রগণ্য, মূঢ় মতি দুরাচারি ॥ আমার গোরা ভক্তমন অভিলাসি. হয়ে নবীন সন্ন্যাসী, করঙ্গ কপীন ধারি ॥ রাগ ঐ তাল মধ্যমান ॥ বিপিনে বাজে বাঁসরি । অবস হইয়ে অঙ্গ শ্যামেরে ভাবে কিশোরী ॥ মোহন বেণুর সর, হৃদয়ে বিন্দিল সর, চিন্তিয়ে ব্রজকিশোর, পড়ে আপনা পাসরি ॥ রাঃ তাল ঐ ॥ করুণাময় করুণা নয়ী তারে । ধূয়া । কালীকে কৃষ্ণ মুরারে ॥ কৃপাকরি কুরু কৃপাবলোকন নিশুম্ভারে কংশারে কঞ্জ নয়ন কৌশিকী কাত্যায়নী কেশীহারে । ক্রিয়াহীন দীনে কালীকে তারে, কৃপানাথ কৃপা ধারে ॥ রাঃ তাল ঐ ॥ ওগো মা অভয়া ভব মে সদয়া ভবানী । ত্রি পুরাসুন্দরী বাণী, কৃপাময়ী ভবরাণী, ত্রিলোক তারিণী মায়া ॥ রাগ ঐ তাল মধ্যমান ॥ উঠহিম গিরিবর নন্দিনী, মা সুরা সুর নর মুনিবর বন্দিনী । কৃপাদৃষ্টি করি, নিদ্রা পরিহরি, অভয় বরদে ভয় ভঞ্জিনী ॥ মণিময় মন্দির বাসিনী, মধ্য সরজ বিলাশিনী, কালীদাস অন্তরে, সদত বাসকরে, চিন্তাচিন্তয় রূপিণী ॥ রাগ তাল ঐ ॥ কেও বিহরে হর হৃদি পরে হর মনো হরে মোহিনা । চরণে অরুণ, রবি শশিজেন, নখরে প্রখরে আপনী ॥ শোভিত প্রপদ, দেয় মোক্ষ পদ, আপদে সম্পদ দায়িনী । চরণে নপুর, আলোকরে পুর, মণিময় পুরবাসিনী রজত শিখরে, করে অশিকরে, শিশির শিখর নন্দিনী । যেন চরম সময়, নরমেতে হয়, কালী কাল ভয় বারিণী ॥ রাগিণী লোলিত ॥ লোলিত ত্রিবঙ্ক বেশে, কেউরে মহেশে, গলিত কেশে । অপরূপ চরণেতে, যেন রজত গিরিতে, রবি প্রকাশে ॥ অলসে অবশ অঙ্গ, হইতেছে অঙ্গ ভঙ্গ, বিগতবাসে । শোভেকিবে শিবে২ নাচিছে যোগিনী শিবে চারিপাশে ।

রাগ ঐ তাল আড়া ॥ জেগেছ রজনী সজনী কারো আশা আশাতে । প্রভাতে অরুণ হয়েছে অরুণ তবো নয়ান প্রভাতে ॥ অলশে অবশ অঙ্গ, হইতেছে অঙ্গ ভঙ্গ, মদন মদেতে । বেশভুষা যেমণি সকলি আছে অননী তিলক নাশাতে ॥ আড়া ॥ এতো যে চঞ্চল হলে ওহে গুণ মণি ॥ ধুয়া ॥ বুঝি মনে পড়িয়াছে আর কোন ধণী । আশয়ে না গোলো আশা কেমন তব আশা, আশীয়ে শেষ নিশিতে জেতে চায় এখনি ॥ ঐ ঐ ॥ আলো সুনলো সজনী, আমার রোদনে পোহায় রজনী ॥ ধুঃ ॥ নাবুঝিয়ে তারো মোনো এমন

হবে কি জানি। আমি থাকি আশা আশে, সেথাকে কাহারো বাসে. ভালবাসে আর কোনো ধনি ॥ দিনকরে দিনকরে, ভাবিদিয়ে শীরেকরে. হিমকর বলে কমলিনী ॥

ঐ তাল তিওট॥ পিনাক পানি বনিতে এলো অবনীতে॥ ধুঃ॥ হরসিতে চিতে মাতে তাতে পাইয়ে দুহিতে দুয়েতে॥ অঞ্চলে অচল রাণী, মুছাইছে মুখখানী পানিতে। জনক জননী ও গো জননী ভুলিয়ে ছিলেকী মনেতে॥ ঐ মধ্যমান॥ কে আলোগো সখী দেখ দেখি সাম অঙ্গে অরুণ অভরণ॥ ধুঃ॥ চরণে অরুণ নয়নে অরুণ, চূড়ায়ে অরুণ কিরণ॥ সিন্দুর চিয় অরুণ, পানে অধর অরুণ, করতল অরুণ,বরণ এতো অরুণ প্রকাশি তাহে নাহি নাজবাসি বলে নিশি আছে এখনি ॥ রাং ভৈং তাং মং তিং॥ যদি ভবনদি পার হতে থাকে বাসনাঃ॥ ধুঃ॥দক্ষিণে কালিকে কৃষ্ণে ভেদকরোণাঃ। অসিধারি বংশীধারি ঃ পীতাম্বর দিগম্বরী ঃ ঐ দ্বিভুজ মুরলিধারিঃ লোলরসনাঃ। বনমালী মণ্ডমালী শিখি পুছ শশিভালী ঃ মকরা কৃতি কুণ্ডল কম্ভুশব শিশুবলি, দেখ এই কৃষ্ণ কালী করিমনমা॥ রাগিণী ঐ॥ •

এমা অপার মহিমা তব , চরণ পরশিব হৈল শব , তুমি অচিন্তরা চিন্ত্য । কে পারে তোমারে চিন্ত্যা কালি কালিকরে চিন্তা কেমনে ও পদ পাবো॥ ভৈং তিং॥ আমার কালা আলয় আলো এলোকেশী। উমা ওমা জতডাকী তাতো দেখী পূর্ণ মাসী॥ যেমন উদয় হয়, কহিতে নাগয়ে ভয়, জতো ভাবি ততো হয় আর তেজোরাশী॥ রূপের তুলনা স্থানে শশাঙ্ক ছিলো বিমানে সে দশখণ্ড অভিমানে। চরণে পড়েছে খশী॥ ঐ তাল মধ্যমান॥

ওগো রাধে কি অপরাধে। সামেরে হয়ে ছোবাম একি সাধে২॥ হেন যে গোরক্ষ নাথ হয়েছে গোরক্ষ নাথ। সিঙ্গায় ওলোকনাথ তোমায় আরাধে॥ ওগোপ্রিয়ে কথা মানো করো আরোমান। প্রওজন প্রিয়মান হইয়ে সাধে॥ বিভূতি ভূষণ কায়, কথা কহিবো কায়, কালি হয়ে নিলকায় তব বিশাধে॥ রাঃ ঐ॥ ওহে দিন নাথ এতকী পাতকি তারিতে কারত কৃপাসিন্ধু, সুখাবেকী করুণা দানেতে তোর॥ আপনী হইয়ে খর্ব্ব নাসিলে বনিরগর্ব, বায়ন রূপেউদ্ধারিলে অহল্যা পাথরে॥ ঐ ॥ তাতে কি হয়েছে এত মান । ভালবাসো বলে আমিকরেছিলাম অভিমান। হলে অনুগত দোষ করে কত তারে অনোচিত অপমান ॥

তাল ঐ॥ অনেকে জানে তুমি তোমার মন তুমিরে জেমন। ধুয়া॥ সে বুঝিতে পারে যারে দিয়েছ নিয়েছ মন ॥ অনেকেতে মনেকরে, মনে২ মানহরে, ভাবিয়ে কালী অন্তরে, কারে দিবে এক মন ॥ রাঃ ঐ তাল জত ॥ পিরিতি নুকাইলে নাহিরয়, যে জানে সে তারেকয় ধুয়া॥ দেখিলে আগুন, নাহেরে ব্যাগুন, জলে কালি দিতে হয়। যতনের ধনে, রাখিব গোপনে, কেমনে তামনে শয়, প্রকাশের ভয়, নাহয় উভয় মনে২ পরিচয় ॥

রাঃ ঐ তাল মধ্যমান ॥ দেখি সইযদি তারে নাদেখি। ধুয়া ॥ তবে হইল অনমের মত দেখা দেখি ॥ প্রবোধ কর বচনে, আমি বুঝাবো কেমনে, কারো মানেকি যে করে সেইতো মরে আমা বলেকি ॥ তাল ঐ ॥ নারে২ আর তারে নারে। ধুয়া। তুমি জান সই, আমি যতশই, এত কে পারে ॥ তোমার এমত, আমার মত, যদি সারে, ভাঙ্গিলে কি মন, আরকি কখন, গড়িতে পারে ॥ রাঃ ঐ তাল আড়া ॥ বিতর করুণা ময়ী তনয় কাতরে । ধুয় । সর্ব্বজীব ময়ী তুই তাহাতেকি নই মুয়ি এতোমার অকিঞ্চিত্ত বঞ্চিত আমারে ॥ তুমি পাপ তুমি পুন্য, নহে কোন দেহ শূন্য, শরীর অগণ্য, যানওয়াও কারে । পূজা জপ ধ্যান জ্ঞান সকলি তোমায় অর্পণ, ব্রহ্মাণ্ডেরি নিদর্শন, দর্পণ ভীতরে ॥ তাল ঐ ॥ ভাবনা২ কেন যে তারে তারে বৃথায়ে ফিরিয়ে মর সেতারে।ধুয়া। পড়ে অজ্ঞান তিমিরে, কেন বৃথায়ে ভ্রমিরে, জানিয়ে কেনে ত্রিমিরে, মায়া সাগরে । তাহার নাহিক জল, হয় কেন স্থলে ভূল, ভাবিলে জলাবে জল কালীদাসেরে ॥ রাঃ সিন্ধু ভৈরবী তাল আড়া ॥ পরে যে পরের তরে বৃথায় ভ্রমন করে ॥ আপনাভাবিয়ে পরে আঘাত প্রাণেরোপরে ॥ পরস জানিয়ে পরে, সুখী হয়ে পরস্পরে, বুঝিতে নাহিক পারে, কিহবে তাহার পরে ॥ তাল ঐ ॥ পাশরিতে চাই তারে না যায় পাশরা। আমারে মজালে আমারো নয়ানেরি তারা ॥ ধুয়া ॥ বাসনা কয়িয়ে মনে, চাব না তাহার পানে, আঁকি নিষেধ নামানে, বহে বারি ধারা ॥ তাল ঐ ॥ এমন কামা বাণ কে তোমায় করেছে দান। ধুয়া ॥ হেরনা দর্পণে মুখ আপনি হবে সন্ধান ॥ নয়ানঅক্ষয় তূণ, তাহে কটাক্ষ নিপুন, যদি বিধি দিত গুণ, বধিতে অনেকের প্রাণ ॥

রাঃ তাল ঐ ॥ যে নহে আপন বস কিসাধ প্রেমসাধনে । চলিতে আঁখিতে দেখে হরিষে বিষাধ মন ॥ অন্তরে অন্তর নয়, তথাচ অন্তরে রয়, সদাই উভয় ভয়, পরসনে ॥

তাল ঐ ॥ অনেকেরে মনে করে মনে নাধরে। যাহার নিয়েছে মনে, কদাচতারে কখন নাহি পাশরে ॥ যেই জনপ্রিয়জন, কহেঅপ্রিয় বচন। তবতার কখন, ভূলিতে নাপারে ॥

ঐ মধ্যেমান ॥ যায়২ জাঙ্গ প্রাণ যদি জাবেরে ॥ ধুঃ ॥ আরকি হবে২ বলে সুধাবোনা কায়রে। সুখ আশাভে পিরিত হিতে হলো বিপরিত ॥ শুহৃত দেখি হরিত, কালিহলো কায়রে ॥ তাল আড়া ॥ যাবোকিআমি আনিতে মাধবে ওগোরাধে। মম ভাসে যদি আসে, দেখিতে তোমারো সাধহবে ॥ ওগো প্রিয় কথা মনে কেন করো আরোমান। প্রিয় মানে ক্যামনে রবে, প্রাণ করযতন ॥ প্রিও করো প্রিয়োজন, কিহবে ভাবিলে অপজস হবে ॥

রাগিণী রামকলী এক তালা ॥ সভয়ে অভয়ে ভাবিগো অভয়ে ॥ ধুঃ ॥ কাতরে মা তোরে ডাকি কিজানি কি হয়ে ॥ সদত ব্যথিত চিত্ত করে পাপ চয়ে। কালিকে করুণাকরো তাপিত্ত

তনয়ে ॥ ঐ লাত ফরো ॥ শ্যামাচরণ শোভা, মম মানস লোভা ॥ হরের হৃদয়ে পদ্ম জ্ঞানহয় কোকনদ, কোটী অরুণ আভা ॥ ঐ ঝাপতাল ॥ প্রসিদ্দ পরমেশ্বরি অধিন দিনে। ঘুচাও দুর্গতিসতী গতি বিহিনে ॥ ধুঃ ॥ কংশারে নিশুম্ভারে, রাবনারে ত্রিপুরারে, এদুস্তরে কে নিস্তারে, মা তোমাবিনে ॥ তুমি পুরুষ পকৃতি, তুমি সৃষ্টি তুমি স্থিতি, হয় লয় হয় তব কটাক্ষ বাণে ॥ ওপদ আ পদে পদ, আমার ঘোর আপদ, কালিকে রাখ চরণে ॥

রাগিণী লোলিত তাল মধ্যেমান ॥ একেমন মান রাধে হায় ॥ ধুঃ ॥ নাগর নিকটে বসি, সাধিএ পোহায় নিশি ঠেলেছো তাহারে পায় ॥ আসিএ তোমার বাসে, গলেদিয়ে পিতবাসে তবু নাহেরিলে তায় ॥ সেরসিক শিরোমণি, ফিরে যায় জে অমনী, কালি হএ নিলকায় ॥

তাম ঐ ॥ নাগরো যাহ্নহে সেই ভবনে যে তবমনরঞ্জনে ॥ রোদনে গিয়েছে আমার যেছিল নয়ন অঞ্জন ॥ আমার যে প্রয়োজন যে তোমরা প্রয়েজন হয়েছ করে হরণ ভানুর প্রকাশে আমারো নিবাসে এসছো দিতে গঞ্জণা ॥ ঐ ॥ সখিগো বলকি হলো আমারে ॥ নির বহে নিরন্তর দূনয়ানে বারে২ ॥ আঙ্গিনা বাহিরে গিয়ে ধিরে২ তারাগুণি বারে২ প্রকাশিল সুখ, জ্যেনআশা সুখঃ দুখেতে বুক বিদরে ॥ রাগ মালকোষ তাল আড়া ॥ আমার আশারো আশা নহে নিবারণ ॥ ধুঃ ॥ জানোসুখ নিশী শাথেসুখ দিলে দরশন ॥ আসে২ করি বতো পথকত নিরক্ষণ, নিশির শিশির হইয়াছে বরিশন ॥ ঐ ॥ আমার আমার আরকেহ বলোনা কথন ॥ ধুঃ ॥ আমি আমারো বলিয়ে আপনি হারাই মন ॥ আমি জারে ভাবি২ সে নহে ভাবেোভাব, রূপেতে গুণ বিহিন তাহাথাকিলে হইতো ভার করা জীবন ধারণ ॥

রাগিণী সরফরদা তাল আড়া ॥ অকথ্য কথা উপ জয়েতা, মোনেতে বৃথা ॥ ধুঃ ॥ প্রেমজলধি অপারে, কেবা পাঁরে য্যাতে পারে, নাহি সেনেথা ॥ অনেকে করিতে চায়. আছুপানেনাহিচায় নাশোনে কথা, তাহারো বিষম ঢেউ, বাঁচাইতে নাহি কেউ, কথারি কথা ॥ ঐ ঝাপতাল ॥

অম্বে অম্বালিকে অন্নদা অম্বিকা, অখিলজন পালিকে ॥ ধুঃ ॥ গৌরী গিরি বালিকে, শিব শিরসি মালিকে, বিমল শশিভালিকে অম্বিকে ॥ শবহৃদয় বাসিকে নগ্নাদিগ বাসিকে, অসুরদল নাশিকে চণ্ডিকে২ ত্রিগুণাগুণাত্মিকে, ত্রিজগত ধাত্রিকে, ত্রাণকরো পাতকে কালিকে ॥

রাঃ তাল ঐ ॥ বিহরে হরহৃদয় পরে ত্রিপুর হরবন্দিনী, চরণ পরো শোভে নপুরো, কটীতে রুরকিঙ্কণী ॥ হৃদয় মরকত নিকর খচিত মণিমণ্ডিণী ॥ অভয় করেখণ্ড অসুর শির খণ্ডেনী রূপ ত্রিমিরে ত্রিমিরহার ত্রিলোক ভয়ভঞ্জনী ॥ ঘোর বেশে ঘোর কেশে, মহেশ মণরঞ্জিণী ॥ শশি শিখরে শ্মশানে ফিরে, শিখর বরনন্দিনী ॥ বরণ কাল ভুবন আলো, কালিকলুষ খণ্ডিনী ॥ ঐ মধ্যমান ॥ কিহবে মা কিহবে এভব ভএ তরিবোক্যামনে ॥ ধরা ॥

ত্বরিতে দুরিতে ধায়, এবড় বিষম দায়, কেমনে বুঝাবো মনে । পাপচয় হুতাশনে যেমন পতঙ্গ, তেমতি এমতি ধায় নাকরে আতঙ্গ, তুমি মতি তুমি গতি, তুমি সর্ব্ব জীবেতে বসতি, কালীকে রাখ চরণে ॥ রাঃ তাল ঐ ॥ শ্যাম আমার বিপীন বিনদীয়ে । ধুয়া । কৃত পুণ্য মধুপুরী, বৃন্দাবন ধম্যকরি, দাঁড়ায়ে রয়েছেন হরি, পদোপরে পদ থুয়ে ॥ পীতপটে কটীতটে দৃঢ় করি ধড়া আঁটে, গলে বনমালা বটে, করেতে মুরলী লইয়ে । হেরি চরণ ভঙ্গিমা, নাহি পারে দিতে সীমা, দিবেনিশী দেখে কালী ভাবিয়ে ॥ তাল ঝাপতাল ॥ রতন সিংহা সনে, রমতি বন্দাবনে, রাজরাজেশ্বরী রাধারাণী । ধূয়া । রাজীব লোচন শ্যাম, রূপ অতি অনুপাম, কণক চম্পক দাম সিমন্তিনী ॥ নীল পীতাম্বরে, অধিক শোভাকরে, মধুর বংশী করে পান পাণী । যুগল রূপ হেরে, কালী ভাবে অন্তরে, যেন নব মেঘোপরে, সৌদামিনী ॥

রাঃ তাল ঐ ॥ চঞ্চল চরণে চলে অচল নন্দিনী, তরুণ অরুণ যেন চরণ দুখানী । ধূয়া ॥ জননীরো হাত ধরা, হাঁটীছে সুধা অধরা, আনন্দে নাচিচে ধরা ধন্য২ গুণী ॥ অচিন্তা ব্যক্ত রূপিণী, ভক্ত মন অনুমানি, হিমালয়েরআলয়ে পরংব্রহ্ম সনাতনী । সবসখী সঙ্গে খেলে কলী কালী কালী বলে, বালীকে গিরি বালিকে হয়েছেন আপনী ॥ রাঃ ঐ তাল আড়া

নিরখিয়ে নীরবহে নয়ানে ঘন । এখনি বিচ্ছেদ হবে তাই সদা ভাবে মন । ধূয়া ॥ যেনহে আপন বস, সদারসেতে বিরস, হইতে সুখের লেস দুঃখ করে আচ্ছাদন ॥

রাঃ রামকেলী তাল আড়া ॥ নলেনী মলিনী হয় নিরখিয়ে দিনমণি । ধূয়া ॥ প্রকাশে প্রকাশ ভয়ে আকুল কুল রমণী । দিনকরে দিনকরে, করে ধরে দুটীকরে, মিনতি করে অধি নী । আশার আশয়ে প্রাণ, ধারণ সেই প্রমাণ, আসিও হলে রজনী ॥ তাল ঐ ॥ মান ভরে করে অধর ধরে ।ধূয়া । একি অপরূপ, হেরিতেছি রূপ, মৃগাঙ্ক কমলপরে ॥ একরূপ পিরীত, বিপরিত রীত, দেখি তোমারে । হয়েছে যে ভাব দরশনাভাব সইতো সকলে করে ॥ রাঃ সরফরদা তাল তিওট ॥ একি কথার কথা প্রমহয় যায় । ধূয়া ॥ খেনেকে জারে দেখাযায়, তাহাকি খেনেকে যায়, লোকের কথায় । যেজন থাকে প্রমাণ, কত কয়ে অপমাণ, দোঁহারি বাড়ায় মান, থাকেনা কথা । দুজন হয়ে উত্তম, প্রিয় তম সম২, দুরে যায় মন তম, হইলে কথা ॥ তাল আড়া ॥ তুমি বল ভালবাসি একেমন ভালবাসা । আশার আশ্রিত জন না পুরালে তার আশা ॥ দেখ কত দুরে ঘন, চাতক হয় অধীন, করে বারি বরি সন, ঘুচায়ে তারো পিপাশা ॥ ঐ । বাসনারি কি বাসনা কেনো তারে ভাল বাসে । ধুঃ । ভানু লক্ষান্তরে থাকে কমলসলিলে ভাসে । চক্র বাক চক্রবাকী কিসুখে তাহারা সুখি, নিশি তে বিচ্ছেদ দেখি কেহোনহে কারো পাশে ॥ রাগিণী আলাহি তাল তিওট ॥

গিরিবালে শশি-ভালে জপরে বদনকরালে ॥ ধুঃ॥ শবশিশু কুণ্ডল মণিময় মুণ্ডল, গলেতে লোলিতমুণ্ড-মালে ॥ নবীন নীরদ আভা, মরকত কতোশোভা, চরণে পতিত মহাকালে। ভুবন মোহন বেশ, নিরখিছে কালিদাস, আলুয়ে পড়েছে কেশ জালে ॥

রাঃ কোকব তাল ধামার ॥ শ্মশানেশিবে বিভূতি বিভূতি কিবে ॥ ধুঃ ॥ ত্যজমণিময় অভরণ, সবশর ভূষন, চারিদিগে শোভে শিবে। ভয়েতে কম্পিত ধরা, হাসিচে রুধির অধরা, লহ২ করে জিহ্বা। ধরাধরের বালিকে, করুণাকর কালীকে, অশিব নাশিনী শিবে ॥

তাল মধ্যমান ॥ কালীকে গিরি বালীকে জুড়ায় নয়ান হেরি। ধূয়া ॥ কিবে রূপের মাধুরি ফিরিচে মা ধিরি২ । রতন নুপুর পায়, পুর আলোকরে তায়; চঞ্চল চরণে জায়, অচল রাজ কুমারি ॥ রাগিণী দেবগিরি তাল তিওট ॥ দেব গির শ উরে গিরিবর দুহিতে। ধূয়া ॥ রণে কিরণ হয়ে ভানু ভান, যেন হুতাশন দনুজগণ দহিতে ॥ রাঃ টোড়ি গুজারি ।

তাল আড়া ॥ দুর্গে দুর্গ ভয়ে তারো অভয়ে। ধূয়া। কলুষ কলসভারি, বান্ধাতাহে কর্ম্মডুরি, বহিতে নাহিক পারি, ডাকি সভয়ে। সংসার সাগরে আকুল, ভাবিয়ে প্রাণ ব্যাকুল, তাহে গো কুলাও কুল, কালসময়ে হও তাহে কর্ণধার, ত্বরিব জগত আধার, এই বার করপার কালী তনয়ে ॥ রাঃ জনপুরিটোরি তাল একতালা ॥ বাঘের বসন পরেছো গো তারা, ধূয়া। বিভূতি ভুষণ একজটা করে অশি শশীভালে দশনে রসনা ধরা ॥ করে কালীদাস আশ কমল পদ বুদ্ধমই পরাৎ পরা ॥ তাল মধ্যমান ॥ ভাবনারে২ তারে যে তারে, তত্ত্বজ্ঞানে তে তৎ পর. তত্ত্বমসি তত্তকরো তরো ভব ভারে ॥ সচ্চিদানন্দ স্বরূপ, তেজোময় সেইরূপ, জগত বিস্তারে জ্যামন হয়ে চনক সেই জননী জনক কালিকে নিস্তারে ॥

রাঃ আশায়ারি তাল তিওট ॥ আমার মোনের কথা শুনো ওলোশই । কে আছে আর তোমাবই ॥ ধুয়া ॥ হেরিয়ে সেরূপ হয়েছি যেরূপ, আমিষে আমারোনই । নবীন নিরদ শ্যাম, জানিনে তাহার নাম। সেথাকে গোকুলে, চলগো যমুনার কূলে, কিকাজ আর আছে কুলেসহেনা থানিক বই ॥ রাঃ ঐ তাল তিওট ॥ শ্যাম বিয়োগি যোগি হয়েছে ব্রজবালা। ধু করিয়ে রোদন, নয়ান অঞ্জন, গনিয়ে গলেতে গুঞ্জমালা ॥ এলইয়েবেণী, দোলে জটাশ্রেণী কাণেতে কুণ্ডল কানবালা, পঙ্কজ লেপন, জলেহুতাশন বিরহ জালা ॥ ঐ তাল তিওট ॥ জলধরে হেরে আমার নয়নে না জলধরে। ধূয়া ॥ নবীন নিরদ শ্যাম, ত্রিভঙ্গ ভঙ্গিমঠাম, মুরলি ধরে অধরে। দিতে সে তুলনা, সেকথা তুলনা, অতুলনা রূপ তার, যদিবা করিবা তুল. নাহি হবে সমতুল, বাতুল হবে অন্তরে ॥ রাঃ সিন্ধুরাটোড়ী তাল আড়া ॥ শ্যামের গুণের কথা কবোকেমনে গো ॥ ধূয়া। গণিতে২ গুণ উঠয়ে আগুন মনে ॥ অস্থির নয়ন জলে, পুবে

শি যমুনা জলে, দ্বিগুণ জলে সলিলে। পয়ে হয়ে অনুপায়, কিসে না দেখি উপায়, ভেবেই কালি প্রাণে ॥ তাল ঐ ॥ আমার ভার এবার কিভার তোমার গো ॥ ধূয়া ॥ লইতে বিশ্বের ভার, হয়েছ রূপ বিস্তার, কালীকে কর নিস্তার, ডাকি বারে বার ॥ যে লয়ে শরণ, তারে বিড়ম্বন, এতো অবিচার। দিন দয়াময়ী নাম, না হইবে দিনে বাম, কলঙ্ক রবে তোমার

রাগ সারঙ্গ তাল মধ্যমান ॥ কিহেরিলাম রূপ অপরূপ একাম্বর কাননে ॥ ধূয়া ॥ তুলিয়ে ঙ্গস্তল ভারে, চূড়া বান্ধিয়াছে শিরে, মায়ে হয়ে ধেনুরাখে কে দেখেছে কোনখানে। নর কর কটিবেড়া, যেন শোভে পীতধড়া, ত্রিভঙ্গ হইয়ে খাড়া ঠেকা দিয়েচে পানে ॥ মহাদেব হল ধর, মহামায়া জলধর, অসি বাঁশি সৃঙ্গধরে, আবাদিছে চন্দ্রাননে। চন্দন রুধির ভালে, বন মালা মুণ্ডমালে, মকরাকৃতি কুণ্ডলে, যেন তারা মেঘকোলে, হেরি প্রচণ্ড তপণ, চারিদিগে গাভি গণ, ভাণ্ডির তলায় চণ্ডি কিবাশোভা গোচারণে ॥ তাল ঐ ॥ হে কদম্ব তরুবর শ্যাম চরণ বল কি সাধনে পাইলে। নীরদ কমল কান্তি, গোচারণে হয়ে শ্রান্তি, দাঁড়ায়ে রয়েছে তরুমূলে ॥ নিবিড় পত্রে আবৃত, তাহাতে হয়ে আবিত, শোভাকরে বহুফল ফুলে, পেয়ে কৃষ্ণ বলরাম, দেবের দুর্ল্লভ নাম, ধন্য২ কৃত পুণ্য হলে ॥ তাল ঐ ॥ কিশোভা কালিন্দীরঙ্গলে নঠবর তরুবর মূলে ॥ ধূয়া ॥ হেরিয়ে মনচঞ্চল, নয়ানে ভরিল জল, কতবা মুছিব অঞ্চলে। হায়২ কবোকাকে, কলসি লইয়ে কঁকে, ঘরেনাযাইতে পদোচলে। যদি হয় মনমথ নাহি হয় মনমত, ইহার এরূপ হেরিলে ॥ রাঃ গৌড় সারঙ্গ তাল মধ্যমান ॥ কেও শবাসনা, ভীষণা দিগবসনা, বিকট দশনা। ধুয়া ॥ সভয়ে অভয়ে বরে, সতি নিজ পতিপরে, একি বিবেচনা ॥ লজ্জারূপা নাহি লজ্জা, মেয়ে হয়ে রণ সজ্জা, পিয়ূষে মগণা কহিচে গোপীমোহনে ঐরূপ থাক মনে, কালী ত্রিলোচনা ॥ রাঃ মূলতানী আড়া ॥ আগে বুঝিও শ্যামেরিমন, আমায়আছে কি নাহি যতন। দাড়াইবেপাশেযদিশে সম্ভাশে, তবেকবে বিবরণ ॥করযোড় করেধরে দুটিকরে, করিও নিবেদন। তোমার বিরহে রহে কি নারহে ভাবিয়ে কালীবরণ ॥

রাঃ তাল ঐ ॥ ওগো আর যাবনা আমি যমুনারি জলে। ধূয়া ॥ হেরেছি রূপ যাহার, জলে মরো থাকাভার, নাম জানিনেতাহার সেথাকে গোকুলে ॥ যখন সে চায় ফেরে, আশিতে না পারি ফিরে, নিয়ে নাহি দেয় ফিরে, মন যে হরিয়ে নিলে। গুরুজনা ছিলো সাতে, মরেছিলাম সরমেতে, পুরিয়ে আনেছি কুম্ভ নয়নেরি জলে ॥ রাঃ মূলতানী তাল ঠুমরি ॥

ওহে নবীন নেয়ে, কানায়ে শ্যাম পারকর তরণী তরণী ধরিহে মুখচায়ে। ধূয়া ॥ দেখিয়ে যমনার কুল, হয়ে অতি ব্যাকুল, তমি রাখ যদি কুল কহে গোপমেয়ে। আপনি হইয়া মাঝি ডবাও না মাঝামাঝি, কালীকয় বড় ভয় ভব তরঙ্গ দেখিয়ে ॥ তাল যত ॥ নাচে আলো

কেশে, সবে দিগবেশে, অধরে রক্তের রুধির ধারা মা। ধুয়া ॥ কি দিব তুলনা, নাহিক গণনা, ত্রিভুবনে ভবামা ॥ আইল বসন্ত, লইয়ে সামন্ত, হল পরাজয় তারা লয়ে শরাসনে, রাখিলে নয়ানে কটাক্ষেতে তুণভরা ॥ রাগিণী মারোয়া তাল মধ্যমান ॥ শ্যামা সুখ ধামা শিবমঃ নারঃ। ধুয়া ॥ উমা ধুম্রা ভীমা বামা কালীকে কৈবল্য ধাম ॥

রাগিণী পূরবী তাল একতালা ॥ মন মোহিনী রূপে কে হরে বিহরে শ্যামা। ধুয়া ॥ চরণ ভরে ধরা ধীর না ধরে মগনে গজগামা ॥ রাঃ গৌরী তাল আড়া ॥ প্রসীদ পশুপতি পার্ব্বতী পতি। ধুয়া ॥ প্রজাপতি পিচাশপতি, পরাৎপর পতি, প্রণবপতি প্রমথপতি, পতি প্রাণাপতি, পতিত কালীদাস প্রণতি পশ্য কাশীপতি ॥ রাঃ ঐ তাল একতালা ॥ রুধির অঙ্গে রণ তরঙ্গে, নাচিচে শিবে যোগিনী সঙ্গে, লোলজিহ্বা সবউরে উলঙ্গে। শোনিতের ধারা পড়িছে জঙ্গে হয়ে ত্রিভঙ্গে, হাঁসিচে রঙ্গে, গ্রাসিচে কত গজ তুরঙ্গে। কিঞ্চিত ভঙ্গিম করি অপাঙ্গে কালী তারো কালীদীন পতঙ্গে ॥ তাল আড়া ॥ শ্যামং করে ব্রজের লোক কৃষ্ণ প্রেমে করে প্রাণ বিয়োগ। বিষম বিরহ জালা, বিষাদিত ব্রজবালা, অঙ্গে বিভুতি মলা করে করে যোগ ॥ রাগিণী কামোদ তাল তিওট ॥ কেরে আলো এলোকেশী নবীন মেঘের রূপ। ধুয়া ॥ করেতে বজ্র অসি, চপলা অচলা শশি, শিবেহেরে চমকে দনুজ ভূপ ॥

রাঃ হাম্বির তাল তিওট ॥ নবীন কানায়ে পানে চেয়ে হারাইলাম মন। ধুয়া ॥ নীল নলিনী বরণ, চরণপরে চরণ, রূপ নিন্দিত নবঘন ॥ রাঃ ইমন তাল একতালা ॥

আমার মন কেমন করে, নাহেরিয়ে শ্যাম রূপ অনুপাম মুরলি অধরে। কারে কব সই সরমে মরমের কথা মুখে বচন নাস্বরে ॥ রাঃ ছায়ানট তাল তিওট ॥ শিতল কদম্ব ছায়া নটবর শ্যাম বিরাজে। নবীন নিরদ শ্যাম ত্রিভঙ্গ ভঙ্গিম ঠাম ঘনং মুরলী বাজে ॥

রাঃ কেদারা তাল আড়া ॥ কেওরজত পর্ব্বত পরে রতন নুপুর পরে নক্ষত্র নক্ষ[illegible]পরে। ধুঃ গাঁথিয়ে চাঁদের মালা হৃদয় মাঝারে পরে। দিগবসন পরে, দশনে রসনা ধরে, রুধির ধরে অসি মুণ্ড বরাভয়, অর্দ্ধচন্দ্রের উদয়, নীল শিখর পরে ॥ রাঃ তাল ঐ ॥ দেখ কিবা শোভারে, বৃন্দাবনে বহে যমুনা। ধুয়া। নানা রমণীয় কুঞ্জ, হেরিহরে পাপপুঞ্জ, নাহি গণনা। নিত্য নানা মহোৎসব; নানামত বৈষ্ণব, শ্রীরাধাগোবিন্দ ভাবে সদা মগনা। বৈরক্ত সাধু করি, বাণপ্রস্থ ব্রহ্মচারি, করে সাধনা ॥ রাঃ কেদারা তাল আড়া ॥ কিবে শোভাকরে নিশি শশি যে তবরূপ প্রয়সী ॥ ধুয়া ॥ বিদিত বিধির গুণ, করেছে তব বদন, সিজ্জন নিৰ্জ্জনে বসি। নিরখিয়ে তেজরাশি, শশঙ্কে কলঙ্ক বাসি, গগণ বাসী মনেতে এই বিচারে লু[illegible]য়ে মেঘ ভিতরে; বলে অমনি হইয়ে আসি ॥ ॥

তোমারে ভাল বাসেনা। তুমি যথোচিত, এতো অনোচিত, তার নাহি চিত যেমন দশন রসনা।

রাঃ বাথার তাল মধ্যমান॥ কোথা হারাইলেরে আরে মন কেমন দেখি তোমারে। ধুয়া। আমার যে হতে চাও আগে হও আপনারে। যা তোমার কাছে নাই, তাহা আমি দিতে চাই, সদা ঐ ভয় পাই, পাছে নিয়ে নাদেয় ফিরে ॥ রাগিণী সুহিনী তাল আড়া ॥

চাহিয়ে চাঁদেরপানে তোরে হয় মনে। ধুয়া ॥ তুলনা হইলে দোঁহে তুলনা হবে কেমনে। যদি সমতুল করি নয়ানে মৃগাঙ্ক হইয়ে শশি নুকাও তব বদনে ॥ রাঃ তাল ঐ ॥

কিবে শোভাকর মুখ জ্ঞান হয় হিমকর। ধুয়া ॥ অমিয় বচন দানে তাপিতেরে হিনকর। কমলে যুগ্য খঞ্জন, কুচ করী দরসন, নিম্নত হয়ে রাজন, সকলে দিতেছে কর ॥

রাঃ তাল ঐ॥ ভ্রমরা আরে কেন ভ্রমেতে কর ভ্রমণ। ধুয়া ॥ কেতকী চাতকী জান এতকি সকি অধিন। যে তোমার প্রিয়োকর, তার প্রিয়ো দিবাকর, তবেকেন বৃথা কর, পরধন আরো ধন ॥ রাঃ বাগেশ্বরী তাল ঐ। যাওগো বিন্দে আনিতে গোবিন্দে বৃন্দাবন শূন্য আছে। এশব কেশব বিনে সবে সব হয়ে আছে ॥ শ্রীমতী জশোদা নন্দ, সকলেতে নিরানন্দ. নয়ন থাকিতে অন্ধ, স্পন্দহীন হয়ে আছে ৷ ব্রজের লোক বালক, বুঝি হয় পরলোক, হেন কেহ নাহি লোক, কহে লোকনাথ কাছে ॥ রাঃ তাল ঐ ॥ বিমল কমল অমূল্য তোমার বদন। নয়ান তুলনা কিছুতে হলোনা চপলা খঞ্জন মীন ॥ মধুপানে আসি যতো, শীরেতে আছে আবৃত, কালী অলি বলিযেন, বিধির একি রঙ্গ আছেসঙ্গো, কুরঙ্গ আর কামান ॥

রাঃ তাল ঐ ॥ মনেতে মানসো ফুরাবে মনে পাশরিয়ে যাবে। মণি হারাফণি মতো মতি ময়নান হবে ॥ মিলন হইবে কবে, কদাচ কারো নাকবে, কালীহয়ে প্রাণে রবে, পিরীতি [illegible] ॥ রাঃ ঐ তাল আড়া ॥ কেমনে তরিব ভবভয়, সদা এই ভয়। তব করুণা দুর্লভ [illegible] নিস্তার হব ভাবিয়েং সব ভব সব হয় ॥ কালী করিছে মিনতি, আমিগো পাপী হীন অতি, দুর্গা নামেতে দুর্গতি, কদাচ নারয় ৷ নাদেখি কিছু উপায়, শরণ লয়েছি পায় [illegible] দেখি তানয়, পাশান তনয় ॥ রাগিণী কানেড়া তাল আড়া ॥ আসিবে হরি এই [illegible] হইয়ে রয়েচে আমার দুটি নয়ান প্রহরি। ধুয়া ॥ আসয়ে আশ্রয় করি, নিশি সিসিরে সেহরি, শেষ হতেছে সর্ব্বরি হরি হরি হরি হরি ॥ রাঃ তাল ঐ ॥ মান ভরে ধরা অধরে বৃকভানু নন্দিনী। ধুয়া ॥ সাদরে অধর ধরে ধরণীধর আপনি ৷ করেছে যোগির বেশ ভূষণ হয়েছে শেষ, ভিক্ষুক রূপ এমনি ৷ যাহারে করহ চিন্তে, নাহিক পারহ চিন্তে, সেই এই চিন্তামণি ॥ রাঃ তাল ঐ ॥ অপরূপ শোভা আলো আলোকেশী মহেশ মহিশী। ধুয়া। লোলিত ত্রিভঙ্গে, সবে সব অঙ্গে, রঙ্গভূমে তেজরাশী ॥ বিগত বসনা, বিকট দশনা অট্টং

হ্বাশী । রুধির অধর ঃ অশিতাম্বধরাঃ বরাভয় মুক্তকেশী ॥ পদে মঙ্কপদঃ আপদে সম্পদঃ অবিমুক্ত বারানশী । কালীদাসের আশঃ তাহে বর বাসঃ দয়াকর মুক্তকেশী ॥

রাঃ ঐ তাল মধ্যমান ॥ কালীকা তারা ত্রিপুরারী কমলা আগো উমা । ধুয়া । অন্নদা অম্বিকা অম্বাঃ জগধাত্রী জগদম্বাঃ বগলা মাতঙ্গী ধূমা । দুর্গা ভৈরবী ভবানীঃ মহেন্দ্রানী মহেশানীঃ ছিন্নমস্তা বাণীরমা । অপর্ণা অপরাজিতে তবসুতে কালীদাসে করক্ষমা ॥

রাগিণী সাহানা তাল আড়া ॥ মাবিনে কে জানে আনে তনয়েরি ব্যথা গো ॥ ধূয়া ॥ অকিঞ্চন সুতেঃ যোগকরে পিতেঃ বল আর যাব কোথাগো । বাপের ভূষণ ছাইঃ কি আর বলি ছাইঃ শীরেতে ধরে বিমাতা । আপনি বাতুলঃ দিতে সমতুলঃ নাজানে বিধি বিধাতা । পাপেতে হইয়ে কালিঃ কাতরেতে ডাকি কালীঃ হইয়েছ কালা কালীঃ শুন সুতের দিনতা । জানতা বাপ্য জানতাঃ তুমি সকলি জানতঃ ত্বয়ি জগত প্রসুতা ॥ রাঃ তাল ঐ ॥ যতনে এত যন্ত্রণা এযাতনা কবকায় । পিরীতি কিরীতি অতি হইল বিষম দায় । ধূয়া ॥ যদি করি অভিমানঃ তারো উপজয়ে মানঃ মানাইতে তার মান আপনারি মানযায় । সুজনে মিলন হয়ঃ উভয়েরি থানে ভয়ঃ আকিঞ্চন অতিশয়ঃ জাতে প্রমধন রয়ঃ একের হয় অধিকঃ আনে নহে ততোধিক লোকে বলে ধিক২ কালীদহে প্রাণ তায় ॥ রাঃ তাল ঐ ॥ কব কারে কত ভেবেছিলাম অন্তরে সকলি ভুলিয়ে গেলাম দেখিয়ে তোমারে । ধূয়া ॥ মুখে নাসরে বচনঃ নয়ানে পলক হীন আমি যে আমার নই ॥ রাগিণী খাম্বাজ তাল ঐ ॥ হ্বাদেয় পদতলেতে ওগো বিশ্বমাতে । বহিতে নাপারি দেহ ভারি পাপেতে ॥ আমি কি করিব স্তবঃ বেদ আগম পুরাণেরবঃ আছে জগতেঃ হই করিতে অক্ষমঃ মম অপরাধ ক্ষমঃ কালী পতিতে ॥ রাঃ তাল ঐ ।

দিন তরিতে কাতর এতো, দয়াময়ী নাম তবতো । পা তোর তনয়ে দিতে পাথর বত ॥ কালী২ যতো ডাকেঃ ততই ফেল বিপাকেঃ মাবিনে আর কব কাকেঃ এদুঃখ যত ॥

রাঃ ঐ তাল আড়া ॥ শুনি ধনী শ্যামের বাঁশরি । যত গৃহকায লাজ সকলি পাশরি ॥ যমুনায় ভরি কলসঃ তুলিতে হয় অলসঃ শরীর হয়অবশ পড়ি পাশরি । কালা একরূপ হেরিয়ে এমনি করয়ে হিয়েঃ মনোতার চরণে দিয়েঃ কোথা নাশরি ॥ রাঃ তাল ঐ ॥

মন পবনের বায় তরণী চলে যায় ভাবিক নাহিব হাই চরণেতে বায় । যৌবন তরঙ্গ ভরে সদা টলমল করেঃ কেহ নাহি ধরে করেঃ পাছে ডুবে যায় । স্থল হইয়েছে জলঃ পদে মেদনী সিতলঃ ভাবিয়ে কালী বিকলঃ পার হয়াদায় ॥ রাঃ খাম্বাজ তাল ঝাপতাল ॥

অসুর দল বল হারিণী দেবদল পালিণীঃ কাল পরে কাল হরে কাল রাণী । ধূয়া । হৃদ কমল চরণতলঃ গরল পানে হও শিতলঃ হৃদয়ে ধরে পদ যুগল শূলপাণি ॥ বরণ কালো

রাগিণী পরজ তাল একতালা ॥ কিহেরিলাম রূপ শ্যামা সব ভবে ত্রিলোচনা । ধুয়া । বিচিত্র খট্টাঙ্গ ধরা নর মালা বিভুসনা । ধরা ধরেন্দ্র নন্দিনী, সুরা সুরেন্দ্র বন্দিনী, প্রচণ্ড চণ্ড খণ্ডিনী যোগেন্দ্র মনরঞ্জনা ॥ অসিদ্ধ সিদ্ধ সাধিনী, প্রসিদ্ধ সুদ্ধ বাদিনী, সুসিদ্ধ ভব তারিণী, কালীর সিদ্ধ সাধনা । সুধির রুধিরা ধরা, হুহুঙ্কারে কাঁপেধরা, গঙ্গা যার শীরেধরা পদধরা সেইজনা ॥ রাঃ তাল ঐ ॥ গিরীশউরে গিরীবালা, ত্রিভুবন করে আলা, ধুয়া ॥ রজত পর্ব্বতপরে যেন নবীন মেঘের মালা । রূপ ত্রিলোক তারিণী, সংহার স্থিতি কারিণী, মহেশ মনোহারিণী, বারিণী শমনের জালা । কালীর এমনে লয়, ওচরণে হয় লয়, যেন মা কালে না লয় প্রলয় সময়ের বেলা ॥ রাঃ তাল ঐ ॥ সবাসনার কিবাসনা, আমারে এ প্রবঞ্চনা । ধুয়া ॥ কালী২ যতো ডাকি ততো কর বিড়ম্বনা । যতই ভাবি অন্তরে, ততই হয় অন্তরে, দিতে চাহিগো মনরে, মন্ততো মোনে থাকেনা ॥ রাঃ তাল ঐ ॥ সকল তোমার বিবিসিকে, হেদেগো জগদম্বিকে, ॥ অসী যতো অবগত; শিবের বচনে সিখে । দেহ ভ্রান্তি হয়ে শ্রান্তি ভ্রমণ করাও দিগে২ ॥ তবপদ মক্ষপদ যাবনা তাহার দিগে । করে কর্ম্ম হয়েজন্ম দিয়েছ কপালে লিখি, প্রবৃত্তি নিবৃত্তি কর, তরায়ে তারা কালীকে ॥ রাঃ তাল ঐ ॥ আমার মন হরে হরি, বলোনা কিকরি ॥ ধুয়া । নাহয় এমন জ্ঞান আমি আমারি ॥ পদপরে পদধরি অধরে মুরলি ধরি, হেরি ওরূপ মাধরি, কেমনে প্রাণ ধরি । চাইতার কাছে যেতে, কিকায আর আছে জাতে, কদাচ না দেয় যেতে ননদী প্রহরি ॥ রাঃ ঐ মধ্যমান ॥ কেও কাল করালা কিবে রূপ রূপে ত্রিভুবন করেছে আলা । ধুয়া ॥ বদন অতি বিষাল, গলে দোলে মুণ্ড মাল, কিকদম্বের মালা ॥ দিগম্বরী অসিকরে, পিতাম্বর বাঁশি ধরে, শ্রীনন্দ নন্দন কভু নন্দ বালা । প্রকৃতী পুরুষ হয়, ব্রহ্ম ময়ী ব্রহ্মময়, কালীরো হৃদে উদয়, করে লীলা খেলা ॥ রাঃ ঐ ॥ যারেমোনচাহে সে কেননা চাহে । ধুয়া । যেমন পতঙ্গ, নাকরে আভঙ্গ, দিপকেতে দহেঃ ॥ রাঃ ঐ । সিবে ২ সোভেকিবে, চারিদিগে নাচে শীবে । ধুয়া । চরণে নুপুর, আলোকরে পুর, জ্ঞানহয় নিশীতে দিবে । চাহিয়ে রূপ অতুল, হইতেছে ভুলেভুল, ভাবিয়ে কালী আকুল, কিশেতে তুলনাদীবে ॥ রাঃ ঐ তাল মধ্যমান ॥ বিরহ তরঙ্গ বহে প্রেম সাগরে । ধুয় ॥ ভাবিক নাবিক ভাবে নাহি পারে যেতেপারে, নিশ্বাশে বিশ্বাস নাই, বৃথায় জীবন চাই, তবে যে প্রাণ ধারণ আহারে আহারোকরে, ॥ রাঃ ঐ তাল ঐ

বিচ্ছেদ বিচ্ছেদে প্রাণ এতো অনোচিত নয়, । ধুয়া । যেদিয়েছে মোন তারো কি কথন হও মরণের ভয় । তবেযে প্রাণ ধারণ, প্রিয়জন প্রয়োজন, মিলন আছে আশয় । উভয়েরো মনো, থাকে কিকথন, বৃথাকি জীবনযয় ॥ রাঃ ঐ তাল ঐ শাখর সুতে প্রসীদ ত্রিসিত

সুতে। ধুয়া। তুমি ত্রিজগত মাতা, তোমার আছে পিতা মাতা কিছুই নারি বুঝিতে ॥ যারনাম মহাকাল, তাহারো হয়েছে কাল, পড়ে চরণ তলেতে, আমিকি মহিমেকবো ঐ সবো জানেসব কালীকে হবে তারিতে ॥ রাঃ ঐ তাল ঐ ॥ মৃগরাজ বিরাজে কিবে রূপখানি ॥ ধূয়া ॥ অখিল ব্রহ্মাণ্ড কর্ত্রী, চতুর্ব্বর্গ ফলদাত্রী, জগদ্ধাত্রী রূপিণী ॥ নানা বিচিত্র ভূষণ, করে করে সবাশন, নাগ যজ্ঞ পবিতিনী। শিবে ভবমেসদয়া, অধিনেরে করদয়া, কালীকে রূপ আপনী ॥ রাঃ ঐ তাল ঐ ॥ এতোসাধের কালা গেলো কলঙ্কগেলোনা কালো । ধুয়া। গঞ্জনে নিরঞ্জন বহে হৃদয় কালো । ভাবিয়ে ২ শ্যাম, আপনি হইলাম শ্যাম, কালা কলঙ্কিনী নাম, থাকিবে আর কতো কালো ॥ রাঃ ঐ তাল ঐ ॥ যদি আছয়ে মোনে তবে কেনো আকিঞ্চন তবদরসনে। ধুয়া ॥ মিলন অমিও সুখ হয়তা মোনে ২ যথা তথায়ে নির খি ততই তোমারে দেখি, তাতে প্রাণ যুড়াএকি, নাকহিলে বচনে ॥ রাগঃ তাল ঐ ॥

ঐ আমি ঐভয়ে মুদিলে আঁকি নয়ান মুদিনে পাছে তারা হীন হয়ে থাকী ॥ ধুয়া ॥ যখনথাকি শয়নে, তখন এ ভয় মোনে, নাহেরে হারাই পাছে চাহিয়ে ঘুমাইয়ে থাকি ॥

রাঃ ঐ তালঠুঙ্করি ॥ হেরিসে হরি কালিন্দিরোতটে। সদাসেই রূপ মোনে উঠে। ধূঃ চরণে চরণ মেঘেরো বরণ । পীততটে বান্ধে কোটি তটে ॥ কদম্বতলে বন মালাগলে অমুল্য মণি হৃদয়ে দোলে ॥ করে বংশিকরে করে বিম্বধরে। কতোভঙ্গি করে নয়ান উলটে ॥

রাগঃ ঐ তাল মধ্যমমান্॥ জানিরেতোমারে জানি তুমিতাজানোনা জানি ॥ ধুয়া ॥ সেকথা কহিলে পরে পাছে হয় জানাজানি। যেই ভাবে পিরতম, তারো প্রতি ততমন, কিশে ভাব মম সম। যমসম যে আপনি ॥ রাঃ ঐ একতালা ॥ করোকেমনেরে মোনেরোকথা পাছে কিছু ভাব মোনে ॥ তুমি রসবতী জানলো পিরিতী। এবেদনা আনে নাজানে ॥ হেরিশে সেরূপ হয়েছি যেরূপ, কিজানি সে জানেকি নাজানে কহিতে তাহারে কহিল তোমারে নাকহিলে বাঁচি কেমনে ॥ রাঃ ঐ তাল মধ্যমান ॥ এতো নির্দয় হৃদয়, কেনবা চিত চঞ্চল হইয়ে সদয়। ধূয়া ॥ জারনিরন্তর, তারেকর সতন্তর, বহুভাবে ভাবান্তর কিমনে উদয় ॥

মিলন হইয়ে না হইলো মিলন, একেমন মিলন ॥ সুমুখে বিমুখে মুখে নাহিক বচন । বহু যতনেতে আসি, মানেতে পোহায় নিশি, সাধিতে আর বিষাধ নিষেধ না মান ॥

রাঃ ঐ তাল আড়া ॥ সুখের রজনী যায় পাছে আমার প্রাণ যায়। ওহে দিনকর, কেন দিনকর, মিনতি করি তোমায়। কেবলে তাহারে দোষি তারদোষে আমি দোষি ॥ ধূয়া । নিরন্তর তার গুণ, সদদ অন্তরে ঘুষি ॥ রাঃ তাল ঐ ॥ নলিনী লোলিত হয়ে মানভরে, একি অপরূপ রূপ মৃণান কমল পরে । অধ বদনেতে বসি, কেশে মেঘাচ্ছন্ন শশি, জবল

রাঃ ঐ তাল একতালা ॥ আরে আমার বাসনা কারেভালবাশো সেতো তোমারে ভালবসনা। তুমি জথোচিত, এতোঅনোচিত তারো নাহিচিত জ্যেমন দশনরসনা॥ রাঃ ঐ তাল মধ্যমান॥ কোথাহারাইলেরে আরেমন কেমন দেখিতোমারে, ॥ ধুয়া আমারোযে হতেচাও আগেহও আপনারে,॥ যা তোমারো কাছে নাই, তাহা আমিদিতে চাই, সদা ঐ ভয় পাই, পাছে নিয়ে নাদায় ফিরে॥ রাগিণীসুহিণী তাল আড়া ॥ চাহিয়ে চাঁদের পানে তোরে হয়মোনে॥ ধুয়া॥ ॥ তুলনা হইলেদোহে তুলনা হবে ক্যেমণে,। যদি সমতুলকরি নয়ানে নয়ানে মৃগাঙ্ক হইয়ে শশিনুকাও তববদনে॥ রাঃ তাল ঐ ॥ কিবেসোভাকর মুখ জ্ঞানহয় হিমকর॥ ধুয়া ॥ অমিয়ে বচন দানে তাপিতেরে হিম কর, কমলে যুগ্ম খঞ্জন, হচকরিদরসন, নিয়ত হয়েরাজন, সকলেদিতেছে করো,॥ রাঃ ঐ তাল ঐ ॥ ভ্রমরা আরে কালো ভ্রূমেতে করো ভ্রমণ॥ ধুয়া ॥ কেতকী চাতকী জান এতকী সেকি অধীন য়ে তোমারো প্রয়োকরে, তারো প্রিয়ে দিবাকর তবেকেন বৃথা করো পরধন আরাধন,॥

রাঃ বাগেশ্বরী তাল মধ্যমান ॥ যাও গো বিন্দে, আনিতে গোবিন্দে বৃন্দারণ্য শূন্য আছে ধুয়া ॥ এসবকেশব বিনেসব সবহয়েআছে, শ্রীমতি জশোদা নন্দ, সকলেতে নিরানন্দ, নয়ান থাকীতে অন্ধ স্পন্দ হীনহয়েআছে, বৃজরো লোক বালক বুঝি হও পরলোক, হেনকেহ নাহি লোক কহে লোক নাথকাছে॥ রাঃ ঐ তাল ঐ ॥ বিমলকমল অমুল্য তোমারো বদন,॥ ধুয়া ॥ নয়ান তুলনা কিছুতে হলোনা চপলাখঞ্জন মীন। মধুপানেআসিযতো শিরেতে আছে আবৃত, কালি অলি বলি যেগো বিধির একিরঙ্গ, দুই আছেশঙ্গো, কুরঙ্গ আর কামান॥ রাঃ ঐ তাল ঐ ॥ মোনেতে মানসো ফুরাবে মোনে পাশরিয়েজাবে,॥ ধুয়া ॥ মণিহারাফণি মতো মতি মৃয়মানহবে, মিলন হইবে কবে, কদাচ কারোনাকরেকালি হয়েপাণে রবে পিরিতিরবেনারবে॥ রাঃ ঐ তাল ঐ ॥ ক্যমনে তরিবো ভব ভয় সদা এই ভয়,॥ ধুয়া ॥ তবকরুণা দুল্লভ, কিরূপে নিস্তার হবো ভাবিয়ে২ সবো ভব সবহয়, কালীকরিছে মিনতি, আমিগো পাপীদীনঅতি দুর্গা নামেতে দুর্গতি কদাচ নারয়, নাদেখি কিছু উপায়, স্মরণ লয়েছি পায়, চিন্তিদেখিতানয়, পাশান তনয়, রাঃ কানড়া তাল আড়া ॥ আসিবেহরি, এইমোনেকরি, হইয়ে রয়েচে আমার দুটী নয়ান প্রহরি,॥ ধুয়া ॥ আসিয়ে আশ্রয় করি, নিশি শিশিরে সেহরি, শেষ হতেছে সর্বরি হরিহরিহরিহরি ॥ রাঃ ঐ তাল ঐ ॥ মানভরে ধরা অধরে বৃক ভানু নন্দিনী,॥ ধুয়া ॥ সাদরে অধর ধরে ধরণী ধর আপণী, করেছে যোগীরো বেস, ভুষণ হয়েছেশেষ, ভিক্ষুক রূপ এমণী য়াহারে করহ চিন্তে, নাহিকো পারহচিন্তে সেই এই চিন্তামণি,॥ রাঃ ঐ তাল ঐ

অপরূপ শোভা আলো আলোকেশী, মহেশে মহিশী, ॥ ধুয়া ॥ লোলিত ত্রিভঙ্গে শব
শবঅঙ্গে রঙ্গভূমে তেজোবাশী ॥ বিগতবসনা বিকট দশনা, অট্ট২ হাশী, রুধির অধরা
অশিত অঙ্গধরা বরাভয় মুক্ত কেশী, পদেমক্ষপদ, আপদে সম্পদ, অবিমুক্ত বারানশী; কালী
দাসেরো আশো, তাহেকরো বাসো দয়া করোমুক্ত কেশী ॥ রাঃ ঐ তাল মধ্যমান ॥
কালীকা তারা ত্রিপুরাশুন্দরী কমলা আগোউমা । ধুয়া ॥ অন্নদা অম্বিকা অম্বা, জগ
দ্ধাত্রী জগদম্বা, বগলা মাতঙ্গীধুমা, দুর্গা ভৈরবী ভবাণী মহেন্দ্রাণী মহেশাণী, ছিন্নমস্তাবাণী
রমা, অপর্ণা অপরাজিতে ভবসুতে কালীদাসেকরোক্ষমা, ॥ রাগিণীসাহান তাল আড়া
মাবিনে কে জানে আনে তনয়েরিব্যেথাগো ॥ ধুয়া ॥ অকিঞ্চনসুতে যোগকরে পিতে,
বলআর যাব কোথাগো, বাপের ভূষণ ছাই, কিআর বলিবো ছাই, শীরেতে ধরে বিমাতা ।
আপনি বাতুল দিতে সমতুল না জানে বিধি বিধাতা ॥ পাপেতে হইয়ে কালি কাতরেতে
ডাকিকালী, হয়েছো কালাকালী, শুনসুতেরো দিনতা জানতা বা প্যজানতা, তুমি সকলি
তযিজগত প্রসূতা ॥ সাহানা ॥ যতনে এতো যন্ত্রণা এ যন্ত্রণা কবোকায় । পিরিতি কি
রিতি অতি হইলো বিসমদায় ॥ ধুয়া ॥ যদি করি অভিমান, তারোউপজয়ে মান, মানা
ইতে তারোমান, আপনারি মানযায় । সুজনে মিলন হয়উভয়েরি থাকে ভা, অকিঞ্চনঅতি
শয় । যাতে প্রেমধন রয়, একের হয়ে অধিক, আনে নহে ততো ধিক লোকে বলেধিক২ কালি
দহে প্রাণ তায় ॥ রাগ ঐ ॥ কবোকারে কতোভেবেছিলাম অন্তরে সকলি ভুলিয়েগেলাম,
দেখিয়ে তোমারে ॥ ধুয়া ॥ মুখে নাসরে বচন নয়নে পলক হীন আমিযে আমারোনই ॥
রাগিণী খাম্বাজ ॥ স্থানদায় পদতলেতে ওগোবিশ্বমাতে । ধুঃ ॥ বহিতে নাপারি
দেহ ভারি পাপেতে ॥ আমিকি করিব স্তব, বেদআগম পুরাণেরব, আছে জগতে, হইকহিতে
অক্ষাম মনঅপরাধ ক্ষাম কালীপতিতে ॥ ঐ ॥ দিনতারিতে কাতর এতো, দয়াময়ী নাম
ভবতো, পাতোর তনয়দিতে, পাথর বত । কালী২ জতো ডাকে, ততই ফেলবিপাকে, মাবিনে
আর কবোকারে, এদুখোযত ॥ ঐ আড়া ॥ শুনিধ্বনী শ্যামেরো বাসরি । যতগৃহ কাজলাজ
সকলি পাসরি ॥ জমুনায় ভরি কলস, তুলিতে হয় অলস, শরীর হয় অবশ পড়িপাশরি
কালী একপ হেরিয়ে এমনিকরয়ে হিয়ে মোনো তারচরণে দিয়ে কোথা না শরি ॥
ঐ ॥ মোন পবনের বায় তরণী চলেযায়, ভাবিক নাবিক নাই চরণেঃত বায় । ধুয়া ॥
যৌবন তরঙ্গ ভরে সদা টলমলকরে, কেহ নাহি ধরে করে পাছে ডুবে যায় ॥ স্থল হইয়াছেজল
পদে মেদণী সিতল, ভাবিয়ে কালী বিকল পার হয়া দায় । রাঃখাম্বাজ তালঝাপতাল ॥
অসুরদলবলহারিণী, দেবদল্ল পালিণী, কাল পরেকাল হরেকালরাণী ॥ ধঃ ॥ স্থলকমল

চরণ তল, গরল পানে হওশিতল, হৃদয়ে ধরে পদ যুগল শূল পাণি ॥ বরণকালো গললেতে দোলে মুণ্ড মাল, মুথক রাল করেকপাল, খড়্গ পাণি, শশি বিমল শোভে ভালো আলুয়েপড়ে পড়ে কেশজালো নিরখি কালী হও কালোরূপ খানি ॥ খাম্বাজ তাল আড়া ॥

কি হবে পুরুষ মেয়ে, নাচিছে উলঙ্গ হয়ে। শবের উপরে লাজ নাকরে ॥ ধূয়া ॥ হেরি চরণ ভঙ্গিমে নাহিদিতে পরিসমে, বুঝি ত্রিগুণে রূপ নাধরে ॥ কোটি বেড়া নরকর, জেনশোভে পীতাম্বর রুধিরে শোভে অধর বসিশিখরে। এলোকেশী অট্টহাসি, বিদ্যুত খদ্যোত বাশী নাহিকো চমকে গগণ পরে ॥ রাঃ ঐ তাড়া ॥ কেগো বংশীবটে শুনিয়ে মধুর ধনি ঐকী কানাই বটে। ঘণঘণ বাজে বাঁসি আর কি না ভালো বাশী, দাসি উহারি নিকটে ॥

রাগিণী খম্বাজ তাল খেমটা ॥ বংশীকি হলো মোরে আমর মোনের কথা বড় বেথা কই তবেগো সই তোমারে, যদি ঘরে করিকান, মোনে পড়ে শ্যাম, রৈতে নারি আর তো ঘরে ॥ খাম্বাজ মধ্যমান ॥ জানতো যতো যতনে হয়রে পিরীত। তবে তারে অজ তন ক্যেনবা এতো ॥ প্রথম মিলন হয় আকিঞ্চন অতিশয়, এখন ক্যেনবা নয় তোমারো মত ॥ রাঃ ঐ ॥ লম্বিত গলেমুণ্ডমাল, দম্ফিত ধনি মুখকবাল। স্তম্ভিত পদে মহাকাল, কম্পিত ভয়ে মেদিনী ॥ ধয়া ॥ দিগবাসিনী চন্দ্রভাল, আলুয়ে পড়ে কেশজাল, শোভিত অশী করে কপাল, শিশির শিখর নন্দিনী ॥ চারিদিগে যত দিক পাল, ভৈরবশিবে তাল বেতাল, একি অপরূপ রূপ বিশাল, কালীকলুষ খণ্ডিণী ॥ রাঃ ঐ ॥ মোনোযে ক্যেমন করে ক্যেমনে কহিবকারে। আমারোজেমন মনো তারোতেমন হারে ॥ শুনেছি লোকেতে কয় মোনে২ পরিচয়, তবে ক্যেন নাহি হয় তাহারো আমায় তরে ॥ রাগণী খাম্বাজ ॥

মনোযে মনের মত নাহলোআমার। নিদয় হৃদয় দিয়ে দহে অনিবার। ধূঃ ॥ যারেযত পিয়জন সেনাকরে প্রিয়জন; যে আমার নহে কে হবে আমার ॥ ঐ ॥ যতন করিয়ে জতো যাতনা আমার সই। যাবলিয়ে ভাল বসে যতো বলে ততোসই ॥ জ্যেমণ আমর আকিঞ্চন, সেনহে ত্যেমনজন, তারেকরে প্রিয়জন; কালীহলো প্রাণসই ॥ রাঃ ঐ একতালা ॥

ওরে আমারো পিপাসা, নাহবে আর আশা। ভাবরে অশিত বরণ শিতল হবে আশা। ধূঃ চাহিভেং জল আসিবে নয়ানে জল দেখিবে রূপ সজল কারণ জলে ভাসা ॥ বিষয়েরমৃগ তৃষ্ণা ক্যেন হও মতিভ্রষ্ট, জীবনের আশা, নাহিক আর উপায়, কালী নামে করো পায়, ত্রিভু বন বনময় কোথা রবে বাশা ॥ রাঃ তাল ঐ ॥ ওগো সবাসনা বৃথা তোমারউপসনা হিমগীরি রাজকন্যা আছে গো একরূপসনা ॥ ধূয়া ॥ সবং অঙ্গে পরা নাহি তোমার উপাশনা। তেজিয়ে মণিমন্দিরো, শশ্মানে মশানে ফেরো চিতা ভস্ম বিভূষণা তোমারো এই দুর্গতি, কি

হবে আমার গতিঃ বাস হীন বিবসনা ॥ রাগ বেহাগঃ মধ্যমান ॥ বলওগো বিন্দে আর কিদে গোবিন্দে আনিবে না বিন্দাবনে॥ ধূয়া ॥ শ্যাম বিরহে রহেকি নারহে, যত বৃন্দাবন বৃন্দে, ॥ নাহেরে রূপ তাহার, অসয়ন নিরাহার জীবন ধারণ ভার ভষণ পরেছি নিন্দে আহারে করে আহার ॥ বসে গাঁথিতেছি তার, নয়ানেরি জল বৃন্দে ॥ ঐ ॥

মধুবন বলিতে রজণীতে রোদনেসয়ন অবনীতে ॥ ধূয়া ॥ কৃষ্ণ বিরহে কাতরা, হাহাকার তরা তরা২ আহারে আশয় শ্যাম ধনিতে ॥ ঐ একতালা ॥ ঝুলিচে প্যারি নাগর সঙ্গে অলসে অবসহয়ে অঙ্গে. শ্যাম অনুরাগিনী ॥ দাঁড়ায়েছে কিবা হয়ে, ত্রিভঙ্গ পরসিয়ে দুই অঙ্গে২ যেমন নবীন মেঘেরো সঙ্গে চমকে সৌদামিনী ॥ ঐ ॥ বাসনা বাসনা করে ভাল বাসিতে জারে ॥ সেযদি অগুণ হয় গুণাগুণ নাবিচারে। আছে লোক মুখেসোণা, পরশেতে লোহাসোণাজলাতনে হেমপরসকরিলেতারেঃ ॥ রাঃ ঐ তাল ঐ ॥ বিদিতবিধির গুণজানিলাম এখন প্রাণ ॥ ধুয়া ॥ যাছিলোতাহারি ঠাইবুঝিআরো কাছেনাই, সকলি তোমায় অর্পন, বুঝিলাম মম ওল, সকলিহইলো ওল, তুলনা হয়কখন শশিদেখিলে,আকাশো আকাশেকরিলেক বাস ভূমিতে থুয়েকিরণ ॥ রাঃ ঐ তালতিওট ॥ তুমিযাই২ করোনারে প্রাণএকজাই ॥ ধুয়া ॥ কতোআছে কথামোনে, কহিবোতোমার সনে দেখিলে সকলি ভুলেজাই, আগেমোরযাবে প্রাণ, তবেতুমিজাবেপ্রাণ, কীসাধে বিসাদ প্রাণচাই, সুনি এতবগমন, প্রানযেকরে কেমন সরমেমরমে মরে যাই ॥ রাঃজয়জয়ন্তী তাল আড়া ॥ হেব্রজ নিধি ভবজলধি তারয় দীনে, ॥ ধুয়া ॥ পাপীঅজামীন অজ্ঞান, তাহারেকরেচো ত্রাণ, পুরানে, তবকরুণা দুর্লভ, কিরূপে নিস্তার হবো, চিন্তাএইমোনে ওহেরাধাবল্লভ, দেহ পদপল্লব,হেনাথশ্রীনারায়ণে. ॥ রাঃসুরোটজয়জয়ন্তি তালএকতালা ॥ বিশ্বেশ্বরশ্রী ব্রজ কিশোরবাসুদেব বানেশ্বর, ॥ ধুয়া ॥ কাশীবাসি গোকুলবাশী মুণ্ডধরকরেতে বাশী বৃষভবাহন গরুড়াশন, দিনেদয়া করহরমুরহর বাঘাম্বরপীতাম্বর নীলকণ্ঠ নিলকলেবর মউরমুকুট শিরে জটাভার, গলেতে বিহরে ফণিমণি হাররূপেরো তুলনা দুজনা দোহারোকালী দাসকহে কিদিবোকাহারো, শরণাগতওহে হরি হর করোবা কৃপা নাকরো ২ ॥

তাইতো কালার লাগি প্রান কান্দেগোসই ॥ ধুয়া ॥ তারগুণহলেমনে মোনে থিরনাহি বান্ধেগো, একদীন সেই ব্রজে গিয়েছিলাম পদব্রজে আহা২ বাজেবনেকরেছিলোকান্দেগো ॥

রাঃসুরাট তালমধ্যমান ॥ কেগো কদম্বতলে নেবেচে নবীনমেঘ ॥ ধুয়া ॥ অতি গভীর বংশী ঘনগরজে চূড়ায়েবিজলি চমকে, মন্দ ২ ঘনবারিরবিসনকবয়েকলয়তি কোকিল ভেক, বহেসমীর অস্থির জমুনানীরহইতেছে অতিসয়বেগ, ॥

রাগ গোড় তাল আড়া ॥ বরণ কালতে আলো কে আলো সখী । ধুয়া ॥ কিশোভা কদম্বতলে বিহ্যদ নিরদ দেখি । লইতে জমুনাজলঃ হেরিয়ে রূপ সজলঃ নয়ানেতে আশেজল জখন নিরখি ॥ রাঃ ঐ তাল মধ্যমান ॥ একেমন কালো কালো রূপেকরে আল কালরাত্রি কালজায়া পদতলে মহাকাল ॥ কালজায় কালজায়াঃ এই কালে করদয়াঃ কালীদাস সে কালীভেবে অন্তকালে হয়কাল ॥ রাঃ তাল ঐ ॥ সখীমরে কালাকি কাল ঘটিল ॥ ধুয়া একি অপরূপ ওরূপঃ নিরখিয়ে সেইরূপঃ ভেবে আমারো সেইরূপ হল । পরাণ কাতর হয়ঃ কিকরিবে হলভয়ঃ বুঝিহলে কালিদিতে হলো । সদাই করে কেমনঃ কেনবা হয় এমনঃ তার মনো তেমন নহে লো ॥ রাঃ তাল ঐ ॥ কালীকে করুণাকর কাতর কিঙ্করে । কালরাণী কাদম্বিনী কৃপাময়ী তারে ॥ কহমা কিরূপে তরি কলুষ সাগরে কালজায়া কর্ণধার ভাকিমা তোরে । দিবেকর প্রভাকর পদে শোভাকরেঃ কোটীতে কিঙ্কিনী আর দোলে নরকরেঃ করাল বদনা করিকতো গ্রাসকরেঃ কপালে কবোল আরঃ গলিত চিঙ্গরে ॥ রাঃ সুরট তাল মধ্যমান সবপরে নাচো শ্যামা নগণা হয়ে । ধুয়া । লাজেরে দিয়েছো লাজ কেমন মেয়ে ॥ ভয়ঙ্করী অ শিখরা সর্পের ভূষণ পরা অধরে রুধির ধারা পড়িছে বায়েগো ॥ রাঃ তাল আড়া ।

পদ্ম রতনে জতন কেবা নাকরে ওগোসইঃ এতোনহে আমাবই । সকলের সুখোদয়ঃ আমার দহে হৃদয়ঃ কেবল এদুঃখ সই ॥ রাঃ গোঁড় তাল আড়া ॥ ঘন বরিষে নয়ান নারি বারিতে বারি । ধুয়া ॥ বিচ্ছেদ মেঘ অন্তরে অন্তর করিতে নারি ॥ এই প্রবল বিরহঃ কালি হতেছে দেহ উপায় নাকহে কেহঃ জলেযে জলিয়ে মরি ॥ রাঃ তাল ঐ ॥ আদরে আদর বাড়য়ে কত চপালয় হযে চঞ্চল মুখেতে দিয়ে অঞ্চল নিরখিয়ে আখি পথ ॥

রাগিণী দেশ তাল মধ্যমান ॥ কেগো ফিরে ধীর সমিরে বঙ্কবিলোকনে চাহে ফিরে২ ॥ সদাই শুনিতে পাই, বড়াই করে বড়াই, সেকি শিখিপুচ্ছ শীরে ॥

রাঃ তাল ঐ ॥ নীরদ হেরিয়ে নীরদ ওনয়ানে ॥ ধুয়া ॥ ঘন২ নবঘন হওযে মোনে । তড়িত জতিড় চূড়া চমকিত ক্ষণে২ঃ বুঝি গরুড় আরূঢ় শ্যাম শোভাকরেছে বিমানে ॥

রাগ সুরটমল্লার মধ্যমান ॥ বুঝি আর বিরহে নারহে আমারো প্রাণ প্রাণ । ধুয়া ॥ হইয়ে এদেহ শূন্য, চারিদিগে দেখি শূন্য, অনঙ্গ হয়ে সসৈন্য, হানিতেছে বাণ প্রাণ । ভেবে কালি হলো কায়, এদুঃখ কহিব কায়, নাদেখিয়ে প্রাণ যায়, কে আমার সেথা যায়, আপনি করিয়ে মানঃ হইলাম মৃয়োমান, নাহি রাত্রি দিনজ্ঞান, সদাই ঝোরে নয়ান ॥ রাঃ তাল ঐ ॥

ঘণগরজে যত ঘণগরজে ততো দেখিতে সে প্রিয়োত্তম । ধূয়া ॥ মমতা ভেবে মমতা কতই বাড়ে মমতা তারোপ্রতি যততম ॥ রাগ তাল ঐ ॥ ভালবাশার নিবাসে আশিতে বিলম্ব

কেন। ধূ।। তব আশারো আশয়, এই মম মনেলয়, আগে মনেকরেছিলে নাকরিতে আগমন।।
রাঃ ঝিঁঝিট তাল তিওট ॥ আমার এমনে তারে কেমনে পাশরেঃ করে নিশি বাসরে। সদাই বুঝাই তাই, যদিবা কোথায় যাই, যাতে নাহি পাশরে ।। রাগ তাল ঐ ।।
এইতো পিরীতে রীত হইলো দোঁহেতে। যেমন দর্পণে মুখ পায়তো দেখিতে। দোহার উপজে মান, কেহ নাথাকে প্রমাণ, উভয়েরি প্রাণ জ্ঞান বাড়িতে ।। রাঃ ঐ তাল মধ্যমান ।।
আরকি তারে আর পারিরে ত্যাজিতে। ধূয়া ।। তিল আধ পরমাদ নাপাইলে দেখিতে। কতই বলেছি মানে, সেকথাকি মোনেমানে, বুঝাতে পারেকি আনে যারে নাহেরিতে ।।
রাগ তাল ঐ ।। অন্তরে অন্তর তারে করিবো কেমনে সই। ধয়া ॥ মনে নাহি মোনে করেঃ তাহার মন্তর বই। যদি হয় কথান্তর, নাহি হয় মতান্তর, আঁখি ঝুরে নিরন্তর, যদি দুরন্তর রই
রাগ তাল ঐ ।। যায় যাক প্রাণ আমার তার বিরহে। কিছার মিছার প্রেম সেযদি নাচাহে সাধিতে ততো বিশাধ, নাহিক মানে বিশাদ, কি আর রাখিয়ে সাধ এছার দেহে ।।
রাগ তাল ঐ ।। সই যেজার মরমে লাগে সেকি তারে ত্যজিতে পারে। নাঘুচে আঁখির আশা শুমুখ হেরে ।। জার জাতে মজে মন, সেতার পরম ধন, সদত সে প্রাণপণে করে তাহারে ।।
রাগ তাল ঐ ।। তুমি যদি আমি হইতে এমনি দুঃখি আমি হইতে। ভালবাসার আশয়বিচ্ছেদ জানিতে আশয়, তবে একি পরিচয় হইতো দিতে ।। রাগ তাল ঐ ।। পিরীতে সুখ হলোনাহলো আমার তাহাতে কিবাফল।। আশার আসয় পরাণ নাসয় হয়তো সেওভাল ।। যদিরে জগতে, মরেছে পিরীতে, জানিবেতো সকল। আমার তাহে খেদ, তোমার বিচ্ছেদ, হৃদয়ে কারিলো।
রাগ তাল ঐ ।। ভুলনারে প্রাণ ভালবাশি বলে। আগেতে জেনে সুজন, সাদরে সঁপিলাম প্রাণ, তুমি প্রিয়ো বাশিবলে।। রাগ তাল ঐ জঠর কঠর আর দিয়েনা আমারে মা। ধূয়া। আসি জাই একাযাই বারেং ।। ভ্রমাও অসিত লক্ষ, তুমি তাহে উপলক্ষ, কিঞ্চিত হও সাপক্ষ দাক্ষ্যায়ণী তারে। তুমি সর্ব্ব জীবময়ী, দিনহীন দীনময়ী, দয়াকর দয়াময়ী, কালী তনয়েরে
রাগ তাল ঐ ।। আমার জীবন ধন কৃষ্ণেতে করেছি অর্পণ। নাহি হয় অন্যমন, নাহি কিছু অন্যসন। সদাই দেখিতে পাই মম হৃদয় অর্পণ।। নিরাকার সে আকার, নিরঞ্জন, নিরাকার, চরাচর ব্যাপ্ত তাঁর রূপ হতেচে দর্শন। বিশ্বময় বিশ্বহেতু তরিতে বিশ্বের শেতু, কেমনে করিব তায় একরূপ রূপ কল্পনা ।। রাগ জঙ্গলা তাল মধ্যমান ।। রশনা বস নাহলো তোমারো স্মরণে। ধূঃ ।। কৃপাকর বিবসনা বিবস নাহয় মনে। মুখেতে বচন নাশরে থাকিব ধ্যানধারণে দেখাইয়ে অন্যরূপ চঞ্চল চঞ্চলকরে নয়ানে। কিহবে মমউপায়, বিফলে জনম যায়, দয়াকরি রাখ পায় কালীদাস নিজগুণে ।। রাগ ঐ তাল একতালা ।। মহামায়ার মহামায়া বারঃ

বুঝাভার। যে বুঝেচে সেপেয়েছে তারনহে বুঝাভার॥ আকার তোমার মিছে কিবল অঙ্করাকার ওকারেতে চন্দ্রবিন্দু প্রণব তব আকার। কভুস্থূল কভু শূক্ষ কভু জগত নিস্তার কালাকালী একাকার কর কালীকে নিস্তার॥ রাগ তাল ঐ ॥ জারে নাহেরিলে ঝোরে প্রাণ কেনতারে দেখিলে উপজয়ে মান। শুন প্রাণসই, দুঃখ তোরে কই, ইহার প্রমাণ, নাহেরি যখন, মণিহারা ফণি, হয়ে থাকি মৃয়মান, আমার অধিক, সেনহে ততোধিক, ধিক হেনপ্রাণ ॥

রাগ তাল ঐ ॥ ভাবনা ভাবনা সদা শিবের চরণ ॥ ধুয়া। কি মিছে করিযে নিত্য অনিত্য কর ভ্রমণ। নিশ্বাষেতে প্রাণযায়, বিশ্বাষ করোণা তায়, কি আশ্বাসে বিষয় বিষে বৃথাহও জলাতন ॥ জাবত জীবনে জীবে, তাবত নাহি ভুলিবে, কালীরে করেছ কালী প্রাণপনে প্রাণাপণ॥ রাগ তাল ঐ ॥ স্থানদিয় পদতলেতে ওগো বিশ্বমাতে। বহিতে নাসারি দেহ ভারি পাপেতে ॥ আমি কি করিব স্তব, বেদ আগম পুরাণে রব, আছে জগতঃ হই কহিতে অক্ষম, মম অপরাধ ক্ষম, কালী পতিতে ॥ রাগ তাল ঐ ॥ বাঁসি বাজাওনা শ্যাম যাবে অবলার প্রাণ। মুখ হেরি হরে প্রাণ; তাহে মুরলি রসান, রূপ অনুপান ॥

রাঃ তাল ঐ ॥ আহারে আহা মনেকরে যাহা। কে আছে বেথিত আমারে বেতিতো কহিব তারে তাহা ॥ রাগ ঐ তাল একতালা ॥ আমি বলেছি তখনি ওগোসজনী, নাকরো মান মাধবে, এখন ভাবিয়ে প্রাণ যাবে, কে আছে ব্যথিত, আমারে ব্যতিত কে তোমারে এসুধাবে ধুয়া ॥ কহেছিলাম আগে, রাখিও সোহাগে, গোকুল বাসি জাদবেঃ এতোমারো খেদ, বিসম বিচ্ছেদ, হৃদয় পরহবে ॥ করিয়ে বিবাদ, ঘটিল প্রমাদ, এবাদে বাদ সাধিবেঃ বাঁচি দিনে দিন, তনু হবে ক্ষিণ, প্রাণে বাঁচা ভার হবে। অবস হবে অঙ্গ, সেরূপ ত্রিভঙ্গ, মোনে উদয় হবেঃ ভাবিয়ে ব্যাকুল, হইবে আকুল, জলে থাকা ভারহবে ॥ নব ঘন শ্যাম, প্রেমসুখ ধাম, কেমনে তারে ভুলিবেঃ যদি দুষীভাব, তাহার অভাব, গুণ ঝুরিয়ে মরিবে। এইথত মম, সাধ প্রওমত, তমকরে কিহবেঃ সেই পীতবাসে, আশে তব বাসে, মোনে কালী নারবে ॥

রাগ কাফি সিন্ধু তাল আড়া ॥ নারীর ব্যাভার ভার করোনারে মনে আর। সদাই লবোল বলে অবলা নাম তাহার ॥ কেহনাহি কিছুবলে, আপনার বোলছলে, আঁখিজলে ভাষেযার মানাইতে হয়মান, ঘুচায়ে আপনার মান, এইতো রীতো সভার ॥

রাগ ঐ তাল জত ॥ কহ প্রাণ কেমনে ছিলে সুখেতে নিশিবঞ্চিলে। ধুয়া ॥ শরীর অবস নয়ানে অলস, ভ্রমেঘুমে পড়ঢুলে ॥ তবে ধ্যাণকরি, গোঁয়াই সর্ব্বরী, ভাসিয়ে নয়ান জলে। তমি অনেকের প্রাণ, আমার এপ্রাণ, কিহবে তোমারো গেলে ॥ রাগ ঐ তাল মধ্যমান ॥ কোথাহতে আলো প্রেম কোথাই বাযায়। কিতার আকার কেহ দেখিতে নাপায় ॥ জেমন

জলের বিম্ব জলেতে লুকায়, নয়ানেতে বহেজল, জলাতন কায় ॥ রাগ ঐ তাল মধ্যমান ॥

দুটি চরণ দিবে তাই ভাবি নিশিদিবে। ধুয়া ॥ স্তবকরি পঞ্চানন, হৃদয়ে করে ধারণ, সেদেবে দেবে কিবেদিবে ॥ শিবেরো সর্ব্বস্বধন, অতি অসাধ্য সাধন, সেবাদ কেবা সাধিবে কালীরো এই সাধনা, কৃপাকর সবাসনা, রসনা এই নাম লইবে ॥ রাগ তাল ঐ ॥

ভালবাসা হইলেকি হয় প্রেমে সুখোদয়। সদা সশঙ্কিত, স্থির নহে চিত, উভয়েরি ভয় ॥ কে কোথা আছে সুখে, সদাই দুঃখিত দুঃখে, তাপিতহৃদয়। জার হয়েচে গিয়েচে, নমেকালি হয়ে আছে, জানিহ নিশ্চয় ॥ রাগ ঐ তাল আড়া ॥ তোমার পিরীতে সুখী নহে ওহে মন অতি আদরে সন্দেহ সদাসর্ব্বক্ষণ ॥ এইকর থাকি যায়, যদি যায় প্রাণযায়, যতনেরি ধন ॥

রাগ তালঐ ॥ পিরীতে আরকি সাধকরি জাবত প্রাণধরি। যতোকরি সাধ, ততই বিসাধ, সদা বিধাদে মরি ॥ কিছু সুখনেশ, দ্বিগুণ কেলেশ, সদাই কেলেশ হয়যে হে দোঁহারি ॥

রাগ তালঐ ॥ কিদোষ দিব নয়ানেরো মনযে মোনেতে করে। সদা অন্যেসন, একি বিড়ম্বন, হইলো আমারে ॥ জার নাহি মন, করয়ে কেমন, তাহারিতরে। অবারিত বারি কেমনে নিবারি বারে ॥ রাগ তালঐ ॥ পরেরে আপনা ভাবো আপনাকি পরেহয়। যদ্যপি হও আপনা, সদাই থাকে ভাবনা, কি জানি কি পরেহয় ॥ তবে বল করকেন, উভয় উত্তম জন, পরস্পর জ্ঞানহয়। নাকরিয়ে বিবেচনা শেষে অশেষ যন্ত্রণা, কিহলো অপরেকয় ॥

রাগ তাল ঐ ॥ বিনয়েকি নয় হয় তোমারি যঠতা। কহণা একপ প্রেম শিখেছিলে কোথা ॥ এখানে কিপ্রওজন, যে তোমার প্রওজন, তারেকরো প্রওজন এজতন বৃথা ॥

রাগ তাল ঐ ॥ সাদরেতে প্রাণ সপেছি জারে জিতে কি ত্যাজিতে পারি তাহারে। যদিবা কচিত, হও অনোচিত, নাহিকো ফেরে ॥ উপার্জিয়ে মান, হও অন্যমন, অন্যেষণনাহিকো করে। কদাচ নয়নে নাহি হেরি আনে, কিজানিকি থ্যানে হেরেচি তারে ॥

রাগ তাল ঐ ॥ একি রূপ অপরূপ মুখশশধর। তাহে শোভে বিম্বাধর সুধার আধার ॥ দশনে নেখা মঞ্জন, আঁখি খঞ্জনে অঞ্জন, শীরে জেন শোভে হেন কেশ জলধর ॥

রাগ তাল ঐ ॥ সাধেকি সাধি তোরে ওরে প্রাণরে ॥ নাদেখিলে মনোযে কেমন করে। মানেকর অপমান, সিতল উষ্ণ সমান, জলেতে নিভায়ে অনলেরে ॥ রাগ তাল ঐ ॥

মোনেকরি মোনে নাকরি মোনোকরি বারণ করিতে নারি ॥ ধুয়া ॥ প্রেমের অঙ্কুশ করে, সদাই আঘাত করে, বলনা তাহে কি করি। দোশোকরি অণ্যেষণ, উদয় হইএ গুণ, নয়নেতে বহে বারি। এতো বিচ্ছেদ জাতনা, কিছুতো মেনে থাকে না কি হইলোপ্রেম করি ॥

রাঃ কাফিসিন্ধু তাল ঐ ॥ ওবিরহ জ্বালাকিশে নিবারিবো তোমার জ্বালা । যদি প্রবেসি জলে তাহাতে দ্বিগুণ জলে আর বাড়ে জ্বালা ॥ রাঃ ঐ ॥ হলোনা আমার তারা২ ওগো মা ভবদারা ॥ ধূয়া ॥ আমারো ভারে এতোকি কাতরা । একেমন জীর্ণতরী বলোমা কেমনে তরি, কালি ভরেছে পাপের ভরা ॥ রাঃ ঐ তাল মধ্যমান ॥ কিকরো শীখর বর আনগিয়ে আনন্দ মইরে ॥ ধূয়া ॥ হয়ে রাণী এলো থেলো, গিরীরো নিকটে এলো, ওমা উমানাহি আনো ঘরে ॥ এদুখকি সহে মাতে, তুমিতার তাত তাথে, তাতে বুঝাতে হও তোমার মোনেতে হএ দুহিতে, অস্থির হএ দএতে, কালি২ বলে আখি ঝোরে ॥ রাঃ কাফি তাল আড়া ॥ ভাস্মজননী ভাগিরথী তার গঙ্গে মা ॥ ধুয়া ॥ তারণ কারণ ভবভয় বারণ স্থাবর জঙ্গম কীট পতঙ্গে ॥ হরি দ্বারাবতি অতি দ্রুতগতি, জহ্নু মণি ধ্যাণভঙ্গে সাগর সন্ততি তারে দীতে গতি, বিরহ নাগর সঙ্গে ॥ কারণ বারিণী পতিত উদ্ধারিণী, নারায়ণী দ্রুবঅঙ্গে কলুষ কাতর কালি কলেবর পড়েছে পাপ তরঙ্গে ॥ রাঃ কাফি সিন্ধু তালআড়া ॥ তারিতে পরিনাম হরিনাম অশার সার ॥ ধুয়া ॥ শ্রীরাধাগোবিন্দ, ভজ ভক্ত বৃন্দ, করিনাম হবে ভবেপার জীবেরে দিতে চৈতন্য, নিত্যানন্দ চৈতন্য, কলিযুগে হলে অবতার, সকলে সমান জ্ঞান করি আলিঙ্গন দান, দিয়েনাম করিলে নিস্তার ॥রাগিণী ছাউনিঐ ॥ নিদারুণ মদন হয়েসখী বিদারণ করেছে হিআয় ॥ ধূয়া ॥ যেছিলো মনের মত, তারোহলো অন্য মত, দেখিতে সে মনমথ প্রায় । শরীর হইয়ে হীন শরীর করিলো খিন, দিন২ কি হলো আমায়, আমি জারে ভাবি২ সেনহে ভাবেরো ভাবি, ভাবি২ কালি হইলো কায় ॥

রাগিণী খাম্বাজ তাল ঠুম্‌রি ॥ আরে এতো রদণী নহে সজণী ॥ ধূয়া ॥ পাশোরিয়ে বাহু রাহু গ্রাশকরে বিরহিণী । এই আমি মোনে গুণি, কালোফণি শিরোমণি, তুমিবলো নিশি শশিপ্রকাশ হইলো এখনি ॥ রাগ ঐ ॥ শখিরে প্রাণ আমার বাচেনা বিরহে আর, দিবস রজনী শুনোলো সজণী, রোদন করেছি সার ॥ রাঃ ঐ ॥ কেতকী এতকী প্রেয়োসী তোমাররে তুলনা ॥ ধূয়া ॥ গিয়েচে দুটী নয়ান হইয়েছে পথোচেরা ॥ রাঃ ঐ ॥ হেরিএ হরেরে মোন কেও আলো আলোকেশী ॥ ধুয়া ॥ অপরূপ মুখ শোভা জেন মেঘান্তেরো শশী, তাহে ঘর্ম্মবিন্দু তারা অভিমাণী হয়ে তারা, চরণে পড়েছে খশী ॥

রাগ তাল ঐ ॥ ওরে গোকুল বাসি কেনরে বাজাও বাঁসি ॥ ধূয়া ॥ তুমি অন্তরে বাজাও বাঁসি অন্তরে পসিলো আসি ॥ বেনুরবে নিরব হইয়ে জতো ব্রজবাশী দুকুল হারাইলো তারা যমুনারো তীরে আসি ॥ চুড়ায়েময়ূর পাখা মুখে মৃদ২ হাশী, একি অনঙ্গ সহয়ে কদম্বেরো ডালে বসী ॥ রাগ তাল ঐ ॥ উমা আমার কালো ভালো মহাকালে মহাকালি হৃদয় করেছে

আলো ॥ ধূয়া ॥ নখরে প্রখর রবি প্রকাশে পদ কমলো। আমার ভ্রমর হয়ে, আরাধিতেছে চিরকাল, বিষয়ে বাসনা দীয়ে রাখিবে আর কতো কালো, কালীকে করুণা কর জখন হইবে কাল ॥ রাগ তাল ঐ ॥ কেনোকালী এমণহলি ওগো মুণ্ডমালী ॥ ধূয়া ॥ রাজারো নন্দিনী হয়ে বাপেরো সভাবে গেলি। ঘোরসঙ্কটে পড়ে জতো ডাকি কালী২, কাতর তনয়ে দেখে পাতোর দীতে পাথর হলি ॥ রাগ তাল ঐ ॥ আনন্দে আনন্দ ময়ী নাচিছে হয়ে বিশাল ॥ একীরূপ মহাকালী পদতলে মহাকাল ॥ অপরূপ রূপ ধ্যান, সুরাসুর নাহি জ্ঞান, বেতাল দিতেছে তাল ॥ মগণা হয়ে আশবে, বাহন হইয়ে, সবে সুরা দেবশবে বাসবে আদি দিকপাল ॥ রাগ তাল ঐ ॥ তোমার মহিমা কেজানে আনন্দ মই, পরাভব হয়ে ভব পড়িয়ে আছে চরণে। অজুদ্ধেতে শিতারাম, বৃন্দাবনে রাধাশ্যাম, অন্নপূর্ণা শিবনাম, আনন্দ কাননে তুমি পুরুষ প্রকৃতি, কেজানে তব প্রকৃতি, রাজরাজেশ্বরী হয়ে বসে আছো দেবজানে ॥

রাগিণী মালসী তাল তিওট ॥ জাওহে অচল চল আনিতে ঈশান জায়া। আমি দেখেছি সপনে, মম নিকেতনে মা বলিছে মহামায়া ॥ বহুদীন হলো, উমা নাহি আলো, তাত নাহি তবমায়া, তুমিহও দ্রুতগতি পাছে সেই সতী অভিমানে ত্যাজে কায়া ॥ রাগ তাল ঐ ॥

সরদে সদয় হইয়ে অভয়া আলো অচল ভবনে ॥ চল২ বলে আনি চঞ্চল হইয়ে রাণী, অঞ্চলে মুছায়ে বদনে ॥ পুরোবাসী জতো তারা, নিরিক্ষণ করিতারা, নিমিক হরে নয়াণে সকলে বলে আসিয়ে, আশো আশুতোষ পুত্র, পাইয়ে কালি ভবনে ॥ রাগ কাফি সিন্ধু ॥ শ্যামেরবাঁসি আমারে ঘুচালে গোকুল বাসী, কুলোটার কুলোধ্বংশ সুবংশ হইয়ে আসি ॥ ত্রিভুবণে হলে ধণ্য কতোপুন্য করে আসি, তুমি হলে মোক্ষ পু ত্রআমরা চরণে দাসী ॥

রাঃ ঐ ॥ এবিরহে যদি রহে প্রাণ, আমি বলিবো না আরকারে প্রাণ। আমিজারে ভাবি প্রাণ, সেহও পরেরোপ্রাণ, সেপ্রাণ সুঁপিয়ে প্রাণ প্রেমের হাতে যায় পাণ ॥ রাঃ তাল ঐ ॥ শ্যামের বাঁসি ফঁসি আসি নাগিলো গলায় ॥ ধূয়া ॥ শুনগো ধনির্ধনি কদম্ব তলায় ॥ মন হইলো অস্থির নয়ানেতে বহে নীর, শরীর গলায় ॥

রাঃ বাহার তাল তিওট ॥ আরে মন আমার ভাবোকমল গিরী বাল্লা করালে ॥ শাশ ভালে নাজানি কি হয়রে বখন যদিয ায়রে জীবন। আলোচল ত্রিলোচন করিবহু কালে সবহয়ে পাইয়াছে তাঁহার ওদুটী চরণ ॥ রাঃ তাল ঐ ॥ কিবেশোভা পায়২ দেখো নানাবর্ণেফুল ফুটেচে শ্যামামায়ের পায় ॥ ধূয়া ॥ অমরে হয়ে ভ্রমর মধুলোভে গুঞ্জরে, যেপদ জোগেশ্বর ধ্যানে নাহি পায় ॥ আসিয়ে রিতু রাজন, চামর করে ব্যাজন, তাহে মলয়া পবন চারিদিগে ধায়, কোকিলে নুপুর হয়ে পঞ্চম গায়, পুলকে পূর্ণিত হয়ে কালীর কৃপায় ॥ রাগ তাল ঐ ॥

ওহে পদাঙ্ক শুনএই বচত আনগিয়ে মাধব আমার ॥ ধূয়া ॥ যদি নাহি পারো পারহতে৽ হই ভব সাগরেতে পারহয় যেলয় চরণ তোমার ॥ মোনেরে নিপুনকরে, পাঠায়ে ছিলামতারে পুননা আইলো ফিরে, আর আশাস্থল কায়অতি, গমণে নাহিসকতি, কালীকয় সদা রয় এই দেহেতেআমার॥রাঃ বাহার তাল আড়া ॥ মোহন মন মোহিলো সখিমোর ॥ ধুয়া ॥ নেগেছে মরমে গো সপথিতোর। মধুর মূরলি করে, মধুবনেতে বিহরে, মন্দমধুর সরে গুঞ্জরে ভ্রমর ॥ রাঃ তাল তিওট ॥ বৃন্দাবনে বনে২ বিহরে হরি হয়ে বসন্ত ॥ ধুয়া ॥ কোথায় ময়ুর ধায়, কোথায় কোকিলগায়, ভ্রমর গুঞ্জরে অবিশ্রান্ত। নানাজাতি শোভে ফুল, গন্ধেতে করে আকুল ॥ সকলেতে হয়ে মধুবন্ত বিরাজে মুরালি ধারি, চারিদিগে ব্রজনারী, রাগরাগিণী মূর্ত্তিমন্ত ॥ রাঃ ঐ৹॥ আইলো বসন্ত পুত্র বিরাজে তব শরীরে ॥ কাঞ্চন ভূষণ জ্যেন ঝঙ্কারে ভ্রমরগণ, কোকিল কণ্ঠভিতরে। করিচন্দন লেপন পরেচোপীতবসন, প্রকাশ কুসুমবন, রজনী অন্তরে তব গমনা গমনে বহে মলয়াপবনে ভীত হয়েশীত যায় দূরে ॥ রাঃ ঐ ॥

একীবসন্ত সখী বিরহী জনার প্রাণান্ত ॥ ধুয়া ॥ মলয়া পবন বয় শুনেছি সে বিষময় বিশেষ বিদেশে প্রাণকান্ত। কিসে বলোসুখোদয় সদাই হৃদয় দয়, তাহাতে মনেতে হয় ভ্রান্ত পবল হয়ে অনঙ্গ, অবশ করিলে অঙ্গ, দেখিযে কৃতান্তনিতান্ত ॥ রাঃ বাহার তাল আড়া ॥ এখন কেমন মনহলোহে তোমারো ॥ ধুয়া ॥ আগেতে জেমন ছিলো নাদেখি তেমন আর। যাহারো যামনে লয়, মোনে২ পরিচয়, তাহাকিকখন যায়, সভাব ভাবেরো॥ রাঃতালঐ ॥ বসন্তে বরিসে হেন লয় মোরমন। বিচ্ছেদ মেঘ হয়ে, হৃদয়েতে প্রকাশিয়ে অবারিত বারি ধারা নয়ানে ঘণ ॥ কোকিলেরো কুহারবে বুঝি বজ্রাঘাত হবে, তাঁনেলে চমকে কেন আমার প্রাণ ॥ মলয়া পবন বয়, সদাই অন্তরে ভয়, হিমাঙ্গ হইয়ে পাছে মরি তখন ॥ রাঃ ঐ ॥

বিরহ বিচ্ছেদে বাঁচি যদি ॥ ধুয়া ॥ ঋতুরাজ সাসনে সদা ভীত মতি ॥ গ্যেলো মান লাজ ভয় পরাণ হলো সংশয়, কেনবা করিয়ে ছিলাম এছার পিরিতি ॥ মলয়া পবন বয়ভ্রমরকোকিলো চয় সকলে করি বিনয়, যতো সেনাপতি ॥ মরে যাবো ভয় নাই, পড়েছি তাহার ঠাঁই, হরে প্রাণেশরাসনে আসিবতি পতি ॥ রাঃ বাহার তাল তিওট ॥ সারদে বিনাপাণী ভবানী নারায়ণী ॥ ধুয়া ॥ চরণে অরুণ শোভা নখেনিশি মণি,আভা, করে২ পুস্তক লেখনী ॥ সেত সরজা সনা, সেতাম্বর পরিধানা, শশাঙ্ক শোভিত শীরেবেণী কালিকে করুণাকর, বিরাজ.বস না পর গদ্য পদ্যময়ী রুপাবাণী ॥ রাঃ ঐ ॥ বৃন্দাবন কুঞ্জভবনে অতি সুশোভন বিরাজে রাধাগোবিন্দে ॥ ধুয়া ॥ রত্ন বেদি উপর তাহে কলপ তরুবর বেষ্টিতগোপবৃন্দ,মণি ময়পুর, আলোকরে মধুপুর জেন প্রহরিচে কোটি ইন্দু ॥ রাঃ ঐ ॥ কিআনন্দ বৃন্দা

বনে সরশবসন্তে, প্রফুল্ল মুখকমল হইলো হিমান্তে। গুঞ্জরে কোকিল নৃত্যতি শিখিকুল, শু
নিছে গোকুল পান্তে, অলি আকুল মুকুলে মধু ভ্রান্তে॥ রাঃ তাল ঐ॥ কেনগো বিরস
বিবশ প্যারী, এমন সরস বসন্তে ॥ ধূয়া॥ প্রফুল্ল কমল সুখাইয়ে গেল হিমান্তে। মধুরিস্ত
সুখোময়, নহে মানেরো সময়, দূরকর হেনমন ভ্রান্তে, হয় গো বিরত হয়ে পদানত আভিরত
কালী একান্তে॥ রাঃঐ তালআড়া॥ সুখেরো বসন্ত আলো, সকলেরো কান্ত আলো।
মম প্রিয়োত্তম বিনে সকলি আলো॥ পথিকো দেখিতে পাই বেগেতে ধাইয়ে যায়, বলি ঐ
আলো আলো কোকিলের কুহারবে শুনি হইয়ে নিরবে বলো প্রাণ কেমনে রবে, যদি আলো
মনমথঃ মনমথ করিছে বাণ আঘাত, হই ভূতলে পতিত হইয়ে এলো ॥ হিতে বিপরীত
রিত এইকি অনোচিত। আমি যারে চাই ভাল কেমনি আমার ভালো হিতে বিপরীত। দেখি
য়ে অপরূপ রূপ নয়ান হয়ে মধুপ অনুরাগে অনুগত॥ রাঃ তাল ঐ ॥ সরস বসন্তে
হিমান্তে প্রফুল্ল মুখ কমল। ধূয়া। নয়াণে অঞ্জন জেমন খঞ্জন করিতেছে টলমল। দন্তকিম্বা
বিম্বাধর, কুন্দইন্দ শোভাকর, মঞ্জনেরো রেখাকালো সুধাহাসি ঘনকেশ, বুঝি আশি হৃষি
কেশ, পাছু পানেতে লুকালো॥ কেনো অঙ্গের তুলনা, অনঙ্গ কিছু হলোনা ভঙ্গদিয়েরণে
গেলো, তোমার নয়ান বাণ, তাহার সরসন্ধান, কটাক্ষে হরিয়ে নিলে॥ অন্তরে হইলেপ্রেম
যায়কি হলে অন্তর। দিনে দিনে ততোই বাড়ে যত হয় সতন্তর। হেতু কোন প্রিয়োজন নাহি
হেরে প্রিওজনে তাহে শংসয় মানে নাহলে কথান্তর॥ আর কি আবার বারবার কি কাজ
পিরীতে সখী সরল সুধার খুধায় মরিবো গরল ভখি। আমিতারো অধিকার কিবলিবো অ
ধিকার, যাহয়েচে একবার, সেসুখেতে থাকি॥ মধুর ভাসেজুড়ালেরে প্রাণ মোনোযে অ
লহাদে ভাসে॥ ধূয়া॥ আমার হইবে তুমি এই আভাসে। যতোজালাতন ছিলাম, ততই শিতল
হলেম, তব সম্ভাসে, রাখিও করেযতন, কালী নাহইবে মোনলোকে নাহি মন্দ ভাশে॥
বলোনা আমারে সখী কালায়ে আমারো সখা॥ ধূয়া॥ কুব্জারো ভাল ভাল মিলিছে বাক
তে বাঁকা॥ যারোরূপকালো, নণোকোনো বনচারি গো রাখালো শুনিয়েবেসেচি ভালোবাঁসি
টীতে মধুমাখা॥ রাঃ সিন্ধু মধ্যমান॥ চিতোতোরে অনোচিতঃ॥ তুমি কারে ভালবাসে
সেযে প্রেমেতে বঞ্চিত। বিরহ জাতনা যেজন জানেনা হয় তারিঅনুগত॥ আমি যারে ভাবিপাণ
সেহয় পরের প্রাণ॥ ধূয়া॥ হেন প্রাণে সপে প্রাণ প্রাণের হাতে যাবে প্রাণ। পিরিতি এই
রীতি প্রয়োশী তোমার। সাদরেতে আপনারো শেষেঅনাদর॥ সুজনেরো এক ভাব, তাহারো
সহিত ভাব, নাহি হও অনুভব সভাব ভাবেরো ॥ নয়ানে বরিসে বারি কদাচ বারিতে
নারী॥ অঞ্জন বহে কালিন্দি হৃদয় পারি। মুদালে দুটি নয়ান, তাহে হও অকারণ, ননবারণ

নাকার ॥ঐ কতোদীনে তরাবে দীনে ওগোদিনদয়াময়ী ভাবিয়ে ক্ষীণ হইতেছি দিনে২॥ ধুয়া কবে হেন দিন হবে, তবনামে দিনযাবে, নাহিলবে কৃতান্ত ভবনে। কাঙ্গাকে করুণাকর কে আর তোমাবিনে॥ ঐ যেজননেনাতোমাবিনে ভূমি করেছো মনে। বৃথাকরো জাঙ্গাতন এ অধীন দিনে।•আমি হয়েছি জতোকি, তুমিজান ততোকি, যেমন ভাবে চাতকা, নিরেতে নিরদবিনে॥ রাঐ সখীগো বলোকি হলো আমারে॥ ধুয়া॥ নিরন্তর নিরবহে দুনয়ানে আনবার। অঙ্গল বাহিরে গিয়ে ধিরে২ তারাগুণিবারে২॥ প্রকাশিল সুখ জ্ঞানোআশা সুখ দুখেতে বুকবিদরে॥ হলো যোবন ভারি, আমি আরতো বহিতে নারী॥ ধুয়া॥ তরণী নাহিক তরে বিনেকাণ্ডারি। অনঙ্গে অবস অঙ্গ নাহি কার অঙ্গসঙ্গ, বিনেপতি এদুর্গতি হলেআমরি॥ সখিকিহলো আমারে শ্যাম বাম হয়ে আমা মনে নাকরে। ডাকোশখি ললীতায় যদি কিছু বলি তায়, কিজানি কি মোনে করে॥ নয়ানে বহিচে বারি কদাচ বারিতে নারী, অঞ্জন বহে কান্দিয়ে হৃদয় পরে। ঘুচিলে দুটী নয়ান তাহে হও অকারণ, মন বারণ না ফিরে॥ যারে হেরেছি নয়ানে ঐ তাকি জানে আনে মন যেকরে আমার। হইয়ে আঙ্গল সদাই ব্যাকুল, জল রাখা হইলো ভার ভাবিয়ে সেরূপ হয়েছি যেরূপ কিরূপ কহিবোতার সরূপেতে কইশুন প্রাণসই৺ তোমা বিনে কে আমার॥ রাঃ কাফি তাল আড়া॥ এখন দুখেরে সখা তেজি এসুখ, সুখআশা যাওনাকে থাকো২॥ তুমি রিপু সভাকার, কেহনাকরে আদর, স্মরণা গত দেখো২॥ রাঃ তাল ঐ॥ সখিতারে দেখিলে উপজায় মান, নাদেখিলে মৃওমান যখন নাহেরি জানমরি২ প্রাণ জেন জান॥ আমিযতোধিক, সেনহে ততোধিক, তাহারো মনেতে আন এইবড় দুখকেহ হলো নাকো, দুজন এক সমান॥ রাঃঐমোর মন মনে এইভাব যদি নাথাকে তব মন। অতি আদরে সন্দেহ, সদত কম্পিত দেহ, পাছে নাদেহ তব মোনো॥ ব্যাভিচারি যেইনারীকিছুই বুঝিতে নারি, আছে ২ থাকে না কথন, সদাই চঞ্চল মন স্থির নহে কত ক্ষণ সমভাবে নহে নহেকোকখন॥ রাগ তাল ঐ জারদুখ সেই জানে, যেজানেনা সেকি জানে॥ ধুয়া॥ আমি জারে চাই, তারে নাহি পাই, চাহিলে কাহার পাণে॥ মিলে চিতেচিত কহিতে উচিত বলিবো তাহারো স্থানে২ ব্যথার ব্যাথিত, সেজন কথিত, হবে আর কোন খানে॥ রাঃঐ বলগোমাধব আমার, মথুরা নগরে রাজা হইয়াছে হবুজার। আমি ভাবি তারে, সেহলো বাম আমারে আমি যে নহি আমার কিহবে সখি আমারো॥রাঃঐ কেন গো রাজ নন্দিনী কি দোসে করেছো শ্যামেরে দুষি। পাইয়ে নির্জ্জন এতযে ভৎসন স্মরণ নইলে আসি। কৃষ্ণে তন্নো আধার নাম রাধার, জানেযতো বৃজবাসি তোমার বিরহ স্বরে ছেদ সকল শরীরে, রাধা বই আর কিছু নাহি জানে বাঁসি॥

রাঃঐ ॥ চরমে মরম হও বক্ষ সনাতনী গোমা ॥ ধুয়া ॥ হইযদি ধমাধম, নাথাকে সুকৃতি মম ॥ আপনারি নমের মহিমে রাখগোআপনি । যখন নইবে কালে, দেখাদিও সেইকালে মহা কালে চরণ দুখানী কালভয়েতে কালীকো ত্রাণ করোহে কালীকে সেইকালেহও ত্রিবেণী । ঐ আমার আসার সুসার নাম তোমার তারা, বিষম বিষ বিষয় নাষয় আমার । ধুয়া ॥ তোমারে নাহি প্রাশরি বিভুতি ভূষণ পরি, বাসনা বাসনাকরি অসার সংসার, কালজায় কালজায়া অন্ত কালে করোদয়া কালীকে কালের জালা দিওনাগো আর ।রাঃঐ ॥ য্যামন যমুনায় গিয়েছিলাম জলেরে, জলে নিরখিয়ে কালা পরাণ জলেরে, জলন্ত অনল প্রায়, কালিহইয়ে হৃদয়, ভরিয়ে আনেছি কৃষ্ণনয়ানেরি জলেরে । হেরিয়েশ্যাম নয়নে, কহিতে না পারি আনে মোনে২ মোন দিয়ে আসেছি তার মনমত তারো মনমত নাদেখি সংসার মনমত মোনহত করিলে আমার । নবীন সন্ন্যাসী আসি নদীয়া নগরে ॥ কিবারূপ তেজপুঞ্জ, হরেপাপ তাপ পুঞ্জ, যে নয়নেহেরে অবণিতে অবতরী, ভবেতে তরিতে তরি, হরিনামে পরিনামে জীবেতে উদ্ধার, কহিতেছে কালী দাস, করুণাকর প্রকাশ, মমসম ধমাধম কে আছে সংসারে ।ঐ ॥ গোরাসন্ন্যাসী নবীন অবনা তে উপনীত ভক্তেরো অধীন, গুণেরোসাগর তুল্যরূপেতে প্রবীণ, হয়েবিধী, হেননিধি, কেপ রালে ডোরকপীন, কিবাশোভা নিত্যানন্দ, ভাবিয়ে সচ্চিদানন্দ, কালি অতিদীন ॥ রাগঐ। আরকী বারণ মোন বারণ হয় নিবারণ স্নেহের গুণেতে আমি রাখবো কেমনে করে অকী ঞ্চন । প্রেম স্পর্শে জলেজায়, পাছুপানে নাহিচায়, করয়ে তাড়ন তাহেবিচ্ছেদেরো ভয়, বেগে ধায় একিঅকারণ ॥

কান্‌হরা চোতারা ॥ খরজরিষমগান্ধার মধ্যমপঞ্চমধৈবত নিষাদএহ সপ্তশুরসো ধনীকে বুলায় দএধুরপদমধসমঝলেহো গায়নগুণী ॥ আরোহীজবরোহী জাকীউলটপুলটএসেহোত নিখাদধৈবত পঞ্চমমধমগান্ধাররিষভ॥ দুগনসরগমকী সদারঙ্গ তুমকুবতায়দইসোচলেহো সুমতিবারেসারেসা সারেগরেসাসারেগম গরেসারেগমপমগরেসা সারেগমপধপমগরেসা সারেগমপধনীধপমগরেসা নীধনীধপধনীনীধপম পধনীনীধপপমগরেসা গমপনীনাধপমগ রেসা ধপধনীনীধপপমগমপধনীনীধপমগরেসাখোটমনকীপহলেদূরকরো তবফুরেগীএহবি দ্যা খুট ॥ সৌং চোং ॥ সারেমপনীসানীপমধধপমরেসাগমপধসারেসারেমরেসানীধপমপধ পরেসা ॥ কাং চোং ॥ সারেগম পধনী ধপমগরেসা ॥ খরজশুরএককহে নিরগুণীকায়মর হোপাতসাহসাহঅকবরশুভরনীধপমগরেসা ॥ সপ্তসুরকেব্যোরে একএককরদেখাবেবা দীবিবাদীঅনুবাদী সমবাদীসংপূর্ণ ॥আোডবখাডবসংকিরণ গায়শুনাবে সাসারেসারে রেরে গরেগ গগম গমমমপমপপপ ধপ ধধধনী ধনীনীনীনীধনীধধধপধপপপমপমমমগমমগগগরে

গরেরেরেসারেসা ॥ সারেসাসারেগগরেসাগরেমগসামগরে পমগরেসাপমরে ধপনীসাধরে নীধপমগরেসাধপমগরেসা ধপমগরেসা পমগরেসা মগরেসাগরেসা সাচেগুরুনকীসেবাকরে তববিদ্যাধরনামকহাবে ॥ বাং চোং ॥ ধনীসাগরেসামগরেসানীধপমগরেসা ॥ মধপপধনী সাগরেমগরেগরেসানীধপমগরেসা ॥ মালকৌশ চোতারা ॥ মমগমগরেসা গমধনীসাগম নীনীধধগগমধনীধগমগনীনীধমগরেসা ॥ গগমধনীসাগরেসামগরেসামগমধনীধগমগমগরে গরেসানীসা ॥ সোহং চোতাং ॥ গমধনীসানীসানীধমগরেসা ॥ ধনীধনীসানীসাগসামগ সানীসানীধমগসা ॥ পং চোং ॥ নীসাগমপসানীধধমগরেসা ॥ গগমধধনীসারেসামগরেসা গরেসানীসানীধপমগরেসা ॥ খং চৌং ॥ ধনীসানীধপধপমমগরেসাসারেগমপধনীসাসান ধপমগরেসা ॥ মমমধধনীসানীসাগরেসামগরেসারেসানীধপধপমমগরেসা ॥

হিং চোতারা ॥ সাসাগসাধসাগমধনীধগমধসানীধগমধসানীধমগনীধমগ ॥ মধনীসাধ সাগসামগসানীসানীধমগসানীধমগনীধমগ ॥ ব্রহ্মাগাতসেপুগটো সগমধনীহিভোরগয়ন গাবোগুণীপণ্ডিত আবজাতনীধগমগসা ॥ কেদার চোতারা ॥ নীসাগমপমগরেসা নীসাধপমগরেসাসানীধপমগমধপমগরেসা ॥ গগমধনীসাগরেসানীধপধপমগমগামপরেসা কামোং চোং ॥ সারেসারেপ ধপধপগপমগরেমগরেসা ॥ গগমধসানিসামগসাগরেসানীরে সানীধপধপমগরেসা ॥ ছা চোং ॥ ধপমগপমগরেসাধনীসারেগমগরেসা ॥ মধনাসারেসাস রেসাগরেসামগরেসাধধপমগরেসা ॥ শং চৌং ॥ পপসাসানী সানীসানীধপগরেসানীসাগ রেসা ॥ মধপসাগরেসামগরেসানীধপমগমগরেসাধসানীসা ॥ মালশ্রী চৌং ॥ সাগপগসানীনী ধধমমগসাপমগধসারেগসা ॥ গগসাপপমসানীনীধমধ গমসা ॥ মারবামুল ॥ ধমগরেগমগরে সানিধপমসাসারেগমনীধমগরেগমধনীসসাগমনীধমধমগধমগরেগমগরেরেসানীধ সাসা ॥ নীনীধমগরেনীধমধমমগরেধনধরেনীধমগরে গমগরে সানীধশুধবানীলীএবাদীআলোপগীত কেপমান বাদকোশুদ্ধকরতাকো কহেয়তগায়কসমববিধলায়ক জোকোউবাদীবিবাদীসমবা দিঅনুবা দিকেব্যবরেন্যারেন্যারেকরদেখাবেতবসগরো । জগরহসকহতসবগুণীয়নমেনায়ক ॥ গোরীরূপক ॥ রেমপনীসারেসানীধপমগরেসানীসানীধপমগরেসা ॥ পেসাগরেসামগসানী সানধনগরেসানীধপমগরেসানীধগরেসা ॥ হং চোং ॥ সারে গমধনীশানীধমগরেসাসানী সাগরেসা ॥ গগমধনীসাগরেসামগরেসানীধনীসাধপমগরেনিসাগরেস ামগরেসা ॥

সারগ চোং ॥ নীনীসাসারেসামমপপমপরেসা । মপনীসাসারেসামমরেরেরেসারেসানীপ । পমমরেসা ॥ ধনাশ্রী চোং ॥ পমগরেসা মনরেরেসানীধপমগরেসা ॥ মপনীসাগরেসা মগরে সামগরেসানীসাগরেসা ॥ তিং ॥ নীসাগমপমধধমগরেসা ॥ মধনীসারেসাগরেসামগরেসা

নীধপমগরেসা ॥ ভৈঃঝিং ॥ পনীসাগপমগরেসামগরেসানীপনীসাগরেসামগরেসা ॥
পনীসামগনীসামনীধপমপমগরেসা ॥ বং তিতারা ॥ নীসামগরেসানীধপমগরেসাধপমগরে
সা ॥ মপনীনীধসাগরেসামগসাগরেসারেসানীধমগরেসা ॥ জৈতশ্রী তিং ॥ নীসারেসানী
ধপধনীসারেগমগরেসা । রেমপনীসারেসানীধপমগরেসাসানীসাগরেসা ॥ পান্ধরচোতারা ॥
ধপপগগরেমপপধসানীনীধধপপমপপনীনীধধপমগমগরেসা ॥ মমমপপপধধসাসাসা
নীনীসাগরেসাসানীধপধধধপমপপমগমগরেসা ॥ টোং চোং ॥ সারেগমপপধনীসানিধপপ
মগগরেসা ॥ মধপমধনীসাগরেসামগরেসানীধনীধপপমগরেসা ॥ আং চোং ॥ নীসাগরে
রেসানীসা মগরেসাগরেসাধপমগরেসা ॥ মধনীসাগরেসামগরেসামনীধপমপধরেসানীধ
পধপমগরেসা ॥ মল্লা চোং ॥ পপগগরেসাগমপপগমনীধপপপমগরেসা ॥ গগগমমধনী
সাগরেসামগরেসাগমপপগমপমগরেসা ॥ ভৈরব তিং ॥ সাগমপধপপমগমগরেগরেসা ॥
মপনীসাগরেসারেসানীধপমগরেসা ॥ ভৈরবী তিং ॥ সাসারেরেগগমমধধপপমগধধধপপ
মগনীধপমগরেসা ॥ মপধনীসাগরেসামগরেসাসাসাসানীনীধধপপমগরেসা ॥ রামং তিং ॥
ধগসারেমগধপমগমগরেসা ॥ মধনীসারেসাগরেসানীধপধপমগরেসা ॥ ললিত তিতারা ॥
নীসামগগমপপমগপমগরেসা । গপমমপধধনীসাগরেসারেসানীধপধধপমগরেসা ॥ অলে
তিতারা মধধনীসাসানীধপমগরেসা ॥ মধনীসারেসাগরেসামগরেসারেসানীধপমগরেসা
সারেপমপধনীসাসানীধপমগরেসা ॥ গান্ধার চৌং ॥ ধধধপপগগরেমমপধসানীনীধনীধ
পমগরেসামগরেসা ॥ মমপধধধনীসানীনীধসানীধনীধপমগরেসা ॥

ইতি শ্রীকৃষ্ণানন্দ ব্যাসদেব রাগসাগরোদ্ভব সংগীতরাগাকল্প ক্রমে ধ্রুপদ বিষ্ণুপদ খেয়াল সারিগম বাঙ্গলাভাষাগান সমাপ্ত ॥

সন ১২৫২ সাল সম্বৎ ১৯০২ শুক্লত্রয়োদশী তারিখ ২৯ মাঘ ॥

শ্রীশ্রীকৃষ্ণজী ॥

শরণং

শ্রীমদ্‌রাধামদন গোপালায় নমঃ অথ শ্রীকৃষ্ণানন্দ ব্যাসদেব রাগসাগরোদ্ভব সংগীতরাগ কল্প দ্রুমে বাঙ্গালভাষা গান ॥

সহর কলিকাতার হাটখোলা নিবাসী বৈদ্যবংশী গুণরাশি শ্রীযুক্ত নিধুবাবু মহাশয়ের বিরচিতা গিতাবলী গ্রন্থারম্ভঃ ॥ ❀ ॥ ❀ ॥ ❀ ॥

মালকোস বাহার তাল জলদ তেতালা

সারদে বানী ত্রিনয়নি বাক বাদিনী। এমা। সোভিত সরজাসনে চরণ সরজ বিনেকরে ব্রহ্মময়ী বিদ্যা প্রদাইনি।। হংস হংসম গলে অর্দ্ধ ইন্দু ভালে নখচন্দ্র পদতলে হেরে দিনমনী। তিন গুণে জন্মেদেব সহিত অমর সব সদেবস্য সদা বন্দিনি ॥ ত্যাজিয়ে পিতাম্বর পরিধানা সেতাম্বর বরদা জড়তা হারিনি। শুদিনেরে ইশ্বরি কৃপাবলকোনকরি। হংকমাতা নিজগুণে শুননারায়নি ॥ ভৈরবি তাল হরি ॥ ককারে আকার জর ছাড়ি লয়ে দৃঘিকার বল। বিশয় জরেতে লেগেছে জলিতে ঔশুধ ইহাতে এই হল ॥ এ জরে অরুচি হয় ইহার এই উপায়। রুচি করি জ্ঞান কর মধুপান শিবের বচন এই ছিল ॥ আনন্দের নিবেদন মনদিয়ে শুনমন। ভব নদী পার জদি হবে সার জ্ঞানকর হর জাবলিল ॥ বাগেশ্বরি তাল ঢিমা ইত্যাদি। ধুয়া ॥

তমেকা ভুবনে শ্বরি, সদা শীবে শুভঙ্করি, নিরানন্দে আনন্দ দাইনিঃ। মা। চিতেন ॥
নিশ্চাততং নিরাকারা, অজ্ঞান বোধে সাকারা, তত্ত্বজ্ঞানে চৈতন্য রূপিনী। মা। অন্তরা ॥
প্রণতে প্রসন্না ভব, ভিমতর ভবার্ণব, ভয়ে ভিত ভবানি-ভবানী। মা ॥ পর চিতেন ॥
কৃপাবলোকন করি, তরি বারে ভববারি, পদতরি দেহি গো তারিনী। মা ॥

খেউড় বেহাগ তাল আখড়াই ধুয়া। মনের যে সাধ ছিল মনেতে রহিল। দেওরাওরে চিতেন ॥
তোমার সাধনা করি সাধনা পুরিল। ঐ পড়েন। সাধিয়ে আপন কাজ, এখন বাড়িল লাজ,
ঐ অন্তরা। আমার গেল সে লাজ বিসাধ হইল ॥ ঐ প্রভাতি ললিত তাল আখড়াই ধুয়া ॥
ছিলনা মনেতে নিশা প্রভাত হইবে। ঐ চিতেন। অরুণ কিরনে হৃদি কমল দহিবে। ঐ অন্তরা ॥
করিয়ে অতি জতন, জদিবা হোল মিলন, ঐ পরচিতেন। চাহিয়ে কামিনী মগ্ন জামিনি ফিরবে ॥

বেহাগ তাল আখড়াই । ধূয়া ॥ পরমারাধিত দেব, দেব দেব মহাদেব, দেবা দেব মানব বন্দানি । মা । চিতেন ॥ পনবা অজপা অনাহত কর্ম্ম ভু তেজ মরুত চরাচর শৃজন কারিনী মা পড়েন ॥ নিরাকারা কারা তই, গুণাতিত গুণ মই, জ্ঞানরূপা গণেস জননি । মা ॥ অন্তরা ॥

খেঁউড় খাম্বাজ তাল আখড়াই । ধূয়া । হইবে অনেক সাধ ছিলহে মনেতে । দেওয়াওরে ।

চিতেন ॥ এখন সে রূপ ভাব নাপাই দেখিতে ॥ ঐ অন্তরা ॥ মন মত তব মন জানিযে শুপোছ মন । প্রাণ । পর চিতেন ॥ সেমন এমন হয় খেদহে ইহাতে ॥ দেওরাওরে ॥

ভৈরব তাল আখড়াই ॥ ধূয়া ॥ শুখে দুখ দিয়ে নিসী প্রভাত হইল । ঐ চিতেন ॥ অরুণ উদয়ে দহে হৃদয় কমল ॥ ঐ পড়েন ॥ কামিনী মুখনা চায়ে, জামিনী শশীকে লয়ে ।

দেওরাওরে । অন্তরা । দেখিতে দেখিতে দেখ গমন করিল ॥

কামদ তাল আখড়াই ॥ ধূয়া ॥ অপার মহিমাতব, উপমাকেমনে দিব, নিরুপমা ত্রীকাল বর্ত্তিনী । মা । চিতেন ॥ জক্ষ রক্ষ শুরাশুর, গন্ধর্ব নর কিন্নর চরাচর সর্ব্ব সচেতনি মা । পড়েন ॥ প্রিকৃতি চতুর্ব্বিংসতি, ভূতাশ্রমে অবস্থিতি, মন জথা নিওগ আপনি । মা । অন্তরা ॥

এমন দুর্গমে পার, তরিবারে সক্তিকার, নগরাজ হল কমলিনি । মা ॥

খেঁউড় বেহাগ তালআখড়াই । ধূয়া ॥ সাধের পিরিতি শুখে দুখ পাছে হয় । দেওরাওরে ॥ চিতেন ॥ তুমিহে চঞ্চল অতি, সদা ওই ভয় ॥ দেওরাওরে ॥ অন্তরা ॥ গোপনে জতেক শুখ প্রকাসে ততো অ ওথ । দে ওয়াওরে । পর চিতেন । ননোদি দেখিলে পরে, প্রণয় কিরয় ॥

